




ত্রিপুরার প্রথম দৈনিক

# জাগরণ

THE FIRST DAILY OF TRIPURA

গৌরবের ৬৯ তম বছর

অনলাইন সংস্করণ ঃ www.jagarandaily.com








JAGARAN ■ 13 June, 2023 ■ আগরতলা ১৩ জুন, ২০২৩ ইং ■ ২৯ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ, মঙ্গলবার ■ RNI Regn. No. RN 731/57 ■ Founder : J.C.Paul ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা




রাজধানী আগরতলায় স্কুল পড়ুয়াদের নিয়ে নিপুন ত্রিপুরা র‍্যালী অনুষ্ঠিত হয়েছে সোমবার। ছবি নিজস্ব।

## ইন্টারলোকেটর নিয়োগের প্রতিশ্রুতিদাতারা কোথায় প্রশ্ন হতাশাচ্ছন্ন প্রদ্যোতের

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১২ জুন।।** শেষ পর্যন্ত দলীয় চাপ থেকে নিজেকে মুক্ত করতে গ্রেটার তিপ্রালান্ডের ইস্যু নিয়ে শাসক দল বিজেপির উপর কামান দাগালেন ত্রিপ্রা মথার সুপ্রিমো প্রদ্যোত কিশোর দেববর্মন। আজ ফেসবুক তিনি সম্প্রতি বিজেপি নেতার আক্রমণের পরিপ্রেক্ষিতে কিছু পাল্টা প্রশ্ন ছুড়ে দিলেন। তিনি বলেন কতিপয় বিজেপি নেতা যারা আমাদের বিদ্রুপ করে জিজ্ঞেস করেন কোথায় গেল গ্রেটার তিপ্রালান্ড? তাদের উদ্দেশ্যে তিনি কিছু প্রশ্ন রাখলেন। কোথায় গেল ভিলেজ কাউন্সিল নির্বাচন? এডিসির উন্নয়ন কোথায় ? ২০১৮ থেকে সমস্ত বিএসি চেয়ারম্যান বসে রয়েছেন। এডিসির জন্য কোথায় অর্থ বরাদ্দ? জনজাতিদের উন্নয়ন নিয়ে কেন্দ্রীয় সরকারের ভূমিকা কি? বিজেপি মেনুফেস্টুতে এডিসির অধিক স্বায়ত্তশাসনের কথা বলা হলোও তা কি হলো? ইন্টারলোকেটর বা মধ্যস্থতাকারী নিয়োগের বিষয়টি যাদের দায়িত্বে যারা প্রতিশ্রুতি দিয়েছিলেন তারা এখন কোথায়? এই বিষয়গুলি সম্পর্কে আমাকে জিজ্ঞেস না করে কেন আপনারা কেন্দ্রীয় নেতৃত্বকে জিজ্ঞেস করছেন না প্রশ্ন তাঁর।

তিনি এও বলেন দেশের রাষ্ট্রপতি একজন জনজাতি সম্প্রদায়ের। আমরা আনন্দিত এই কারণ তিনি তিপ্রাসা লোকজনদের স্বার্থে কিছু সাহায্য সহযোগিতা করবেন এই প্রত্যাশাও ছিল। তিনি জোড়ের সঙ্গে বলেন বলেন প্রত্যেক তিপ্রাসাদের মধ্যে গ্রেটার তিপ্রালান্ড এখনো জীবিত। এই নিয়ে আমাদের বিদ্রুপ করছেন ঠিকই পরোক্ষ ভাবে তিপাসাদের উচ্চাকাঙ্ক্ষা ও স্বপ্নকে অপমানিত করছেন। স্বাধীনতার ৭৫ বছর পরও যারা ক্ষমতায়নের চেষ্টা করছে তাদের অনুভূতি হওয়া প্রয়োজন তিপাসাদের জন্য তারা কি কাজ করেছেন? এই সমস্ত প্রশ্ন গুলো রাখার পেছনে যে বড় ধরনের রাজনৈতিক উদ্দেশ্য রয়েছে তা নিয়ে এখন গোটা রাজ্যেই চর্চিত হচ্ছে। কেননা সম্প্রতি খুমুলুংএ বিজেপি আইপিএফটির জনজাতি যুব সমাবেশে শাসক দলের শীর্ষ নেতৃত্বের বক্তব্যের রেশ ধরেই এই মন্তব্য করতে বাধ্য হলেন মথার সুপ্রিম ও প্রদ্যুৎ। এমনটাই মনে করছে তথ্য বিজ্ঞ মহল।

তবে তার আগে তিনি তার ফেসবুকে একথাও স্পষ্ট করেছিলেন সব বিষয়েই তিনি মন্তব্য করতে পছন্দ করেন না। অর্থাৎ বিজেপি নেতাদের সব কথার উত্তর দিতে তিনি বাধ্য নন। তার কথা বলা একটা স্তর রয়েছে। কিন্তু দেখা গেল এই নিয়ে দলের মধ্যে যখন চাপানোত্তর শুরু হয়েছে ঠিক তার চব্বিশ ঘন্টা কাটতে না কাটতেই মাথার সুপ্রিমোর ছয় প্রশ্নের উত্তর রাজনৈতিক মহলকে সরগরম করে তুলেছে। জনসভা থেকে প্রদ্যুৎ এর নিকট ☞ ৬ এর পাতায় দেখুন

## ত্রিপুরা জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষার ফলাফল প্রকাশ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১২ জুন।।** ত্রিপুরা জয়েন্ট এন্ট্রান্স ২০২৩ পরীক্ষার ফলাফল প্রকাশিত হয়েছে। আজ ত্রিপুরা জয়েন্ট এন্ট্রান্স বোর্ডের পক্ষ থেকে সাংবাদিক সম্মেলনে করে এই সংবাদ জানালেন চেয়ারম্যান ডা: রাজা চক্রবর্তী।

এদিন তিনি বলেন, ত্রিপুরা জয়েন্ট এন্টান্স পরীক্ষা ২৫ এপ্রিল থেকে শুরু হয়েছিল। ত্রিপুরার ১৫টি কেন্দ্রে পরীক্ষা হয়েছিল। এবছর মোট পরীক্ষার্থীর সংখ্যা ছিল ৫৬৩৬ জন। আজ তিনটি বোর্ডের তিনটি ওয়েবসাইটে ফলাফল প্রকাশিত হয়েছে।

তিনি আরও বলেন, এবছর পি সি এম গ্রুপে মোট পরীক্ষার্থী ছিল ২৬০৬ জন। এর মধ্যে ছাত্র সংখ্যা ১৪৬১ জন এবং ছাত্রী ছিল ১১৪৫ জন। অন্যদিকে পি সি বি গ্রুপে মোট পরীক্ষার্থী ছিল ৪৬৮৯ জন। এর মধ্যে ছাত্র ৩১৯৮ জন এবং ছাত্রী ১৪৮১ জন ছিল।

তিনি জানান, পি সি এম গ্রুপে প্রথম হয়েছেন দ্বীপায়ন কর্মকার (রোল নম্বর ৩২৯৬), দ্বিতীয় আয়ুষ্মান সাহা (রোল নং ৩৪২৬) এবং তৃতীয় হয়েছেন উদয় সাহা (রোল নং ২৯২৪)। অন্যদিকে, পি সি বি গ্রুপে প্রথম হয়েছেন রাজদীপা সূত্রধর( রোল নং ১৮৬৫), দ্বিতীয় আয়ুষ্মিতা দাস(রোল নং ০৭৬৬) এবং তৃতীয় হয়েছেন মারী দেববর্মা(রোল নং ১৬০১)।

## মুখ্যমন্ত্রী দিল্লী গেলেন

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১২ জুন।।** বিপর্যয় ব্যবস্থাপনা বৈঠকে অংশ নিতে সোমবার দিল্লী গেলেন মুখ্যমন্ত্রী ডাঃ মানিক সাহা। এদিকে মুখ্যমন্ত্রী আরো জানান মঙ্গলবারই প্রধানমন্ত্রীর সঙ্গে বৈঠকের সময় ধার্য হয়েছে। ১৩ জুন কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহের পৌরহিত্যে ডিজাস্টার ম্যানেজম্যান্টের উপর বৈঠক অনুষ্ঠিত হবে। তাতে বিভিন্ন রাজ্যের মুখ্যমন্ত্রীরা অংশ নেবেন। সেই বৈঠকে অংশ নেবেন মুখ্যমন্ত্রী। বর্তমানে এই দপ্তরটি তাঁর অধীনে রয়েছে।

বিপর্যয় মোকাবিলা নিয়ে রাজ্যের বিভিন্ন দিক তুলে ধরবেন মুখ্যমন্ত্রী। ☞ ৬ এর পাতায় দেখুন

## নিপুন ত্রিপুরা, আগরতলায় স্কুল পড়ুয়াদের নিয়ে র‍্যালী

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১২ জুন।।** পশ্চিম জেলার শিক্ষা দপ্তরের উদ্যোগে আগরতলার সাতটি স্কুল নিয়ে নিপুন ত্রিপুরার রেলি অনুষ্ঠিত হয় সোমবার সকালে। ছাত্র-ছাত্রীদের গাণিতিক ও ভাষাগত দিক দিয়ে আরও বলিষ্ঠ করার লক্ষ্যে রাজ্যেও শিক্ষা দপ্তরের উদ্যোগে নিপুন ত্রিপুরার রেলি অনুষ্ঠিত হয়।

এই কর্মসূচির অঙ্গ হিসেবে পশ্চিম ত্রিপুরা জেলা শিক্ষা দপ্তরের উদ্যোগে সদর এলাকার সাতটি স্কুলের ছাত্র-ছাত্রীদের নিয়ে সোমবার সকালে আগরতলা শহরে এক বর্ণাঢ্য রেলি সংগঠিত করা হয়। রেলির আনুষ্ঠানিক সূচনা করেন আগরতলা পুরো নিগমের মেয়র দীপক মজুমদার। শিক্ষা অধি কর্তা সহ দপ্তরের অন্যান্য কর্মকর্তা এবং শিক্ষক শিক্ষিকাগণ উপস্থিত ছিলেন। সুজ্জিত রেল ☞ ৬ এর পাতায় দেখুন

## অনাবৃষ্টিতে আউস ফসলের অনেক ক্ষতি হয়েছে ঃ কৃষিমন্ত্রী

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১২ জুন।।** অনাবৃষ্টির কারণে আউস ফসলের অনেক ক্ষতি হয়েছে। আজ প্রজ্ঞা ভবনে কৃষি ও কৃষক কল্যাণ দপ্তর এবং উদ্যান ও মৃত্তিকা সংরক্ষণ দপ্তরের যৌথ পর্যালোচনা বৈঠকে এমনটাই দাবি করলেন কৃষিমন্ত্রী রতন লাল নাথ।

এদিন তিনি বলেন, এই বৈঠকে কাজের গুনগত মান এবং আগামীদিনের কর্মসূচি নিয়ে আলোচনা হয়েছে। এই বৈঠকের মূল উদ্দেশ্যই দীর্ঘ অনাবৃষ্টির কারণে আউস ফসলে টান ধরার পরেও কিভাবে অতিরিক্ত ফলনে কৃষকদের সহায়তা করা যায়। তাছাড়া ধান, দানাশস্য, সব্জি এবং ফল উৎপাদন নিয়েও বৈঠকে আলোচনা করা হয়েছে।

তিনি আরও বলেন, এদিনের বৈঠকে শহরাঞ্চলে কিভাবে কম জমিতে বিশেষ করে ছাদের উপরে সব্জি ☞ ৬ এর পাতায় দেখুন

## বিধানসভার সমস্ত কাজকর্ম হবে পেপারলেস ঃ মুখ্যমন্ত্রী

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১২ জুন।।** ডিজিটাল যুগে পা দিল ত্রিপুরা বিধানসভা। বিধানসভার সমস্ত কাজকর্ম হবে পেপারলেস। সোমবার ত্রিপুরা বিধানসভা ভবনে ন্যাশনাল ই-বিধানসভা এপ্লিকেশন বা নেভা বিষয়ক ট্রেনিং প্রোগ্রামের অনুষ্ঠানে একথা বললেন মুখ্যমন্ত্রী অধ্যাপক (ডাঃ) মানিক সাহা।

এদিন মুখ্যমন্ত্রী ডা: মানিক সাহার হাত ধরে ন্যাশনাল ই---বিধানসভা এপ্লিকেশন বা নেভা বিষয়ক ট্রেনিং প্রোগ্রামের সূচনা হয়েছে। বিধানসভা মুখ্যমন্ত্রী, অধ্যক্ষ, বিরোধী দলনেতা সমেত প্রত্যেক সদস্যের হাতে ট্যাব তুলে দেওয়া হয়েছে।



এদিন মুখ্যমন্ত্রী বলেন, ভারত সরকার ডিজিটাল ইন্ডিয়া করার চিন্তাভাবনার পরিপেক্ষিতে আজ ত্রিপুরা বিধানসভায় তার আনুষ্ঠানিক কাজ শুরু হয়েছে। পাশাপাশি ই—বিধানসভার উপর সদস্যদের প্রশিক্ষণ কর্মসূচি শুরু হয়েছে। আজ থেকে ২৫ জুন পর্যন্ত চলবে প্রশিক্ষণ কর্মসূচি। সকাল ১০ টা থেকে শুরু করে বিকেল ৫টা পর্যন্ত প্রশিক্ষণ চলবে। বিধানসভার সংশ্লিষ্ট বিভাগের সঙ্গে আলোচনা ক্রমে বিধায়করা নিজেদের সুবিধামত সময়ে এসে এই প্রশিক্ষণ গ্রহণও করতে পারবেন।

তিনি আরও বলেন, ডিজিটাল ইন্ডিয়ার দিকে আরেক ধাপ এগোলো ত্রিপুরা বিধানসভা। আজকের ☞ ৬ এর পাতায় দেখুন

## স্কুলছাত্রকে বহিঃরাজ্যে আটকে রাখার অভিযোগ কম্পিউটার সংস্থার বিরুদ্ধে

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১২ জুন।।** ১৪ বছরের নাবালককে বহিরাজ্যে আটকে রাখার অভিযোগ এক কম্পিউটার সংস্থার বিরুদ্ধে। সোমবার বিশ্রামগঞ্জ থানায় এসে অভিযোগ করলেন নাবালক ছেলের পিতা উত্তম দাস এবং মা রেখা দত্ত দাস।সপ্তম শ্রেণি পড়ুয়া ১৪ বছরের এক নাবালক ছেলেকে বহি রাজ্যে আটকে রাখার অভিযোগ এক বেনামী কম্পিউটার সংস্থার বিরুদ্ধে।

সোমবার বিশ্রামগঞ্জ থানায় এসে অভিযোগ করলেন নাবালক ছেলের পিতা উত্তম দাস এবং মা রেখা দত্ত দাস। অত্যন্ত গরিব এই পরিবারটি। ছেলেটির পিতা উত্তম দাস কাঠমিস্ত্রি কাজ করে সংসার প্রতি পালন করেন। একটি মাত্র সন্তান তাদের। ছেলেটির নাম প্রীতম দাস। ছেলেটি সপ্তম শ্রেণী পাশ করে চেচুড়ী মাই হাই স্কুলে অষ্টম শ্রেণীতে ভর্তি হয়েছিল। এরই ☞ ৬ এর পাতায় দেখুন

## অত্যাচার সহ্য করতে না পেরে আত্মঘাতী গৃহবধূ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১২ জুন।।** নেশায় আসক্ত স্বামীর নির্যাতন সহ্য করতে না পেরে আত্মঘাতী স্ত্রী। ঘটনা মোহনপুরের রাঙ্গুটিয়া এলাকায়। রবিবার চিকিৎসাধীন অবস্থায় জিবি হাসপাতালে মৃত্যু হয় অগ্নিদগ্ধ গৃহবধূ স্বপ্না সরকারের। সোমবার ময়নাতদন্তের পর পরিবারের হাতে তুলে দেওয়া হয় মৃতদেহ। জানা যায় ২৪ বছর আগে বিশু সরকারের সাথে বিয়ে হয় স্বপ্না সরকারের।

সামাজিক ভাবেই তাদের বিয়ে দেওয়া হয়। বিয়ের কিছু বছর ভাল চললেও গত ১৪ বছর যাবত স্ত্রীর উপর অকথ্য নির্যাতন চালাত স্বামী বিশু সরকার। পেশায় দৈনিক শ্রমিক প্রায়শই মদমত্ত অবস্থায় বাড়ি ফিরে স্ত্রীকে মারধোর করত। এদিকে স্বামীর চাহিদা মত সমস্ত কিছু দেয় শ্বশুরবারির লোকেরা। কিন্তু তাতেও আশ মেটেনি। নির্যাতনের মাত্রা বারলে বাপের বাড়িতে চলে যেত স্বপ্না।

পরে স্বামী ক্ষমা চেয়ে আবার ফিরিয়ে আনতেন। এদিকে গত ৯ জুন নির্যাতনের মাত্রা বাড়লে গায়ে আগুন লাগিয়ে আত্মহত্যার চেষ্টা করে স্বপ্না। জিবিতে আনা হলে রবিবার মৃত্যু হয়। ঘটনাকে কেন্দ্র করে সংশ্লিষ্ট এলাকায় শোকের ছায়া নেমে এসেছে। অভিযুক্তদের বিরুদ্ধে কঠোর শাস্তির দাবী উঠেছে।

## অসাধু ব্যবসায়ীদের বিরুদ্ধে মহারাজগঞ্জ বাজারে অভিযান



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১২ জুন।।** সোমবার রাজধানীর মহারাজগঞ্জ বাজারে অসাধু ব্যবসায়ীদের বিরুদ্ধে অভিযান চালায় সদর মহকুমা প্রশাসন ও খাদ্য দপ্তর।

জানা যায় মহারাজগঞ্জ বাজারে বহু ব্যবসায়ী খুচরো ব্যবসায়ীদের কাছে সামগ্রী বিক্রয় করে পাকা বিল না দিয়ে। তা বন্ধ করার উদ্যোগ নেয় খাদ্য দপ্তর। তাই বিষয়টি সরজমিনে খতিয়ে দেখতে সোমবার অভিযান চালানো হয়। সদর মহকুমার ডিসিএম রণজিৎ কুমার দাস জানান রাজধানীর ছোট ছোট বাজার গুলিতে ব্যবসায়ীদের সচেতন করার সময় ওনারা জানতে পারেন মহারাজগঞ্জ বাজারের ব্যবসায়ীদের কাছ থেকে বিভিন্ন সামগ্রী ক্রয় করলে অনেক সময় পাকা বিল প্রদান করা হয় না। যা সম্পূর্ণ অবৈধ।

তাই এইদিন সদর মহকুমা প্রশাসন ও খাদ্য দপ্তরের আধিকারিকরা যৌথ ভাবে মহারাজগঞ্জ বাজারে অভিযান চালায়। তিনি আরও জানান এইদিন ওনারা অভিযোগের সত্যতা পেয়েছেন।

## একাধিক দাবিতে জিবির সুপারকে নার্সদের ডেপুটেশন

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১২ জুন।।** চাকুরি নিয়মিতকরণ করা এবং বকেয়া বেতন প্রদানের দাবিতে জি বি হাসপাতালের মেডিকেল সুপারের নিকট চুক্তিভিত্তিক স্টাফ নার্সরা ডেপুটেশনে মিলিত হয়েছেন।

জনৈক নার্সের অভিযোগ, করোনাকালে ত্রিপুরা সরকার ১৬০ জন স্টাফ নার্সদের কুড়ি হাজার টাকার বিনিময়ে নিয়োগ করেছিল। পরবর্তী সময়ে সরকার তাঁদের চাকুরির মেয়াদ তিন মাসের জন্য বৃদ্ধি করেছে। কিন্তু তিন মাসের বকেয়া টাকা প্রদান না করে আরও দুই মাসের জন্য চাকুরির মেয়াদ বৃদ্ধি করার সিদ্ধান্ত নিয়েছে সরকার। তাই তারা আজ সকালে জি বি হাসপাতালে মেডিকেল সুপারের নিকট ডেপুটেশন মিলিত হয়েছেন। তাঁদের দাবি, বকেয়া টাকা প্রদান করে চাকুরির মেয়াদ বৃদ্ধি করা হোক। তাঁদের আরও অভিযোগ, মাত্র এক দুই মাসের নিয়োগের ফলে তাঁরা ভবিষ্যৎ নিয়ে অনিশ্চয়তায় ☞ ৬ এর পাতায় দেখুন

## শান্তিরবাজারে নাশকতার আগুনে পুড়ল গাড়ি

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১২ জুন।।** নাশকতার আগুনে পুড়ে ছাই হল গাড়ি। রাতের অন্ধকারে বগাফা স্কুল সংলগ্ন এলাকায় দুষ্কৃতীকারিরা সিধাই মোহনপুরের বাসিন্দা বুদ্ধরায় দেববর্মার গাড়ি পুড়িয়ে দিয়েছে। ওই ঘটনায় শান্তিরবাজার থানায় মামলা দায়ের করা হয়েছে।

বুদ্ধরায় বাবু জানিয়েছেন, বগাফা স্কুল সংলগ্ন এলাকায় মেয়ের বাড়িতে বেড়াতে এসেছিলেন তিনি। তাঁর মেয়ে বগাফা দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের শিক্ষিকা। বাড়ির পাশেই তিনি টিআর০১এডব্লিউ০৬৭৩ নম্বরের গাড়িটি রেখেছিলেন। রবিবার গভীর রাতে দুষ্কৃতীকারিরা ওই গাড়িতে আগুন লাগিয়ে দিয়েছে। তাতে, গাড়িটি পুড়ে ছাই হয়ে গেছে।

খবর পেয়ে শান্তিরবাজার থানার পুলিশ ঘটনাস্থলে ছুটে এসেছে। বুদ্ধরায় বাবু ওই ঘটনায় থানায় মামলা করেছেন। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে।

## সংরক্ষিত বনাঞ্চলের মনটাংভ্যালীতে ব্যক্তিগত রিসোর্ট গড়ে তেলায় এমডিসি কমল কলইকে বন দপ্তরের নোটিশ

**নিজস্ব প্রতিনিধি, তেলিয়ামুড়া, ১২ জুন।।** মনটাংভ্যালিতে বনদপ্তরের জায়গা দখল করে ব্যক্তিগত রিসোর্ট পয়েন্ট বানিয়ে এবার বেকায়দায় পরতে পারে এমডিসি কমল কলই! বনদপ্তর সূত্রে খবর, অবৈধভাবে বনদপ্তরের জায়গা দখল করে নির্মাণ কাজ অব্যাহত রাখায় এবার বেকায়দায় পড়তে পারে ত্রিপুরা স্ব-শাসিত জেলা পরিষদের স্বাস্থ্য দপ্তরের ই.এম তথা এমডিসি কমল কলই। গোটা ঘটনার পরিপ্রেক্ষিতে গত শনিবার সকালেই কমল কলই -এর কাছে নোটিশ পৌঁছে গেছে বলে সূত্র মারফত জানা গেছে।



ঘটনার বিবরণে জানা গেছে, তেলিয়ামুড়া মহকুমার মুঙ্গিয়াকামি আর.ডি ব্লক এলাকার নোনাছড়া এডিসি ভিলেজের মনটাং এ বনদপ্তরের জায়গা দখল করে বন আইনকে লংঘন করে ই.এম. কমল কলই ব্যক্তিগত উদ্যোগে রিসোর্ট বানিয়ে চলেছেন, ইতিমধ্যে একাধিক ঘরও সেখানে নির্মাণ করা হয়েছে, অভিযোগ উঠছে অবৈধভাবে গাছ কাটারও। বনদপ্তর সূত্রে জানা গেছে, ইন্ডিয়ান ফরেস্ট এ্যাক্ট ১৯২৭ এবং ফরেস্ট কনজারভেটিভ একএক্ট ১৯৮০ আইন সম্পূর্ণভাবে ভঙ্গ করা হয়েছে। আগামী বুধবার কমল কলই”কে জবাবদিহি করতে সময়ও দেওয়া হয়েছে বলে জানা গেছে।

উল্লেখ্য, নোনাছড়া এডিসি ভিলেজ আঠারোমুড়া রেঞ্জে অবস্থিত। চাকমাঘাট থেকে প্রায় ১৭ কিলোমিটার দূরের প্রজা বাহাদুর মলসুম, দত্ত মলসুম পাড়া, মনটাং ভেলির প্রাকৃতিক নৈসর্গিক দৃশ্য ইতিমধ্যেই রাজ্যের পর্যটকদের আকর্ষণের কেন্দ্রবিন্দুতে রয়েছে। এই এলাকাগুলোর প্রাকৃতিক সৌন্দর্য উপভোগ করতে রোজই বহু পর্যটক এখানে ছুটে আসছে। ভোরের ☞ ৬ এর পাতায় দেখুন

## কোটি টাকার নেশা সামগ্রী সহ আটক বহিঃরাজ্যের গাড়ি চালক

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১২ জুন।।** নেশা মুক্ত ত্রিপুরা গঠনে বড়সড় সাফল্য পেয়েছে চুরাইবাড়ি থানার পুলিশ। গোপন সূত্রের খবরের ভিত্তিতে অসম থেকে আগরতলাগামী ময়দা বোঝাই লরি থেকে তল্লাশি চালিয়ে ৮৪ কার্টুন বেআইনি এসকফ উদ্ধার করা সম্ভব হয়েছে বলে জানিয়েছেন উত্তর ত্রিপুরা পুলিশ সুপার ভানুপদ চক্রবর্তী। সাথে বহিঃরাজ্যের গাড়ি চালককে আটক করা হয়েছে। বাজেয়াপ্ত এসকফের বাজার মূল্য আনুমানিক এক কোটি পয়ত্রিশ লক্ষাধিক টাকা হবে বলে জানিয়েছেন তিনি।

পুলিশ সুপার ভানুপদ চক্রবর্তী জানিয়েছেন, চুরাইবাড়ি থানায় গোয়েন্দা সূত্রে খবর আসে ময়দা বোঝাই লরি করে বিপুল পরিমাণ নেশা সামগ্রী ত্রিপুরায় প্রবেশ করবে। সেই খবরের ভিত্তিতে রবিবার রাত আনুমানিক ১টা নাগাদ চুরাইবাড়ি নাকা পয়েন্টে উৎ পেতে বসে থাকে পুলিশ। সেই সময় অসম থেকে আগরতলাগামী জেএইস০৭এল৯৮৭৩ নম্বরের ১২ চাকার লরিকে আটক করে তল্লাশি চালানো হয়েছিল। গাড়িতে ☞ ৬ এর পাতায় দেখুন

জাগরণ আগরতলা ◻ বর্ষ-৬৯ ◻ সংখ্যা ২৩৯ ◻ ১৩ জুন ২০২৩ইং ◻ ২৯ জ্যৈষ্ঠ ◻ মঙ্গলবার ◻ ১৪২৯ বঙ্গাব্দ

## ন্যায্য সহায়ক মূল্যের দাবি !

সরকার সহায়ক মূল্যে ধান গম ক্রয় করিবার সিদ্ধান্ত গ্রহণ করিলেও দ্রব্যমূল্যের সঙ্গে সামঞ্জস্য বজায় রাখিয়া দান-গম ইত্যাদি ক্রয়ের ক্ষেত্রে মূল্য নির্ধারণ করিতেছে না। ফলে জটিল সমস্যার সম্মুখীন হইতেছে কৃষকরা। কেননা প্রতিনিয়ত উৎপাদন ব্যয় বাড়িতেছে। উৎপাদন ব্যয় বৃদ্ধির সঙ্গে সামঞ্জস্য বজায় রাখিয়া সহায়ক মূল্য প্রতিবছর বৃদ্ধি না করিলে সরকারের প্রয়াস কার্যত ব্যর্থতায় পর্যবেষিত হইবে। দেশের বিভিন্ন রাজ্যের কৃষকরা বারবার এই দাবি জানাইয়া আসিতেছেন। কিন্তু কে শুনে কাহার কথা? ফলে কৃষকরা আর্থিক দিক দিয়া ক্ষতির সম্মুখীন হইতেছে। কৃষকদের আয় দ্বিগুণ করিবার প্রয়াস কার্যত ফলপ্রসূ হইতেছে না। কৃষকরা অন্নদাতা। তাহাদের সমস্যা সমাধানের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ না করিলে বাস্তব সমস্যার সমাধান কোনদিনই সম্ভব হইবে না। সেই কারণেই কৃষকদের মধ্যে ক্ষোভ বিক্ষোভ দানা বাধিতে শুরু করিয়াছে। ইতিমধ্যেই ইহার বহিঃপ্রকাশ ঘটিতেও শুরু করিয়াছে। সাম্প্রতিক কালে

ফসলের ন্যায্য সহায়ক মূল্যের দাবিতে হরিয়ানার বিজেপি সরকারের উপর চাপ বৃদ্ধি করিলেন কৃষকেরা। তাঁহাদের একাংশ চণ্ডীগড়, দিল্লি জাতীয় সড়ক অবরোধ করেন। ট্র্যাক্টর দাঁড় করাইয়া দিয়া সড়কের যান চলাচল বন্ধ করিয়া দেওয়া হয়। প্রশাসনের তরফে দিল্লিমুখী গাড়িগুলিকে বিকল্প পথে ঘুরাইয়া দেওয়া হয়। বিক্ষোভকারী কৃষকদের বক্তব্য, সরকারের প্রতিশ্রুতি সত্ত্বেও দাবিপূরণ না হওয়ায় তাঁহারা কুরুক্ষেত্র জেলার পিপলি গ্রামে মহাপঞ্চায়েতের ডাক দিয়াছেন। এই মহাপঞ্চায়েতে যোগ দিয়াছেন কুস্তিগির সাক্ষী মালিক, কৃষক নেতা রাকেশ টিকায়েত এবং পঞ্জাব, হরিয়ানা, উত্তরপ্রদেশের অন্যান্য কৃষক সংগঠনের নেতারা।

কৃষকদের অভিযোগ, সূর্যমুখী বীজ চাষ করিয়া তাঁহাদের লোকসান হইয়াছে। কারণ সরকার এ ক্ষেত্রে ন্যায্য সহায়ক মূল্য দিতেছে না। মহাপঞ্চায়েত থেকে কৃষক নেতারা স্লোগান দেন, “এমএসপি দাও, কৃষক বাঁচাও।” হরিয়ানার মুখ্যমন্ত্রী মনোহরলাল খট্টর সারা রাজ্যের সূর্যমুখী চাষিদের জন্য ২৯.১৩ কোটি টাকা বরাদ্দ করেন। সেখানে ৩৬, ৪১৪ একর জমিতে সূর্যমুখীর চাষ হয়। গত বছরই হরিয়ানার বিজেপি সরকার জানাইয়াছিল, ন্যায্য সহায়ক মূল্যের কমে সূর্যমুখী চাষিরা তাঁহাদের ফসল বিক্রি করিলে সরকার ক্ষতিপূরণ দিবে। সে ক্ষেত্রে প্রতি কুইন্টাল ফসলে ১ হাজার টাকা ক্ষতিপূরণ পাইবেন কৃষকরা।কৃষকদের অবশ্য দাবি, ন্যূনতম সহায়ক মূল্য হিসাবে ৬, ৪০০ টাকায় সূর্যমূখী বীজ কিনিতে

হইবে সরকারকে। জাতীয় সড়ক অবরোধ করিবার জন্য বেশ কয়েকজন কৃষককে গ্রেফতার করা

হইয়াছে। সম্প্রতি মুখ্যমন্ত্রী খট্টরও কৃষকদের একাংশের বিরুদ্ধে রাজনীতি করিবার অভিযোগ তুলিয়াছিলেন। সর্বভারতীয় কুস্তি সংস্থার প্রধান ব্রিজভূষণ শরণ সিংহের বিরুদ্ধে যৌন হেনস্থার অভিযোগ তুলিয়া দেশের কৃতী কুস্তিগিরেরা যে প্রতিবাদ-আন্দোলন করিয়াছেন, একাধিক কৃষক সংগঠনকে তাহার পাশে দাঁড়াইতে দেখা গিয়াছে। কৃষক সংগঠনগুলির এই ‘সক্রিয়তা’ হরিয়ানার বিজেপি সরকারকে চাপে রাখিবে বলিয়াই মনে করিতেছেন অনেকে। কৃষকদের উৎপাদিত ফসল ক্রয়ের ক্ষেত্রে সামঞ্জস্য বজায় রাখিয়া সহায়ক মূল্য বৃদ্ধি না করিলে কৃষক আন্দোলনের মুখে পড়িতে হইবে সরকার ও দেশকে। ইহা কোনভাবেই কাম্য হইতে পারে না। সরকারকে এই বিষয়ে সময়োপযোগী পদক্ষেপ গ্রহণ করা বাঞ্ছনীয়।

## পাহাড়ের নতুন সমীকরণ নিয়ে প্রতিক্রিয়া দিলীপের

কলকাতা, ১২ জুন (হি স)। পঞ্চায়েত ভোটে পাহাড়ের নতুন সমীকরণ নিয়ে প্রতিক্রিয়া জানালেন বিজেপির সর্বভারতীয় সহ সভাপতি তথা সাংসদ দিলীপ ঘোষ।

সোমবার সকালে নিউটাউন ইকোপার্কে প্রাতঃভ্রমনে আসা দিলীপবাবুকে প্রশ্ন করলে সাংবাদিকদের বলেন, “পাহাড়ের মানুষ দীর্ঘদিন ধরে বিজেপির সঙ্গেই আছে। লোকসভায় বিধানসভায় আমাদের জিতিয়েছেন। এবার লোকাল বডি অর্থাৎ পঞ্চায়েত নির্বাচনেও আমাদেরই জেতাবেন।

দিলীপবাবু বলেন, “ওখানে যে যে পার্টিগুলো ছিল তারা মানুষের ইচ্ছাকে পূরণ করতে পারেনি। সেই জন্য ওখানে উন্নয়ন আটকে গেছে পাঁচ সাত বছর ধরে। তিন চার বছর ধরে আন্দোলন হয়েছে। ওখানকার মানুষ তৃণমূল কংগ্রেসের দিকে যাবে না। সিপিএম কংগ্রেস তো ছিলই না। অন্য যে লোকাল পার্টি গুলো ছিল তারা এখন বিজেপির সঙ্গে আসছে। আমরাও চাই সম্মিলিতভাবে একটা বোর্ড তৈরি হোক। এতদিন ধরে যে দুর্নীতি হয়েছে সেটা বন্ধ হোক। সাধারণ মানুষের যে উন্নয়ন আটকে আছে সেটা শুরু হোক।”

## প্রচারে এগিয়ে বিরোধীরা, দাবি দিলীপের

কলকাতা, ১২ জুন (হি স)। পঞ্চায়েত ভোটে প্রচারে এগিয়ে বিরোধীরা। সোমবার প্রশ্নের উত্তরে এই মন্তব্য করলেন বিজেপির সর্বভারতীয় সহ সভাপতি তথা সাংসদ দিলীপ ঘোষ।সোমবার সকালে নিউটাউন ইকোপার্কে প্রাতঃভ্রমনে এসে দিলীপবাবু বলেন, বিজেপি এগিয়ে আছে সবার থেকে। কারণ আমি আগেও বলেছি আমরা প্রস্তুত আছি। সব আসনে আমরা প্রার্থী দেব। আজ কাল পরশু সেই নমিনেশন হবে।তৃণমূল এখনো প্রার্থী তালিকা প্রস্তুত করতে পারেনি। একেক আসনে দুজন তিনজন করে মনোনয়ন জমা দেবে। তারপর কাকে পার্টি সিম্বল দেবে, সেই নিয়ে গুলি বন্দুক দিয়ে সমাধান হবে। দেখুন অপেক্ষা করুন কি হয়!”মালবাজারের গাজোলডোবায় বিজেপির প্রচারে না যাওয়ায় মারধর করা হয়েছে বলে অভিযোগ উঠেছে। এ প্রসঙ্গে দিলীপবাবু সংবাদমাধ্যমকে বলেন, “জানিনা। প্রচার তো এখনও শুরু হয়নি! নির্বাচনের কোথাও কিছু দেওয়ার লিখন না। এখন তো সবাই মনোনয়নে ব্যস্ত। তারপরে প্রচার হবে। ঘটনার সত্যতা আমার জানা নেই। তবে অন্যায় কেউ করে থাকলে তার বিচার হওয়া চাই।”

## কোচবিহারে হোস্টেলের ঘর থেকে ডাক্তারি পড়ুয়ার ঝুলন্ত দেহ উদ্ধার, মৃত্যুর কারণ নিয়ে ধোঁয়াশা

কোচবিহার, ১২ জুন (হি.স.): কোচবিহারে এমজেএন মেডিকেলের কলেজ ক্যাম্পাস থেকে প্রথম বর্ষের এক ডাক্তারি পড়ুয়ার ঝুলন্ত দেহ উদ্ধার হল। সোমবার গার্লস হোস্টেলের একটি বন্ধ ঘরে ঝুলন্ত অবস্থায় স্নিগ্ধা কুন্ডু (২৪) নামে ওই ডাক্তারি পড়ুয়ার দেহ উদ্ধার হয়।

কলেজের অধ্যক্ষ ডা: নির্মলকুমার মণ্ডল জানিয়েছেন, এদিন সকালে ওই ছাত্রীর দেহ উদ্ধার হয়। তাঁর বাড়ি পূর্ব বর্ধমানের ক্ষুদিরামপল্লি এলাকায়। তাঁর পরিবারকে খবর দেওয়া হয়েছে।

জানা গিয়েছে, কয়েকদিন আগে কলেজে নবীন বরণ উৎসব হয়। সেখানেও অংশ নিয়েছিলেন স্নিগ্ধা। এদিন কোতোয়ালি থানার পুলিশ গিয়ে দেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য হাসপাতালের মর্গে পাঠায়। অতিরিক্ত পুলিশ সুপার কুমার সানি রাজ জানিয়েছেন, প্রাথমিক তদন্তে পুলিশের ধারণা এটা আত্মহত্যা। তবে ঠিক কী কারণে এমন ঘটনা ঘটল, তা নিয়ে তদন্ত শুরু করেছে পুলিশ।

# চিরভাস্বর ভাস্কর

রামকিঙ্কর বেইজ (জন্মঃ- ২৫ মে, ১৯০৬ — মৃত্যুঃ- ২ অগস্ট, ১৯৮০) রামকিঙ্করের একটি ভাস্কর্য নিয়ে শান্তিনিকেতনে তুলকালাম। তাঁকে ডেকে পাঠিয়েছেন রবীন্দ্রনাথ। শেষ বিকেলের নরম আলোয় কোণার্ক বাড়ির বারান্দায় একলা বসে লিখছিলেন কবি। ঠিক তখনই কিঙ্কর এলেন।

‘কার মূর্তি গড়েছ কিঙ্কর?’

‘আমি ওটাকে জ্ঞান দিয়ে বুঝতে পারি নে। স্বপ্নের ঘোরের মধ্যে ওই মূর্তি আমার কাছে এসেছিল।’

‘সেই মূর্তির মধ্যে কি কোনও প্রাণী আছে?’

‘আছে। অথচ যেন নেই!’

গ্রীষ্মের ছুটি চলছিল শান্তিনিকেতনে, কিন্তু বাড়ি যাননি রামকিঙ্কর। তাঁর দিনমান কাটছিল নিভৃত শালবন, রোদ রাঙা শুনশান গোয়ালপাড়ার মেঠো আলপথ, মেথরপল্লির কল-কল্লোলে রঙ-তুলি-ক্যানভাস নিয়ে। মহার্ঘ্য সব রাত পেরিয়ে যায় অন্ধকারে, স্পর্শের নির্মাণে। আশ্রমে খোলা আকাশের নীচে, কংক্রিটের ঢালাইয়ে তেমন নির্মাণ দেখেই কিঙ্করের ব্যক্তিগত জীবন নিয়ে গুজবে মুখর শান্তিনিকেতন। এক ভোরে নিজে সেই ভাস্কর্য দেখে এলেন রবীন্দ্রনাথ।

কবির ডাক পেয়েই কিঙ্করের মনে হয়েছিল, এই বুঝি তাঁকে শান্তিনিকেতনের ছেড়ে যেতে হবে।

কানে বাজছে মাস্টারমশাই নন্দলালের কথা। ‘রাতের স্বপ্নগুলোকে মনে রেখো কিঙ্কর। ভুলে যেও না। তেমন হলে, স্বপ্ন ভেঙে গেলে, উঠে স্বপ্নের কথা লিখে রাখবে। কোনও স্বপ্নই ভুলে যেও না। স্বপ্নে ছবি আসে কিঙ্কর, প্রতিমা আসে। স্বপ্ন আঁকবে!’

রবীন্দ্রনাথ এবার ফিরে তাকালেন অন্যমনস্ক কিঙ্করের দিকে। বললেন, ‘একটি পাখি কি উড়ে যেতে চায় আকাশে? পাখা তার যেন সেইরকম তুলে দিয়েছে।’



কিঙ্করের চোখের পাতা ভিজে এল। তিনি মুখ তুললেন না। খুব আস্তে কেবল বললেন, ‘একটি মেয়ে পাখি হয়তো তার বুকের নীচেই আছে!’

কবি আর কিঙ্করের কথায় কথায় একসময় বিকেল ফুরিয়ে সন্ধে নামল। আকাশে সন্ধাতারা। দূরের হাওয়ায় ভেসে আসছে এস্রাজি পকড়। ছড় টেনে কেউ একমনে বাজিয়ে চলেছে কবির বাহারে গাঁথা ধামার, ‘এত আনন্দধ্বনি উঠিল কোথায়’। এর পরও কথা এগিয়েছিল দু’জনের। দুই শিল্পীর।

কী কথা?

বিশ্বভারতীর প্রাক্তনী সাগরময় ঘোষ লিখেছেন সেই কথালাপ, ‘রবীন্দ্রনাথ রামকিঙ্করকে ডেকে বললেন, শোন, কাছে আয়। তুই তোর মূর্তি আর ভাস্কর্য দিয়ে আমাদের সবখানে ভরে দে। একটা শেষ করবি আর সামনে এগিয়ে যাবি সামনে।’

এর পর আর কখনও ফিরে দেখেননি কিঙ্কর। হাওয়ার উজানে এগিয়েছেন তিনি। আর এগোতে গিয়েই নিয়ত তাঁকে দুঃখ-দহনে পুড়তে হয়েছে!

‘মাস্টারমশাই শ্রদ্ধেয় নন্দবাবু ছিলেন ভীষণ গোঁড়া। তিনি ছিলেন জ্যান্ত মডেল ব্যবহারের ঘোর বিরোধী। বলতেন ও-সব পশ্চিমে চলে। কিন্তু আমি তার উপদেশ মেনে চলিনি। মডেল ব্যবহার করেছি।’

নিজের মাস্টারমশাই সম্পর্কে শ্রদ্ধাশীল হয়েও এ কথা কিঙ্করই বলতে পারেন।

খুব অল্প বয়সেই রামকিঙ্কর মূর্তি গড়া শিখেছিলেন কুমোরপাড়ার অনন্তজ্যাঠাকে দেখে দেখে। দু’চার আনার বিনিময়ে নিষিদ্ধ পল্লির রমণীদের মূর্তি গড়তে গড়তেই তাঁর ভাস্কর্যের সহজপাঠ।

এই সময়ই স্বদেশি মেলায় তেল রঙে জাতীয় কংগ্রেসের পোস্টার এঁকেও হাত পাকিয়েছেন তিনি। শিল্পের প্রতি অপার নিষ্ঠার মনটি সেই তখনই তৈরি হয়ে গিয়েছিল।

১৯২৫-এ বাঁকুড়ার যোগীপাড়া থেকে ম্যাট্রিক না দিয়েই ‘প্রবাসী’ পত্রিকার সম্পাদক রামানন্দ চট্টোপাধ্যায়ের হাত ধরে শান্তিনিকেতন চলে এলেন কিঙ্কর। পিছনে পড়ে রইল বাঁকুড়ায় তাঁর বাল্যস্মৃতির গাঁ-ঘর, দারিদ্রে দীর্ণ পরিবার-পরিজন আর কাদামাটির কুমোরপাড়া।

শান্তিনিকেতনের কলাভবনে তাঁর কাজের নমুনা দেখে নন্দলাল প্রথম দিনই বললেন, ‘তুমি সবই জানো, আবার এখানে কেন?’ একটু ভেবে তারপর বলেন, ‘আচ্ছা, দু-তিন বছর থাকো তো।’

থেকে গেলেন কিঙ্কর। নাগাড়ে সাড়ে পাঁচ দশক শান্তিনিকেতনে কাটিয়ে মৃত্যুর কিছু দিন আগে এক সাক্ষাৎকারে বলেছিলেন, ‘সেই দু-তিন বছর আমার এখনও শেষ হল না!’

কলাভবনে কিঙ্করই প্রথম অয়েলে কাজ করেছেন। সে নিয়েও বিতর্কের শেষ ছিল না। প্রথমে আপত্তি করলেও পরে নন্দলাল মেনে নেন ছাত্রের যুক্তি। রামকিঙ্কর রঁদা, সেজান ও পরবর্তী কিউবিস্ট ছবির সঙ্গে পরিচিত ছিলেন। তাঁর কাজে কিউবিস্ট প্রভাব নিয়েও নন্দলালের সঙ্গে বিরোধ ছিল। সে বিরোধ মিটেও যায়।

রং-তুলি-কাঁকড়ে কাজ শিখতে শিখতে একদিন কলাভবনের পাঠ শেষ হল। শুরু করলেন স্বাধীনভাবে শিল্পের সাধনা। স্বপ্ন থেকে আসা সে সব সৃষ্টির উল্লাসে, মিশিয়ে দিলেন নিজের গোপন-গহন উল্লাস!

নিত্য ভাঙা-গড়ার খেলায় তাঁর সহজিয়া জীবন নিয়ে ক্রমশই জলঘোলা হল শান্তিনিকেতনে। তাঁর দরাজ গলার রবীন্দ্রনাথের গান শুনল না কেউ! বরং শান্তিনিকেতনী তর্ক তুলল তাঁর জীবনচর্য্যা নিয়ে। কিঙ্করের তখন ঘরে-বাইরে ‘জীবন্ত মানুষের নেশা’।

একবার, দিল্লি যাওয়ার পথে এক আদিবাসী রমণীর যৌবনের দুর্মর আহ্বানের কাছে নতজানু হয়ে তাঁর সঙ্গে নেমে গেলেন অজানা স্টেশনে। হারিয়ে গেলেন যেন। খবর নেই বহুকাল! হঠাৎ করে শান্তিনিকেতনে এসে পৌঁছল ঠিকানাবিহীন এক টেলিগ্রাম। তাতে কিঙ্কর জানালেন, ‘জ্জ নদ্রন্স্ঠ দ্বান্স্ত্রল্ল, ন্স্ত্রশুন্ত্বত্রান্স্ত্রল্ল.’

‘জীবনে অনেক মেয়ে এসেছে, এটা সত্যি। কেউ এসেছে দেহ নিয়ে, কেউ এসেছে মানসিক তীব্র আকর্ষণ নিয়ে। কিন্তু ছাড়িনি কাউকে। ধরেছি, আষ্টেপৃষ্ঠে ধরেছি। হজম করে ছিবড়ে করে ছেড়েছি। হজম করার মানে জানো? ও মন্ত্রটা আমার গুরুদেবের কাছে শেখা। তাঁর থেকে জন্ম নিয়েছে আমার অনেক ছবি, মূর্তি, অনেক কল্পনা, আর অনুভব।আমার মডেলরা আমার বহু স্কেচে, ছবিতে, মূর্তিতে, বেঁচে আছে। মডেলরা তো এভাবেই বেঁচে থাকে।’

নিজের সম্পর্কে নির্দ্বিধায় এমন করে আর কবে, কোন ভাস্করই বা অকপট হতে পেরেছেন! মডেলদের সঙ্গে রামকিঙ্করের সম্পর্ক নিয়ে নিত্য হাওয়ায় ছড়িয়েছে গসিপ।

তাঁর বিশ্বাস ছিল, ‘সব কিছুর মধ্যে যৌনতা আছে, যৌনতা ছাড়া সব কিছুই প্রাণহীন, ঊষর!’

সে সবের প্রসঙ্গ তুললে কখনও এড়িয়ে যাননি কিঙ্কর। কাল্পনিক নয়, মডেলদের সম্পর্কে তাঁর সে-সব সত্য-স্বীকার আর উক্তি সাতসেলাইয়ে জোড়া-তালি দিয়ে দেখে নেব এই পর্বে।

এক বার তাঁকে প্রশ্ন করা হল তাঁর মডেল বিনোদকে নিয়ে। তিনি উত্তর দেন, ‘বিনোদ, মানে বিনোদিনী? সে আমার ছাত্রী, মণিপুরী মেয়ে। একটু একটু করে শরীরের বাঁক, উপবাঁকের ভুবন চিনিয়েছিল ও-ই। আলো-অন্ধকারে ওকে ঘুরিয়েফিরিয়ে এঁকেছিলাম অনেক। এক দিন চলে গেল, মণিপুরি ভাষায় একটি নাটকও লিখেছে আমাকে নিয়ে।’

অসমের মেয়ে নীলিমা?

‘নীলিমা বড়ুয়া। নষ্ট হয়ে গেল ওর পোর্টেট। আঁকতে আঁকতে কত বার যে রঙ লেগেছে শরীর থেকে শরীরে সে সব কোথায় গেল! ভুল করেছি, তখন টাকার অভাবে ভাল রঙ কাজে লাগাতে পারিনি।’

মনে আছে এসথার জয়ন্তী জয়াপ্পাআস্বামীর কথা?

‘মনে থাকবে না কেন? সে তো দক্ষিণী ছাত্রী জয়া। খুব ছিপছিপে ছিল। জয়া নামটা আমারই দেওয়া। সুজাতা করেছিলাম ওকে মডেল করে।’

ভুবনডাঙার খাঁদু?

‘দীর্ঘাঙ্গী খাঁদু ফিরে ফিরে এসেছে আমার ভাঙা ঘরে। সুন্দর ছিল ওর ফিগার। প্রায়ই দুপুর দুপুর আমার একলা ঘরে এসে দাঁড়িয়ে থাকত দরজার চৌকাঠ ধরে। এক কাঁখে থাকত ছেলে। সে দুধ খেত মায়ের বুকের। যে ভাবেই দাঁড়াত শরীরে নৃত্যের ভঙ্গি। অজস্র স্কেচ করেছি ওর।’

আর রাধি?

‘ওই তো রইল শেষ পর্যন্ত আমার কাছে। ওর সঙ্গে মেশা নিয়ে অনেকে আপত্তি করেছিল। ডেকে পাঠিয়েছিলেন বিশ্বভারতীর কর্তারাও। তাও ওকে ছাড়িনি। ও ছাড়েনি আমাকেও। আসলে রাধারানীর সঙ্গে আমার জড়ামড়ি সম্পর্ক!’

‘রিয়ালিটির সবটাই কপি করতে নেই।’

এত ভাঙাচোরা, এত সম্ভোগের পরও এ কথা বলতেন স্বয়ং কিঙ্কর।

৫১ সালে চলে যাওয়া যাক। শিল্পী পূর্ণেন্দু পত্রী তখন কলকাতা আর্ট স্কুলের ছাত্র। শান্তিনিকেতন পৌষমেলায় গিয়ে তাঁর আলাপ হল তিন যুবকের সঙ্গে।

একটু পরেই যা গড়াবে মিত্রতায়। তাঁরা সাংবাদিক অমিতাভ চৌধুরী, অর্থনীতিবিদ অমর্ত্য সেন ও শুভময় ঘোষ। এঁদের মধ্যে অমিতাভ পূর্ণেন্দুর স্কেচবুকে রেখার ভুবন দেখে তাঁকে নিয়ে গেলেন রামকিঙ্করের কাছে।

‘কিঙ্করদা মানে রামকিঙ্কর? শান্তিনিকেতনের বাগানে যার ওইসব দুর্ধর্ষ মূর্তি? সর্বনাশ! অত বড় শিল্পীর কাছে টেনে নিয়ে যাচ্ছ কেন?’

‘মানুষটাকে আগে দেখো, তারপর বুঝতে পারবে কেন নিয়ে যাচ্ছি।’

কেমন দেখলেন পূর্ণেন্দু রামকিঙ্করের ভূমণ্ডল?

ছাত্র শঙ্খ চৌধুরীর ছেড়ে দেওয়া রতনপল্লির মাটির বাড়িতে তখন উলঢাল রামকিঙ্করের ঘর-দুয়ার। পূর্ণেন্দু লিখছেন, ‘কুঁড়েঘরের মতো একটা ঘর। ভিতরে একটা চৌকি। চৌকির উপর অতি সাধারণ বিছানা। দেয়ালে দেয়ালে ঠেসান-দিয়ে-রাখা দরজা-সমান অয়েল পেন্টিং। এদিকে সেদিকে ভাস্কর্যের টুকরো-টাকরা। জনৈকা স্বাস্থ্যবতী যুবতীর মুখ। এইভাবে ঘুরতে ঘুরতে চোখটা চলে গেল চৌকির নীচেয়। সেখানে মেঝের উপর ডাঁই হয়ে পড়ে রয়েছে হাজার খানেক কিংবা তারও বেশী চিঠিপত্র, খাম-পোস্টকার্ড-পার্সেল-প্যাকেট সব মিলিয়ে। মনে হল, অনেক চিঠির গায়ে প্রাপকের হাতের ছোঁয়াটুকুও পড়েনি এখনও।’

আর মানুষটা?

‘কালো পাথরের একটি জীবন্ত ভাস্কর্য। খালি পা। পরনে আধময়লা লুঙ্গি কিংবা খাটো-ঝুলের পাজামা, যে রকমের পাজামা পরে টোকা মাথায় নন্দলাল হেঁটে যান শালবীথির ছায়ায়। শক্ত চোয়াল। সামনে এগিয়ে আসা ঠোঁট। পেশীবহুল আঁটসাট শরীর। চোখ দুটো যেন বুঁদ হয়ে আছে কিসের নেশায়। যে-রকম রোজ দেখা যায় সে রকম কোনও মানুষ নয় যেন।’

পূর্ণেন্দুর করা স্কেচ দেখতে দেখতে একটিতে এসে থামলেন কিঙ্কর। সেই স্কেচে পৌষমেলার মাঠ, মাঠে দাঁড়িয়ে মালকোচা-মারা এক শিশু সাঁওতাল। তার এক হাতে একটা বাঁশি নিয়ে বাজাচ্ছে। অন্য একটি বাঁশি গুঁজে রাখা দুই জঙ্ঘার ফাঁকে। কিঙ্কর সেটা দেখিয়ে বললেন, ‘এটা বাদ দেওয়া উচিত ছিল। ঠিক হয়নি।’

পূর্ণেন্দু বলেন, ‘ছেলেটার ওইখানে একটা বাঁশি ছিল।’

এবার কিঙ্কর তাঁর স্বভাবসুলভ ভঙ্গিতে হাসতে লাগলেন। বললেন, ‘সেটা তো বুঝতে পেরেছি। তুমি মন থেকে আঁকোনি। কিন্তু রিয়ালিটির সবটাই কপি করতে নেই।’

সেদিন রামকিঙ্কর অমিতাভ-পূর্ণেন্দুদের তাঁর পাহাড়ি শহর শিলং সিরিজের ছবি দেখিয়েছিলেন। ওয়াশে আঁকা সে সব অরণ্যগন্ধী, এলিমেন্টাল ছবি দেখে পূর্ণেন্দুর মনে হয়েছিল, ‘শিলং যেন নড়ছে, চড়ছে, দুলছে গাছ, হাঁটছে মেঘ, রঙ বদলাচ্ছে রোদ, গাছ শিকড় নামাচ্ছে মাটিতে, খসে পড়ছে কিছু, কেউ যেন ছড়িয়ে যাচ্ছে কারও সঙ্গে আলিঙ্গনে-মন্থনে।’

সবাই মারা গেছে, আমার দাদা-বোন-বাবা-মা সবাই, সবাই। মৃত্যু সম্পর্কে আমি সব সময়ই উদাসীন। একজন শিল্পী যতক্ষণ সৃষ্টির নেশায় মাতাল হয়ে থাকেন, ততক্ষণ পর্যন্ত মৃত্যু কোনও ভাবেই তাঁকে স্পর্শ করতে পারে না।

নেশায় চুরমার হয়ে জীবন আর মৃত্যুর দ্বৈরথকে এ ভাবেই দেখতেন কিঙ্কর।

ষাটের দশকের মাঝামাঝি কবি শক্তি চট্টোপাধ্যায়, বন্ধু সমীর সেনগুপ্তকে নিয়ে এক বাসন্তিক বিকেলে হাজির হলেন শান্তিনিকেতন।

রিকশা থামল অনিবার্য ভাবে বাংলা মদের দোকান ‘আকর্ষণী’-তে। রিকশায় উঠল দু’ বোতল বাংলা। গন্তব্য রতনপল্লি, রামকিঙ্করের ডেরা।

‘কিঙ্করদা, ও কিঙ্করদা’

শক্তির হেঁড়ে গলায় হাঁক শুনে লুঙ্গি বাঁধতে বাঁধতে বাইরে এলেন রামকিঙ্কর। মুখে সেই চিরচেনা হাসি।

‘আরে কবি এসেচিসআয়, আয়, কিছু এনেচিস তো হাতে করে?’

এর পরের আসরের বর্ণনা দিতে সমীর লিখেছেন, ‘শুয়োরপোড়া এল, ফুরিয়ে গেল, একটি রিকশওলাকে ধরে আরও দুটো বোতল আনানো হল, সঙ্গে ছোলাভাজা, সে দুটোও ফুরিয়ে গেল। আবারও দুটো আনানো হল বেশি পয়সা দিয়ে, তখন রাত দশটা বেজে গেছে। তারপর আর আমার কিছু মনে নেই। শুধু মনে আছে, অফুরন্ত বাংলা মদ, অফুরন্ত বিড়ি, অফুরন্ত কথা, স্খলিত গলায় অফুরন্ত রবীন্দ্রনাথের গান।’

ঢের রাতে ঘুম ভেঙেছিল সমীরের। অন্ধকার ঘরের ভিতর থেকে কোনও মতে চৌকাঠ পেরিয়ে দেখলেন, রামকিঙ্কর একটা টুলের উপর বসে রয়েছেন। উপর থেকে একটা লণ্ঠন ঝুলছে। লুঙ্গিটা কোমর থেকে যে খুলে পড়েছে কিঙ্করের, সে খেয়াল নেই! সম্পূর্ণ নগ্ন! আর তাঁর সামনে একটা অসমাপ্ত মাটির ভাস্কর্য। স্তব্ধ হয়ে চেয়ে রয়েছেন কিঙ্কর।

যখন কিছু দেখবে, বাঘের মতো ঘাড় মুচড়ে ধরবে। পিছনে আর তাকাবে না।

রবীন্দ্রনাথের এই কথা বারবার আওড়াতেন তিনি। এ ছিল যেন কিঙ্করের জপমালা।

’৭৫ সাল। ঋত্বিক ঘটক শান্তিনিকেতন গিয়ে ১৬ মি.মি. রঙিন একটি তথ্যচিত্র করলেন কিঙ্করকে নিয়ে। অসুস্থ, তবু গেলেন। প্রতি ফ্রেমে নিজের মতো করে ভেঙেচুরে দেখালেন ভাস্করকে। গোড়ার দিকে একটি ফ্রেমে ক্লোজআপে দেখা গেল বুদ্ধের মুখ। ব্যাকড্রপে পাখোয়াজ।

একটু পরেই ফ্রেমে ঢুকল অদূরে ক্ষীণ কটি, দীর্ঘাঙ্গী বনবালা সুজাতা। ইউক্যালিপটাসের ছায়া সুনিবিড় পথে মাথায় পায়েসের রেকাব নিয়ে সে যেন হেঁটে চলেছে।

মাদল আর বাঁশির আবহে কোপাই নদীর ধারে আদিবাসী গ্রাম, অনম্র বুক সুঠাম আর ভারী কোমরের সাঁওতাল মেয়ে ফ্রেমের পর ফ্রেমজুড়ে ঋত্বিক যেন কিঙ্করের রোদছায়া মাখা আদুল ক্যানভাস এঁকে চলেছেন। একটি ফ্রেমে ধরা দিলেন দুই শিল্পী। জড়ানো গলায় ঋত্বিকের সংলাপ, ‘কিঙ্করদা!’

‘হুঁ।’

‘আপনি যখন রবীন্দ্রনাথের পোর্টেট করছিলেন, তখন উনি আপনাকে কী বলেছিলেন শিল্প সম্পর্কে?’

রামকিঙ্কর স্মৃতিতাড়িত হয়ে একচোট হাসলেন। তারপর বলেন, বলে চলেন, ‘উনি প্রথমে দেখে নিলেন কোথাও লোক আছে কিনা। কারণ অনেক সময় ওনার সঙ্গে লোক থাকত তো, সেক্রেটারিরা থাকতেন। সেই জন্য সব দেখে নিলেন। আমি ওধারে, পোর্টেট করছি ওঁর। উনি বসে বসে লিখছিলেন আর কী, তারপরই বললেন, দেখো, যখন কিছু দেখবে, বাঘের মতো ঘাড় মুচড়ে ধরবে। পিছনে আর তাকাবে না। এই হল শেষ কথা।’

ছবি এগোয়, কিন্তু শেষ হয় না। দৃশ্য ফুরিয়ে যায়। প্রায় পুরো ছবির শ্যুটিং শেষ করে প্রাথমিক সম্পাদনার পর ব্যাকগ্রাউন্ড সাউন্ডট্র্যাকের কাজ শুরুর মুখেই চিরবিদায় নিলেন ঋত্বিক। অসমাপ্ত তথ্যচিত্রের স্ক্রিনজুড়ে একসময় নেমে আসে দুই শিল্পীর মুখোমুখি অন্ধকার। সেই অন্ধকারে শোনা যায় ঋত্বিক আর কিঙ্করের কথা।

ঋত্বিক প্রশ্ন করেন, ‘এই যে আপনার চাল ভেঙে পড়ছে, জল পড়ছে, কী ভাবে সারাবার চেষ্টা করছেন আপনি?’

কিঙ্কর বলেন, ‘পেনশনের টাকা যেটুকু পাই। সেইটুকু থেকে করছি আর কী!’

‘সেটা কি ছবি টাঙিয়ে করা হচ্ছে?’

কিঙ্কর হেসে ফেলেন। বলেন, ‘সেও আছে।’ হাসতে হাসতে বলে চলেন, ‘বড় বড় ক্যানভাস যেগুলো, সেগুলো উলটে দেওয়া আছে। অয়েল কালার কিনা। উপরে কোনও ক্ষতি হবে না। বৃষ্টি পড়ে কিনা, তাই ওগুলো ঝুলিয়ে দিই। এগজিবিশনের জন্য ক্যানভাসগুলি নিয়ে যেতে হল, তখন আর কী ঝোলাব?’ হাসতে হাসতে বলে চলেন, ‘খড় কিনতে হত, কিন্তু যেটুকু টাকা পাই।’

এখন কোনও কাজ নেই। বৃদ্ধ হয়ে গেছি। এখন তো আর আঁকতেও পারি না। চোখে দেখতে পাই না কিছুই। পড়তেও পারি না, কেউ পড়ে দিলে শুনি। কেউ ধরলে হাঁটতে পারি। সমর্থ বয়সের অত্যাচার তার শোধ তুলে নিচ্ছে। মাঝে মাঝেন্দ্র অসহ্য মনে হয়। পাগল পাগল লাগে। কিন্তু কিছু করার নেই। একেবারে বাতিল হয়ে গেছি। চোখ চলছে না, হাত চলছে না, চোখ অন্ধ। মনে মনে আঁকছি।

রবীন্দ্রনাথের মতো রামকিঙ্করও চাননি শেষ সময় কলকাতায় চিকিৎসার জন্য তাঁকে নিয়ে যাওয়া হোক।

সর্বক্ষণের সঙ্গিনী, মডেল রাধারানি যাঁর সঙ্গে কিঙ্করের দীর্ঘ জীবনের সম্পর্ক, তিনিও জানিয়েছিলেন, ‘উনি যেতে চাননি, ওঁর ভাইপো দিবাকর সই করে দিল। জোর করে ওরা নিয়ে গেল।’

দিবাকরবাবু অবশ্য অন্য দাবি করেছিলেন, ‘ওঁরা আমার সই চাইছেন। একটা লিখিত অনুমতি চাইছেন। কিন্তু আমার দেবার ইচ্ছে নাই।’

কিন্তু ডাক্তারবাবুদের কথায় শেষ পর্যন্ত তাঁকে ‘সই দিতে হল’। একরকম জোর করে কিঙ্করকে কলকাতায় আনা হয়। শান্তিনিকেতন থেকে আসার দিন তাই জড়ানো গলায় স্বজনদের বলেছিলেন, ‘যাচ্ছি শান্তিনিকেতন ছেড়ে। যাচ্ছি কিন্তু আর ফিরব না। রবীন্দ্রনাথও ফেরেননি।’

শিল্পীর যাবার বেলার কথাই সত্যি হল। কলকাতাতেই চলে গেলেন, রবিঠাকুরের ভাস্কর!

মৃত্যুর দু’দিন আগে তাঁকে হাসপাতালে দেখতে গিয়েছিলেন সত্যজিৎ। ছাত্রের হাত ধরে কিঙ্কর বললেন, ‘মানিক, একটা রিকশা ডেকে আমাকে বাড়ি পৌঁছে দাও!’

সে-ফেরা আর হল কই?

একসময় চিতা নিভে গেল।

ধোঁয়ায় ধোঁয়ায় ঢেকে যাচ্ছে চাঁদের শশ্মান। ধীরে ধীরে ঢেকে যাচ্ছে ওপারে খোয়াই, বন-বনান্ত, কোপাই পেরিয়ে গগনতল ছুঁয়ে থাকা দিগন্ত। একটু পরেই ঝিরঝিরে বৃষ্টি শুরু হল। মেঘের গুমোট কেটে সুদূর নীলিমায় দেখা দিল একফালি চাঁদ।

শেষ হল দাহ।

কিঙ্করদা চলে গেলেন।

স্মৃতিবাসরে গাইতে বসে কেবলই উদাস হয়ে পড়ছেন মোহর (কণিকা বন্দ্যোপাধ্যায়)। কী গান এমন দিনে কী শোনাবেন প্রিয় কিঙ্করদার স্মরণে? একটু আগেই নীলিমা গাইলেন, সাহানা রাগে, ‘হেরি অহরহ তোমারই বিরহ’। ভাবতে ভাবতেই মোহরের কানে ভেসে আসছিল কিঙ্করদার দরাজ গলায় গান, ‘মোর স্বপনতরীর কে তুই নেয়ে’। মনে পড়ল কিঙ্করদার প্রিয় আরও একটা গানের কথা। আশ্রমের নাটকে কত বার যে বিশুপাগল সেজেছে কিঙ্কর! তাঁর স্মরণ সন্ধ্যায় সেই গানই গাইলেন মোহর।‘ও চাঁদ চোখের জলের লাগল জোয়ার, দুখের পারাবারে’।

সুর নামল কোমলগান্ধার থেকে শুদ্ধ ঋষভে। আঁধার রাতে একলা এক পাগলের জন্য চোখের জলে তখন ভাসছে আদিগন্ত খোয়াই।

সম্পাদকীয় পাতায় প্রকাশিত নিবন্ধ গুলির বক্তব্য সম্পূর্ণ লেখকদের ব্যক্তিগত অভিমত। সম্পাদক এরজন্য দায়ী নন।

# হরেকরকম

হরেকরকম
হরেকরকম

## এবার ক্রিসমাসে স্পেশাল ডেসার্ট বানান বাড়িতেই



আর এক সপ্তাহ পরেই শীতের সেরা উৎসব। শীতকাল মানেই ক্রিসমাস, ধোঁয়া ওঠা কফি আর ফ্রুট কেকের অসাধারণ ঘ্রাণ। ক্রিসমাস ট্রি, কেকস, ওয়াইন দিয়েই মেতে ওঠা যায় ক্রিসমাসে। আর বাঙালির ঘরে ক্রিসমাসের অর্থই হল প্রচুর পরিমাণে ড্রাই ফ্রুটস দিয়ে তৈরি সুস্বাদু কেক। তবে এবার আর বাজার থেকে টাকা খসিয়ে ক্রিসমাসের অনন্য ড্রাই ফ্রুট কেক কিনতে হবে না।

বর্তমানে অনেকেই বাড়িতে কেক বেক করতে পছন্দ করেন। নানা রকম ডিজাইনে ও ক্রিমি কেক বানান। এবার ক্রিসমাস স্পেশাল কেক বানান বাড়িতেই। কোনও কঠিন কাজ নয়। মাইক্রেওয়েভে কয়েক মিনিটের মধেই জিভে জল আনা ফ্রুট কেকের রেসিপি বানিয়ে নিতে পারবেন। কীভাবে বানাবেন, কী কী উপকরণ লাগবে. সবই এখানে জেনে নিন। উপকরণ:- আমুল বাটার- ৮৫ গ্রাম, ময়দা- ১৩০গ্রাম,বেকিং ,পাউডার — হাফ চা চামচ, মিষ্টি সোডা- ১/৪ চা চামচ, সুইট মেইড - ১৬০ গ্রাম ক্যারামেল সিরাপের জন্য কী কী লাগবে চিনি- ২০০গ্রাম, জল- ৬০০মিলি কিসমিস- ১০০ গ্রাম, কাজুবাদাম- ১০০ গ্রাম, রেড টুটিফ্রুটি চেরি- ১০০ গ্রাম গ্রিন টুটি ফ্রুটি চেরি- ১০০ গ্রাম কীভাবে বানাবেন কারামেইল সিরাপ ক্রিসমাস স্পেশাল কেক বানাতে প্রথমেই তৈরি করতে হবে ক্যারামেল সিরাপ। প্রথমে মাঝারি আঁচে একটি নন-স্টিক প্যানের মধ্যে চিনি নিন। চিনি গলে বাদামি রঙের হয়ে গেলে ধীরে ধীরে জল দিন। এবার জল ও চিনি একসঙ্গে মিশে গেলে তাতে কিসমিস , কাজুবাদাম, লাল ও সবুজ রঙের চেরির টুকরোগুলি দিয়ে দিন। অল্প নেড়ে ৫ মিনিট ফুটিয়ে রান্না করে নিন। হয়ে গেলে গ্যাস বন্ধ করে দিন। সবকিছু মিশে গেলে ক্যারামেল ফ্লেভারের গন্ধ বের হবে। বুদবেন আপনার সিরাপ একদম পারফেক্ট তৈরি হয়েছে।

পদ্ধতি এবার ক্রিসমাস স্পেশাল ড্রাই ফ্রুট ক্রিসমাস কেক তৈরি করতে প্রথমেই বাটার ও মিল্কমেড মিশিয়ে রাকুন। ৫ থেকে ১০ মিনিট ধরে এই উপকরণ দুটি মিশিয়ে নিন। এবার তাতে বেকিং পাউডার, মিষ্টি সোডা ও ময়দা একসঙ্গে মিশিয়ে নিন, ভালো করে। সব উপকরণ মেশানো হয়ে গেলেতাতে ক্যারামেল সিরাপ ঢেলে দিন। আরও একবার ভাল করে মিশিয়ে নিন।

এবার একটি কেক মোল্ড নিয়ে তাতে বাটার বা তেল দিয়ে গ্রিস করে নিন। তার উপর একটি বাটার পেপার দিন। যাতে মোল্ডের সঙ্গে কেক বেক হলে যাতে লেগে না যায় ও তলার অংশ বেশি পুড়ে না যায়, তার জন্য বাটার পেপার দিলে ভাল হয়। এরপর কেকের ব্যাটারটি মোল্ডের মধ্যে দিয়ে সমান করে নিন উপরের অংশটি। মাইক্রোওয়েভে বেক করতে তাইলে ১৬০ ডিগ্রিতে ২৫ মিনিট ধরে বের করুন। সঠিকভাবে কেক বেক হয়েছে কিনা তা বোঝার জন্য একটি পরিষ্কার স্টিলের সরু রড বা টুথপিক গেঁথে নিয়ে তুলে নিন। যদি রড বা টুথপিক পরিষ্কার আসে , তাহলে বুঝবেন কেক ভালভাবে বেক হয়েছে। আর যদি গায়ে কেকের ব্যাটার লেগে থাকে, তাহলে আরও কিছু সময় আপনাকে বেক করতে হবে।

কেক বেক হয়ে গেলে আভেন থেকে বের করে নিতে হবে। ১০ মিনিটের জন্য ঠান্ডা হতে দিন। এবার মোল্ডের চারিধারে ছুড়ি দিয়ে কেটে গোটা কেকটি বের করে নিন। একটি সুন্দর পাত্রের মধ্যে রেখে তাতে তাতে চিনির গুঁড়ো ছড়িয়ে দিন। চেরিও যোগ করতে পারেন। ঠান্ডা হলে কেক কেটে গরম গরম পরিবেশন করতে পারেন। এছাড়া এমন সুস্বাদু ও অসাধারণ স্বাদের কেক ফ্রিজে রেখে একমাস ধরে স্বাগ গ্রহণ করতে পারবেন।

## একজিমা এক ধরনের চর্মরোগ, কীভাবে এই সমস্যা দূর করবেন?



একজিমা এক ধরনের চর্মরোগ। ত্বকের বিভিন্ন ধরনের রোগের মধ্যে একজিমা খুবই জটিল এক অসুখ। একবার হলে সহজে সারে না কঠিন এই চর্মরোগ। একজিমায় আক্রান্ত মানুষের ত্বকে চুলকানি, জ্বালা, শুষ্ক হয়ে যাওয়া, এমনকি র্যাশের মতো সমস্যাও দেখা দিতে পারে।

একজিমা হওয়ার আসলে নির্দিষ্ট কোনো বয়স নেই। সব বয়সের মানুষের ত্বকেই একজিমা হতে পারে। তাই সবাইকে সতর্ক হতে হবে। আবার একজিমার সমস্যা যে কোনো সময়ই দেখা দিতে পারে। তবে দেখা গেছে, বর্ষাকালে এই একজিমা আরও বেড়ে যায়। এক্ষেত্রে কয়েকটি ঘরোয়া উপায় মানলে অবশ্য পেতে পারেন স্বস্তি। জেনে নিন করণীয়- একজিমা কীভাবে ছড়ায়? বেশিরভাগ মানুষই এটোপিক একজিমাতে আক্রান্ত হন। বেশ কিছু ওষুধ ও টিকা একজিমার কারণ হতে পারে। আসলে এ ধরনের মানুষের ত্বক খুব বেশি মাত্রায় সংবেদনশীল হয়। এমনকি দেখা গেছে কিছু লোশন ও ক্রিম ব্যবহারের পরও মানুষ এই সমস্যায় আক্রান্ত হচ্ছেন। একজিমার সঙ্গে মানসিক চাপেরও একটি ভূমিকা আছে। এছাড়া ধূমপান ও মদ্যপানের কারণেও একজিমার প্রকোপ বাড়তে পারে। কীভাবে সমস্যা দূর করবেন? সব সময় নিজের ত্বক পরিষ্কার রাখুন। এক্ষেত্রে বাইরে থেকে এসে সরাসরি স্নান করে নিন। ত্বকের সুস্বাস্থ্যের জন্য ভালো সাবান ব্যবহার করুন। বাইরে থেকে ঘরে ফিরে স্নান করুন দ্রুত। হাত-মুখ না ধুয়ে তা চোখে-মুখে লাগাবেন না। একজিমায় যারা ভুগছেন তারা হারখা গরম জলে স্নান করুন। নিমের তেল ও নারকেল তেল সমমাত্রায় মিশিয়ে সপ্তাহে অনন্ত তিনবার ত্বকে ব্যবহার করে স্নান করুন। এই নিয়ম মানলে ত্বকের বিভিন্ন সমস্যা দূর করতে পারবেন। এমনকি একজিমা থেকে মিলবে স্বস্তি।

## ত্বকের উজ্জ্বলতা বাড়ানোর কার্যকরী ২টি উপায়



উজ্জ্বল ত্বক সবারই কাম্য। তবে রোদে পুড়ে প্রতিনিয়ত আমরা ত্বকের উজ্জ্বলতা হারাচ্ছি। অনেকেই ত্বকের উজ্জ্বলতা ফেরাতে নানা রকম প্রসাধনী ব্যবহার করে থাকেন। তবে তা ত্বকের ক্ষতির পরিমাণ বাড়িয়ে দেয়।

তবে ঘরোয়া উপায় এই ক্ষেত্রে খুবই কার্যকরী। আর এতে ত্বকের কোনো ক্ষতিও হওয়ার ভয় নেই। তাই জেনে নিন এমন দুটি উপায় সম্পর্কে, যা নিমিষেই আপনার ত্বকের উজ্জ্বলতা বাড়াবে। আর আপনি পেয়ে যাবেন প্রাণবন্ত ও ফর্সা ত্বক, ঠিক যেমনটি আপনি চান। ডিম এবং টকদই একটি পাত্রে ডিম এবং টকদই একসঙ্গে ভালো করে ফেটে নিন। এর সঙ্গে কয়েক ফেঁটা মধু এবং লেবুর রস মেশাতে পারেন। এই প্যাকটি মুখ এবং ঘাড়ে ভালো করে লাগান। ১৫ থেকে ২০ মিনিট পর ঠাণ্ডা জল দিয়ে ধুয়ে ফেলুন। এই প্যাকটি ত্বকের উজ্জ্বলতা বৃদ্ধিতে বেশ কার্যকর।

ডিমের কুসুম, মধু এবং বাদাম তেল

একটি ডিমের কুসুম, এক চা চামচ মধু এবং এক চা চামচ বাদাম তেল একসঙ্গে মিশিয়ে নিন। এবার এটি আঙ্গুল দিয়ে ত্বকে ম্যাসাজ করে লাগান। ১৫ মিনিট পর কুসুম গরম জল দিয়ে মুখ ধুয়ে ফেলুন।

## আপনার লিভারের সব রোগ কফি পানেই সারবে



পৃথিবীর জনপ্রিয় পানীয়ের তালিকায় কফির স্থান একদম উপরের দিকে। সদ্য প্রকাশিত এক গবেষণার প্রতিবেদন জানাচ্ছে, কফি পানে লিভারের বিভিন্ন জটিলতার আশঙ্কা ৭০ শতাংশ পর্যন্ত কমে যায়।

লিকুইড এনার্জি বা ব্রেইন জুস যে নামেই কফিকে ডাকা হোক না কেন, বহুকাল ধরে এটি মগভর্তি হয়ে মানুষের হাতে হাতে পৌঁছে শরীর ও মনকে চাঙ্গা করছে।

পৃথিবীর বেশিরভাগ দেশেই চা এবং কফি বেশ প্রতিযোগিতা করেই মানুষের প্রিয় পানীয়ের তালিকায় জায়গা করে নিয়েছে। অনেকেই জানতে চান, তারা যে চা কিংবা কফি খাচ্ছেন; তা শরীরের জন্য আসলেই আশীর্বাদস্বরূপ না-কি হুমকিস্বরূপ! এতোকাল ধরে আমরা কফির জনপ্রিয়তায় জোয়ার-ভাটা দেখেছি! তবে সম্প্রতি এক গবেষণা অনুসারে, কফি লিভারের জন্য হতে পারে আশীর্বাদস্বরূপ।

এই সুসংবাদটি দিয়েছে যুক্তরাজ্যের লন্ডনে অবস্থিত রয়েল সোসাইটি অব মেডিসিন। তাদের পৃষ্ঠপোষকতায় করা এক গবেষণায় নেতৃত্ব দেন ইউনিভার্সিটি কলেজ লন্ডনের ব্রিটিশ লিভার ট্রাস্টের অভিজ্ঞ পরামর্শক গ্রায়েম আলেকজান্ডার।

তাছাড়া ইউরোপের অন্যান্য দেশের লিভার এসোসিয়েশনের অভিজ্ঞ প্রতিনিধিরাও এই গবেষণায় অবদান রেখেছেন। তারা কফি পানের সঙ্গে লিভারের সম্পর্ক নিয়ে সাম্প্রতিককালের গবেষণার রিপোর্ট এবং এ বিষয়ক অন্যান্য ইস্যু এবং চ্যালেঞ্জ নিয়েও আলোচনা করেছেন।

লিভারের রোগ যেভাবে বাড়ছে ক্রনিক লিভার ডিজিজের কারণে প্রতিবছর বিশ্বজুড়ে বহু সংখ্যক মানুষ মারা যায়। শুধু আমেরিকাতেই প্রতিবছর লিভার সিরোসিসে (লিভারের জটিল অসুখ) আক্রান্ত হয়ে ৩১ হাজার মানুষ মারা যাযন। লিভারের জটিলতায় মৃত্যুর সংখ্যা দিন দিন বেড়েই চলছে পুরো বিশ্বজুড়েই। বিশেষজ্ঞরা ধারণা করেন, অতিরিক্ত অ্যালকোহল, ক্যালরি ও ফ্যাট গ্রহণের ফলেই মানুষের লিভারের জটিলতা বাড়ছে। এই সংক্রান্ত রোগের অন্যতম সমস্যা হচ্ছে বেশিরভাগ মানুষই নিজের অজান্তে, নীরবেই দেহে লিভারের জটিলতা বয়ে বেড়ান।

যদিও লিভার মানবদেহের অন্যতম গুরুত্বপূর্ণ অঙ্গ হিসেবে বিবেচিত। তা সত্ত্বেও হৃতিণ্ডের সমস্যায় আমরা যতটা উদ্বিগ্ন হই; লিভারের সমস্যায় ততটা উদ্বিগ্ন হন না অনেকেই। আগের সব গবেষণাকে পেছনে ফেলে স্বস্তিদায়ক খবর হচ্ছে, কফিই আপনাকে বাঁচিয়ে দিতে পারে লিভারের নানা জটিলতা থেকে।

অধ্যাপক আলেকজান্ডার বলেন, ইউরোপ আমেরিকাসহ পৃথিবীর অন্যান্য অংশে দিন দিন লিভারের জটিলতায় আক্রান্ত রোগীর সংখ্যা বাড়ছে। বিভিন্ন গবেষণায় দেখেছি, কফি কীভাবে এই রোগের প্রতিরোধে আশ্চর্যজনকভাবে কার্যকরী।

লিভারের সমস্যা প্রতিরোধে কফি গবেষণাপত্রে বিশ্লেষণ করা হয়েছে, যারা কফি পান করেন তাদের তুলনায় যারা কফি পান করেন না তাদের লিভার ক্যান্সারের ঝুঁকি ৪০ শতাংশ কম থাকে। অতীতে ধারণা করা হতো, লিভারে আগে থেকেই এমন কোনো জটিলতা থাকে; যার কারণে পরবর্তীতে সেটা লিভার ক্যান্সারের দিকে মোড় নেয়।

তবে কফি পানকারীদের ক্ষেত্রে দেখা যায়, তাদের লিভারে হয়তো এমন কোনো প্রতিরক্ষা ব্যবস্থা তৈরি হয়ে যায়, যার কারণেই ক্যান্সারের ঝুঁকি হ্রাস পায়। তাছাড়া কফি পানে লিভার সিরোসিসে আক্রান্ত হওয়ার সম্ভাবনাও ২৫-৭০ শতাংশ পর্যন্ত কমে যায়।

ব্রিটিশ লিভার ট্রাস্টের প্রধান নিবার্হী জুডি রাইস বলেন, লিভারের রোগ নীরব ঘাতকের মতো আমাদের দেহে বাস করে। খুব দেরি হওয়ার আগ পর্যন্ত এর কোনো লক্ষণ প্রকাশ পায় না। দৈনন্দিন জীবনে খুব সহজেই হাতের কাছে পাওয়া এই কফি লিভারের জটিলতাকে কমিয়ে আনতে কিংবা প্রতিরোধে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে


## খাবার দাঁড়িয়ে খাচ্ছেন, শরীরের কি কি ক্ষতি হচ্ছে জেনেনিন



অনেকেই আছে যারা দাঁড়িয়ে খাবার খায়। তা হতে পারে সময়ের অভাবে কিংবা নিজেদের শরীরের প্রতি যত্নবান না হওয়ার কারণে। তবে জানেন কি, এটি আমাদের স্বাস্থ্যের জন্য কতটা ক্ষতিকর? দাঁড়িয়ে খাবার খেলে মানসিক চাপ বাড়ে ও হজম ব্যাহত হয়। যা স্বাস্থ্যের জন্য খুবই ক্ষতিকর। খাবার খাওয়ার সময় অবশ্যই বসে স্থির হয়ে আস্তে আস্তে খেতে হবে।

দাঁড়িয়ে খাবার খেলে খাবার সরাসরি পাকস্থলীতে চলে যায়। তাই খাবার সঠিকভাবে হজম হয় না। তাই পরিপাকতন্ত্রের সমস্যা দেখা দেয়। আর খাদ্যনালি, পাকস্থলীতে কোনো সমস্যা না থাকলেও অ্যাসিডিটির সমস্যা হতে পারে। আর খাবার ঠিক মতো হজম না হলে তার প্রভাব পরে আমাদের শরীরে। কারণ বদহজম নানা সমস্যা সৃষ্টি করে। বদহজম হলে গ্যাস, পেট ফাঁপা, খাবার জমাট হয়ে যাওয়া, কোষ্ঠকাঠিন্য, বুক জ্বালা ও অবসাদ দেখা দেয়।

## নিয়মিত ডায়াবেটিস পরীক্ষা কোন বয়স থেকে করা জরুরি




বর্তমানে ডায়াবেটিসের সমস্যায় ভুগছেন বিশ্বের কোটি কোটি মানুষ। আন্তর্জাতিক ডায়াবিটিস ফেডারেশনের সাম্প্রতিক রিপোর্ট বলছে, বর্তমানে গোটা বিশ্বে ডায়াবিটিস রোগীর সংখ্যা প্রায় ৫৪ কোটি। এই রোগে আক্রান্ত হলে শরীরের বিভিন্ন অঙ্গ-প্রত্যঙ্গ খারাপ হতে থাকে। ডায়াবেটিসের প্রভাবে চোখ থেকে শুরু বরে কিডনি, হার্ট, লিভার এমনকি পায়েও নানা রোগ বাসা বাঁধে। বিশেষজ্ঞরা জানাচ্ছেন, বর্তমানে মানুষের দৈনন্দিন জীবনযাত্রা ও খাদ্যাভ্যাস অনেকটাই বাড়িয়ে দিচ্ছে এই রোগের ঝুঁকি। তাই ডায়াবেটিস নিয়ন্ত্রণে দ্রুত রোগ নির্ণয় করা জরুরি। তবে কোন বয়স থেকে ডায়াবেটিস পরীক্ষা করা দরকার? অনেকেরই ধারণা আছে ৪০ বছরের উপরের মানুষের ক্ষেত্রে উপসর্গ না থাকলেও প্রতি ৩ বছর অন্তর ডায়াবেটিস পরীক্ষা করা প্রয়োজন। তবে আমেরিকান ডায়াবেটিস অ্যাসোসিয়েশন বলছে, তিন দশক আগেও শিশু ও তরুণ-তরুণীদের দেহে এই রোগ ছিল অত্যন্ত বিরল। তবে এই তিন দশকে তা পাল্টে গেছে। এখন শিশুদের মধ্যেও টাইপ ১ ডায়াবেটিস বেড়ে গেছে। এই অবস্থায় বিশেষজ্ঞদের পরামর্শ, এখন আর ৪০ পর্যন্ত অপেক্ষা করা যাবে না। বয়স ২৫ পার হলেই নিয়মিত ডায়াবেটিস পরীক্ষা করতে হবে। বিশেষজ্ঞদের মতে, সব বয়সীদের মধ্যেই ডায়াবেটিস বেড়ে যাওয়ার অন্যতম এক কারণ হলো স্থূলতা। বিশ্ব স্বাস্থ্য সংস্থার দাবি, প্রায় ৮০ শতাংশ ক্ষেত্রে ডায়াবেটিসের প্রাথমিক কারণ এটি। পাশাপাশি অনিয়ন্ত্রিত প্রক্রিয়াজাত খাবার খাওয়ার অভ্যাস অল্প বয়সীদের মধ্যে ডায়াবেটিসের ঝুঁকি বাড়িয়ে দিচ্ছে। তাই ডায়াবেটিস থেকে বাঁচতে সবাইকে সতর্ক থাকতে হবে। প্রথমেই লাইফস্টাইল বদলাতে হবে। এর পাশাপাশি নিয়মিত ডায়াবেটিস মাপতেও ভুলবেন না।

## ব্রেকফাস্টে ভুলেও খাবেন না এই খাবারগুলি



সুস্থ থাকতে গেলে সঠিক সময়ে খাদ্য গ্রহণ অত্যন্ত গুরুত্বপূর্ণ। অনেক চিকিতকও একথা বলে থাকেন। তবে শরীরকে সুস্থ-সবল রাখার ক্ষেত্রে কোন সময় কী খাবার খাওয়া উচিত সেটা জানাও অত্যন্ত জরুরি। বিশেষত ব্রেকফাস্টের দিকে একটু বেশি নজর দেওয়া প্রয়োজন, কারণ এমন বেশ কিছু খাবার আমরা ব্রেকফাস্টে খাই, যেগুলি আমাদের শরীরের পক্ষে ভাল নয়। এর ফলে হজম বা অ্যাসিডিটির সমস্যা দেখা দিতে পারে। বিশেষজ্ঞরা বলে থাকেন, সকালের খাবারে আপনাকে ফাইবার, ভিটামিন, খনিজ ও প্রোটিনের ভাণ্ডার রাখতে হবে। তবেই মানুষ সুস্থ থাকতে পারবেন। এবার কিছু খাবার রয়েছে যা ব্লাড প্রেশার বাড়ায়, সুগার বাড়ায়, এমনকী দুর্বলতা কয়েকগুণ বৃদ্ধি করতে পারে। তাই সতর্ক হওয়া খুবই জরুরি। চলুন জেনে নেওয়া যাক সকালের ব্রেকফাস্টে যে খাবারগুলি একদম নয়.

১) প্যাকেট করা জুস- অনেকেই এখন খেয়ে থাকেন প্যাকেটজাত জুস। বোতলবন্দি এই জুস কিন্তু শরীরের জন্য ভালো নয়। বিশেষত, সকালে আপনি এই জিনিস পান করলে খারাপ হতে পারে। এই পানীয়ে মেশানো থাকে আর্টিফিসিয়াল সুইটনার। সেক্ষেত্রে ডায়াবিটিসের কারণ হতে পারে এই জুস। তাই এর থেকে দূরে থাকার চেষ্টা করুন। তবেই ভালো থাকতে পারবেন। নইলে সমস্যা বাড়বে কয়েকগুণ। এছাড়া আরও একটা বিষয় হল, এই পানীয়ে থাকা ক্যালোরি সমস্যা বাড়ায়। তাই সতর্ক হন।

২) লুচি, আলুরদম- এবার বাঙালি মাত্রই ভালোবাসেন ফুলকো লুচি। সেই লুচির সঙ্গে আলুর দম হলে তো কথাই নেই। সকালটা যেন জমে যায়। তবে এই খাবার কিন্তু সকালে খাওয়া যাবে না। আসলে সকাল কেন, সারাদিনের কোনও সময়ই খাওয়া উচিত নয়। সেক্ষেত্রে শরীরে প্রবেশ করে খারাপ কিছু ফ্যাট থেকে নানা ক্ষতিকারক পদার্থ। তাই লুচি ও আলুর দম থেকে আপনাকে দূরে যেতে হবে। তবেই কোলেস্টেরল নিয়ন্ত্রণে থাকতে পারে। আপনি ভালো থাকবেন।

৩) সাম্বার বড়া- অনেকেই খেয়ে থাকেন সাম্বার বড়া। এই খাবারের যদিও আমাদের এখানে আগে প্রচলন ছিল না। তবে বর্তমানে এই সাম্বার বড়া অনেকেই সকালে খাচ্ছেন। এই খাবার সকালে খেলে শরীরের ১২টা বাজে। তাই সতর্ক হওয়ার চেষ্টা করুন। আসলে এই খাবার ডিপ ফ্রাই করা হয়। এছাড়া এই খাবার তৈরি করা হয় ডাল থেকে। সেক্ষেত্রে সহজে হজম হয় না। এমনকী পেটে গ্যাস হতে পারে। এটা হল মূল সমস্যার বিষয়।

৪) কর্ন ফ্লেকস- আসলে কর্ন ফ্লেকসকে মানুষ খুবই উপকারী এক খাবার মনে করেন। যদিও এই খাবারে দ্রুত বাড়ে সুগার। এর গ্লাইসেমিক ইনডেক্স খুবই বেশি। তাই আপনি অবশ্যই কর্নফ্লেকস এড়িয়ে যান। এছাড়া মাথায় রাখতে হবে যে এর মধ্যে রয়েছে নুন। ফাইবার নেই বললেই চলে। ফলে কোষ্ঠকাঠিন্য হয়। তাই আপনি এই খাবার না খাওয়াই ভালো। এভাবেই সমস্যার সমাধান করতে পারবেন। এমনকী ছোটদেরও এই খাবার দেবেন না। ৫) সাদা পাউরুটি- সকালে পাউরুটি খেতে অনেকেই ভালোবাসেন। এবার পাউরুটি খেলে অনেক ক্ষেত্রেই শরীরে গুরুতর জটিলতা তৈরি হয়। এমনকী জ্যাম লাগিয়ে খেলে তো আরও জটিলতা বাড়তে থাকে। তাই চিন্তার কোন কারণ নেই বললেই চলে। এবার আপনাকে এড়িয়ে যেতে হবে সাদা পাউরুটি। এভাবেই ভালো থাকতে পারবেন।

# ডিমা হাসাও জেলায় আগামী ১০ দিন সম্ভাব্য প্রচণ্ড বৃষ্টিপাতের পরিপ্রেক্ষিতে দুর্যোগ মোকাবিলায় প্রস্তুত প্রশাসন



হাফলং (অসম), ১২ জুন (হি.স.) : গুয়াহাটির আঞ্চলিক মেট্রোলজিক্যাল বিভাগ থেকে ডিমা হাসাও জেলায় আগামী ১০ দিন প্রচণ্ড বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে বলে গতকাল রেড অ্যালার্ট জারি করেছিল। এরই পরিপ্রেক্ষিতে ডিমা হাসাও জেলার দুর্যোগ প্রশমন বিভাগ এবং জেলা প্রশাসন পাহাড়ি জেলায় যে কোনও প্রাকৃতিক বিপর্যয় মোকাবিলা করতে সম্পূর্ণ প্রস্তুত। জানিয়েছেন ডিমা হাসাওয়ের জেলাশাসক সীমান্তকুমার দাস। এদিকে গ্রেটার হাফলং, হারাঙ্গাজাও, মাহুর এবং ভূমিধস-প্রবণ এলাকার সব স্কুল আগামী ১৩ জুন থেকে ১৭ জুন পর্যন্ত পাঁচদিনের জন্য বন্ধ ঘোষণা করেছেন জেলার বিদ্যালয়-সমূহের পরিদর্শক।

আজ সোমবার জেলাশাসক তথা দুর্যোগ প্রশমনের চেয়ারম্যান সীমান্তকুমার দাস জানিয়েছেন, গত ফেব্রুয়ারি মাসেই যে কোনও দুর্যোগ মোকাবিলা করতে সংশ্লিষ্ট লাইন ডিপার্টমেন্টগুলির সঙ্গে দুর্যোগ প্রশমন কর্তপক্ষ যাবতীয় প্রস্তুতি গ্রহণ করেছে। আঞ্চলিক মেট্রোলজিক্যাল বিভাগ থেকে ১১ জুন থেকে ২০ জুন পর্যন্ত ডিমা হাসাও জেলায় প্রচণ্ড বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে বলে সতর্কতা জারি করার পড় ডিমা হাসাও জেলা প্রশাসন হাই অ্যালার্টে রয়েছে।

সাংবাদিকদের তিনি বলেন, ডিমা হাসাও জেলায় পাঁচটি ব্লক রয়েছে। এই পাঁচটি ব্লকের বিডিওদের সতর্ক করে যে কোনও প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলায় প্রস্তুত থাকতে নির্দেশ দেওয়া হয়েছে। ওই সকল বিডিওদের সঙ্গে রয়েছে দুর্যোগ মোকাবিলা বিভাগের ফিল্ড অফিসাররা। তাছাড়া, জেলায় ৪০টি ত্রাণশিবিরও ইতিমধ্যে চিহ্নিত করে রেখেছে জেলা প্রশাসন। কেবল তা-ই নয়, জেলার খাদ্য ও অসামরিক বিভাগকে হাফলং, হারাঙ্গাজাও, উমরাংসো, মাইবাং, এই চারটি স্থানে আগামী দশ দিনের খাদ্যসামগ্রী পর্যাপ্ত পরিমাণে মজুত রাখার নির্দেশ দেওয়া হয়েছে বলে জানিয়ে জেলাশাসক বলেন, প্রাকৃতিক দুর্যোগ সংঘটিত হলে সাধারণ মানুষের সহায়তার জন্য তিনটি হেল্পলাইন নম্বর চালু করা হয়েছে।

জেলাশাসক দাস বলেন, তাছাড়া গুয়াহাটি থেকে মঙ্গলবার সকালে এনডিআরএফ-এর দল হাফলং এসে পৌঁছেছে। যে কোনও প্রাকৃতিক দুর্যোগের মতো পরিস্থিতি মোকাবিলা করতে এনডিআরএফ-কে হাই অ্যালার্টে রাখা হয়েছে। জেলাবাসীর প্রতি জেলাশাসক সীমান্তকুমারের পরামর্শ, বিনা প্রয়োজনে বৃষ্টির সময় কেউ যেন নিজের ঘর থেকে বের না হন।

এদিকে, গুয়াহাটির আঞ্চলিক মেট্রোলজিক্যাল বিভাগ আগামী ১০ দিন ডিমা হাসাও জেলায় ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে বলে পূর্বাভাস দিয়ে সতর্কতা জারি করার পর এখন পাহাড়ি জেলার মানুষের মধ্যে আতঙ্ক দেখা দিয়েছে। কেননা, গত বছর ২০২২ সালের মে মাসে ডিমা হাসাও জেলায় অবিরাম প্রচণ্ড বৃষ্টিপাতের জন্য যে প্রাকৃতিক দুর্যোগ সংঘটিত হয়ে যে পরিস্থিতির সৃষ্টি হয়েছিল এবারও কি তার পুনারাবৃত্তি হবে, তা নিয়ে ভেবে শংকিত নাগরিককুল।

## পার্টি অফিসে আগুন লাগানোর অভিযোগ, শুভেন্দুর নিশানায় তৃণমূল

উত্তর ২৪ পরগনা, ১২ জুন (হি স)। সন্দেশখালিতে বিজেপির পার্টি অফিসে আগুন লাগিয়ে দেওয়ার অভিযোগ উঠেছে। আহত দলীয় কর্মীর ছবি পোস্ট করে তৃণমূলকে তীব্র নিশানা করলেন রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। রাজ্যপাল, জাতীয় মানবাধিকার কমিশনকে ট্যাগ করে ট্যুইট করা হয়েছে।

আগুন লাগিয়ে দেওয়ার অভিযোগ উঠেছে তৃণমূলের বিরুদ্ধে। অভিযোগ, মোটরবাইকে চড়ে প্রায় ১০০ জনের গুন্ডা বাহিনী এলাকা ঘিরে ফেলে। বিজেপি কর্মীরা বাধা দিতে এলে তাঁদের মারধর করা হয়। পুলিশকে ফোনে যোগাযোগ করার চেষ্টা করা হলেও কেউ ফোন ধরেনি। শুভেন্দুবাবুর ট্যুইটে এই অভিযোগে তৃণমূলের প্রতিক্রিয়া এখনও মেলেনি।

## বহরমপুরে পাঁচশোর বেশি তৃণমূল কর্মীর কংগ্রেসে যোগ


মুর্শিদাবাদ, ১২ জুন (হি স)। পাঁচশোর বেশি তৃণমূল কর্মী সমর্থক কংগ্রেসে যোগ দিলেন।

সোমবার বহরমপুরে মুর্শিদাবাদ জেলা কংগ্রেস কার্যালয়ে এসে বেলডাঙা, কান্দি এবং বড়ঞার প্রায় তাঁদের হাতে কংগ্রেসের পতাকা তুলে দিয়ে দলে স্বাগত জানালেন প্রদেশ কংগ্রেস সভাপতি তথা লোকসভায় কংগ্রেসের দলনেতা অধীর রঞ্জন চৌধুরী।

অধীরবাবু মন্তব্য করেন, নিরপেক্ষ ভাবে ভোট করলে সারা পশ্চিমবঙ্গ সাগরদিঘি হয়ে যাবে। বিডিও অফিসগুলোতে ১৪৪ ধারা জারি করে কোনও লাভ হবে না। সাগরদিঘিতে যেই ভাবে সেনবাহিনী দিয়ে উপনির্বাচন হয়েছে, রাজ্যের সব জেলায় সেই ভাবেই পঞ্চায়েত ভোট হোক।

প্রসঙ্গত, নির্বাচন যাতে শান্তিপূর্ণ ভাবে হয়, সেই দাবি জানিয়ে আদালতের দ্বারস্থ হয়েছে রাজ্য কংগ্রেস। ১৪৪ ধারা জারি নিয়ে নয়, সাগরদিঘিতে যেমন মানুষ ভোট দিতে পেরেছেন সে মডেলই ভোট হোক জেলায় জেলায়, দাবি অধীরের।

## ৫ বন্ধুর ইতালি সফরের গল্প নিয়ে আসছে 'গুডবাই ভেনিস'




কলকাতা, ১২ জুন (হি.স.): ছোট পর্দার গন্ডি পেরিয়ে এবার বড়োপর্দায় নীল ভট্টাচার্য। পাঁচজন বন্ধুর ইতালি সফরের এক জীবনমুখী অভিজ্ঞতার জমজমাট গল্প নিয়ে আসছে 'গুডবাই ভেনিস'। গল্পটি মূলত পাঁচ জন বন্ধুকে ঘিরে আবর্তিত। যাদের জীবন কলেজের শেষ দিনে একটি অপ্রত্যাশিত মোড় নেয়। তারপর মাঝখানে কেটে যায় গোটা তিনটে বছর। পাঁচ বন্ধুর একজন হঠাৎ করে একদিন ইতালিতে ছুটি কাটানোর পরিকল্পনা করে আর এর মধ্যেই রয়েছে মিলান শহর থেকে ভেনিস পর্যন্ত একটা রোড ট্রিপ এই সফরেই উন্মোচিত হয় বিভিন্ন ধরনের রহস্য। একটা নিখুঁত পরিপক্ক সম্পর্ক ভেঙে যায় আবার একটা ভাঙ্গা সম্পর্ক ঠিক হয়ে যায় এই গল্পে।

'বেঁচে থাকা নাকি ভালো থাকা ?' জীবন - সম্পর্ক এবং বন্ধুত্বের এক অদ্ভুত মেলবন্ধনের গল্প নিয়ে আসতে চলেছে এই 'গুডবাই ভেনিস'। জীবন সীমাবদ্ধ এবং আমাদের সম্পূর্ণ সম্ভাবনায় বেঁচে থাকা উচিত, এমনটাই দেখানো হয় এই ছবির শেষ দৃশ্যে।

প্রধান চরিত্রে অভিনয় করেছেন সৌরভ দাস, দর্শনা বণিক, নীল ভট্টাচার্য এবং দিব্যাশা দাস। ৫ নম্বর চরিত্রের নাম পরে প্রকাশিত করা হবে। ছবিটি ২০২৪ সালের প্রথম ত্রৈমাসিকে ফ্লোরে যাবে বলে জানিয়েছেন ছবি নির্মাতারা। ছবিটির সম্পূর্ণ শুটিং হবে ইতালিতে। ছবির পরিচালক নীলাঞ্জন মুখোপাধ্যায় জানান এই ছবি সিনেমাপ্রেমীদের মন জয় করতে পারবে এবং প্রত্যেক মানুষের জীবনে ঘটে যাওয়া নানান ঘটনার সাথে একটা যোগ স্থাপন করতে পারবে। ছবির পদে পদে আছে প্রেম, বন্ধুত্ব আর সম্পর্ক নিয়ে হাজার বাস্তব চিত্র। নির্দেশক হিসেবে এটি নীলাঞ্জন মুখোপাধ্যায়ের প্রথম ছবি স্বভাবতই এই ছবি নিয়ে তিনি ভীষণই আশাবাদী এবং উদ্বিগ্ন। সিনেমাটোগ্রাফির দায়িত্বে রয়েছেন অর্নব লাহা। ছবিটি প্রযোজনা করছে কুইন্টেলস স্টুডিওস। সুর এবং সঙ্গীতায়োজন করবেন সৌম্য ঋত। ছবিটির অ্যালবামে থাকছে সৌম্য ঋতের লেখা এবং সুর করা পাঁচটি গান।

## ঠাকুরবাড়ি নিয়ে অভিষেককে নিশানা দিলীপের

কলকাতা, ১২ জুন (হি স)। ইকোপার্কে প্রাতঃভ্রমণে এসে সাংবাদিকদের সামনে ঠাকুরনগরের ঠাকুরবাড়ি নিয়ে অভিষেক বন্দ্যোপাধ্যায়কে নিশানা করলেন বিজেপি সাংসদ দিলীপ ঘোষ।

তিনি বলেন, অভিষেক বন্দ্যোপাধ্যায় নিজেকে সুপার সিএম মনে করছেন। সিএম তো আছেন! তার উপরে চমকে ধমকে উনি সবাইকে ঠান্ডা করবেন সেই অধিকার ওনাকে কে দিয়েছে? মতুয়া সমাজ তাদের গুরুকে প্রাণের চেয়েও বেশি শ্রদ্ধা করে। আর শান্তনু ঠাকুর শুধু সাংসদ নন ওদের সংঘাধিপতি। ওই সমাজের সর্বোচ্চ সম্মানের অধিকারী। আর যে মন্দির আছে, ট্রাস্ট আছে সেটা তাদের সম্পত্তির ব্যাপার তাঁরা কাকে যেতে দেবেন কাকে যেতে দেবেন না সেটা তাদের ব্যাপার। অনুমতি নিয়ে যাওয়া উচিত, সেখানেও গায়ের জোর দেখাবেন। মতুয়াদের নিয়ে রাজনীতি করা হচ্ছে বলে অভিযোগ করেছেন অভিষেক। সেই প্রসঙ্গে দিলীপ ঘোষ বলেন, "কে রাজনীতি শুরু করেছে মতুয়াদের নিয়ে? মমতা বন্দ্যোপাধ্যায়ের থেকে বেশি কে করেছে? এখন উল্টো হয়ে গেছে তাই কষ্ট হচ্ছে।

## রাজীব সিনহাকে তাঁবেদার আখ্যা দিলীপের

কলকাতা, ১২ জুন (হি স)। "সরকার চাইবে তাদের তাঁবেদার লোক, সেটাই করেছেন। রাজীব সিনহাকে নির্বাচন কমিশনার করা প্রসঙ্গে এই মন্তব্য করলেন বিজেপির সর্বভারতীয় সহ সভাপতি তথা সাংসদ দিলীপ ঘোষ।

সোমবার সকালে নিউটাউন ইকোপার্কে প্রাতঃভ্রমনে এলে দিলীপবাবুকে প্রশ্ন করা হয়, শুভেন্দু অধিকারী বলেছেন, এই মনোনয়ন ঠিক হয়নি আরো খতিয়ে দেখা উচিত ছিল। জবাবে দিলীপবাবু বলেন, "ঠিক আছে, তাদের কাছেও লোক নেই তারা দিয়েছে, এটা রাজ্যপাল ও রাজ্য সরকারের ব্যাপার। রাজীব সিনহা আমাদের পছন্দের লোক নন।"

ডোমকলে যে তৃণমূল নেতার থেকে বন্দুক পাওয়া গিয়েছে, তাকে দল থেকে বের করে দেওয়ার দাবি করেছেন মদন মিত্র। এ সম্পর্কে প্রশ্ন করলে দিলীপবাবু বলেন, "মদন মিত্রের কথা কে শোনে? তাকেই পার্টি থেকে বের করে দেওয়া হয়েছে! নাটক করে বেঁচে আছেন। মদন মিত্রের কথা মিডিয়ার লোকের কাছে গুরুত্ব থাকতে পারে, সাধারণ মানুষের কাছে কোনও গুরুত্ব নেই।"

## অয়ন শীলের ছেলে ও 'কালীঘাটের কাকু'র জামাইকে তলব ইডি-র






কলকাতা, ১২ জুন (হি স)। শিক্ষক নিয়োগ দুর্নীতি মামলার তদন্তে আরও তৎপর হল ইডি। বিপাকে জেলবন্দি অয়ন শীল এবং সুজয়কৃষ্ণ ভদ্র। হিসাব বহির্ভূত সম্পত্তি সংক্রান্ত তথ্যের খোঁজে এবার কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার স্ক্যানারে অয়নের ছেলে এবং সুজয়কৃষ্ণের জামাই। তাদের দু'জনকেই তলব করা হয়েছে।

অয়ন শীলের ছেলে অভিষেককে আগামী ১৯ জুন বিশেষ পিএমএলএ আদালতে হাজিরার নোটিস পাঠানো হয়েছে। দুর্গাপুর এক্সপ্রেসওয়ের ধারের পেট্রল পাম্প 'শুক্লা সার্ভিস স্টেশনে'র পার্টনার অভিষেক।

সূত্রের খবর, পেট্রল পাম্প কেনার টাকা কোথা থেকে পেলেন অয়নপুত্র, তা জানতে জিজ্ঞাসাবাদ করা হবে। সঠিক ব্যাখ্যা দিতে না পারলে বিপাকে পড়তে পারেন তিনি।

এদিকে, সুজয়কৃষ্ণ ভদ্রের জামাইকেও তলব করেছে ইডি। সোমবার জোকা ইএসআই হাসপাতালে স্বাস্থ্যপরীক্ষা করাতে নিয়ে যাওয়া হয় 'কালীঘাটের কাকু'কে। সেখানে তলব প্রসঙ্গে মুখ খোলেন। বলেন, "বাড়ির লোককে ডাকছে। ওদের কিছু নেই। জামাইয়ের নামে কিছুই নেই।" গত ৩০ মে গ্রেপ্তার হন সুজয়কৃষ্ণ ভদ্র। তারপর যত তদন্ত এগোচ্ছে, ততই সামনে আসছে গুরুত্বপূর্ণ নানা তথ্য।

## 'বিপর্যয়"-এর প্রভাবে উত্তাল হচ্ছে সমুদ্র, ঘূর্ণিঝড় পরিস্থিতি নিয়ে পর্যালোচনা বৈঠক করলেন প্রধানমন্ত্রী



নয়াদিল্লি, ১২ জুন (হি.স.): ঘূর্ণিঝড় "বিপর্যয়"-এর প্রভাবে উত্তাল হচ্ছে সমুদ্র। সোমবারই গুজরাটের কচ্ছ, নভসারি এবং মহারাষ্ট্রের মুম্বইয়ে উত্তাল হয়ে ওঠে সমুদ্র। জারি করা হয়েছে সতর্কতা। এই পরিস্থিতিতে সোমবার দুপুরে ঘূর্ণিঝড় পরিস্থিতি নিয়ে পর্যালোচনা বৈঠক করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। বৈঠকে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, কেন্দ্রীয় স্বরাষ্ট্র সচিব অজয় কুমার ভাল্লা, ভারতীয় আবহাওয়া দফতর (আইএমডি)-র ডিজি মৃত্যুঞ্জয় মহাপাত্র-সহ শীর্ষ আধিকারিকরা। সামগ্রিক পরিস্থিতি ও কী কী করণীয় তা আধিকারিকদের কাছ থেকে শোনেন প্রধানমন্ত্রী। সেই মতো নির্দেশনাও দিয়েছেন প্রধানমন্ত্রী।

আরব সাগরের বুকে দানা বাঁধছে ঘূর্ণিঝড় 'বিপর্যয়'। ঘূর্ণিঝড়ের প্রভাবে রবিবার রাতেই ভারতের উপকূলবর্তী এলাকার বিক্ষিপ্ত অঞ্চলে বৃষ্টি হয়েছে।

সঙ্গে বয়ে গিয়েছে ঝোড়ো হাওয়াও। জাতীয় আবহাওয়া দফতর সূত্রে খবর, আরব সাগরের বুকে 'বিপর্যয়' অতি প্রবল ঘূর্ণিঝড়ে পরিণত হওয়ার সময় তার শক্তি বৃদ্ধি করছে সেই কারণে মুম্বই এবং মহারাষ্ট্রের বিক্ষিপ্ত এলাকায় বৃষ্টিপাত হয়েছে।

রবিবার সন্ধ্যায় আবহাওয়া খারাপ থাকার কারণে মুম্বই বিমানবন্দরের একাধিক বিমান বাতিল করে দেওয়া হয়েছিল। সমুদ্র বন্দরগুলিতেও সতর্কতা জারি করা হয়েছে।

## পঞ্চায়েত ভোটের শুনানি সরাসরি শুনতে হাই কোর্টে হাজির শুভেন্দু

কলকাতা, ১২ জুন (হি স)। পঞ্চায়েত ভোটের শুনানি সরাসরি শুনতে সোমবার হাই কোর্টে হাজির হলেন রাজ্যের বিধানসভার বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। সকাল ১১টা নাগাদ প্রধান বিচারপতির এজলাসে এসে উপস্থিত হলেন তিনি।

## নির্বাচনে কমিশনের ১৪৪ ধারা প্রতিক্রিয়া দিলীপের

কলকাতা, ১২ জুন (হি স)। "পঞ্চায়েত নির্বাচনে কমিশনের ১৪৪ ধারা হয়তো আমাদের জন্যই করেছে।" এই মন্তব্য করলেন বিজেপির সর্বভারতীয় সহ সভাপতি তথা সাংসদ দিলীপ ঘোষ।

সোমবার সকালে নিউটাউন ইকোপার্কে প্রাতঃভ্রমনে এসে দিলীপবাবু বলেন, দেখুন জারি করলে তো কেউ মানবে না। তৃণমূল কংগ্রেসের লোকেরাই ১৪৪ ধারা কিছু মানে না। পুলিশ নাই সিভিক পুলিশ লাঠি হাতে গরু তাড়াচ্ছে। তৃণমূল কংগ্রেসের গুন্ডাদের গায়ে হাত বোলাচ্ছে। বোঝাই যাচ্ছে সেটিং।

১৪৪ ধারা হয়তো আমাদের জন্যই করেছে। ওরা মারপিট করলে যাতে আমরা ঠেকাতে না পারি। বাইরের গন্ডগোল তো পুলিশ ঠেকাতে পারবেনা! পুলিশ চাইলে ওই এলাকায় কাউকে ঢুকতে দিতে না পারে। কেউ মানবে না ১৪৪ ধারা। আজ থেকে মনোনয়ন বেশি হবে, গন্ডগোলও বেশি হবে। তৃণমূল কংগ্রেস যদি চায় গন্ডগোল বন্ধ করতে কেন্দ্রীয় বাহিনী নিক। কেন্দ্রীয় বাহিনী থাকলে যেখানে গন্ডগোল হচ্ছে সব ঠান্ডা হয়ে যাবে।"

## শহরের উষ্ণতম দিনে ফিরছে বিক্রম-সোলাঙ্কি

কলকাতা, ১২ জুন (হি.স.): পুরনো জুটি ফিরছে নতুন রূপে। ধারাবাহিকে জুটি বাধার পর এবার বড় পর্দায় বিক্রম-সোলাঙ্কি। প্রকাশ্যে বিক্রম-সোলাঙ্কির নতুন ছবি 'শহরের উষ্ণতম দিনে'—এর পোস্টার। আগামী ৩০ জুন বড়ো পর্দায় মুক্তি পাবে এই ছবি। 'শহরের উষ্ণতম দিনে'—এর পরিচালক অরিত্র সেন। পরমব্রত চট্টোপাধ্যায় ও তন্ময় ব্যানার্জি এর প্রযোজনাতে মুক্তি পাবে এই ছবি। ছবির পোস্টারে রোমান্টিক লুকে দেখা গিয়েছে অভিনেতা বিক্রম চ্যাটার্জী ও অভিনেত্রী সোলাঙ্কি রায়কে।

## ঠাকুরনগর 'অপবিত্র করার অপচেষ্টা', প্রতিবাদ তথাগত, তরুণজ্যোতিব

কলকাতা, ১২ জুন (হি স)। ঠাকুরনগরের মহামন্দির 'অপবিত্র করার অপচেষ্টা'র প্রতিবাদ জানালেন প্রাক্তন রাজ্যপাল তথাগত রায়।

সোমবার তিনি টুইটারে লিখেছেন, "হরিচাঁদ গুরুচাঁদ প্রমথরঞ্জন ঠাকুরের পরম্পরা সগর্বে বহন করছেন তাঁদের উত্তরসূরী শান্তনু ঠাকুর। ঠাকুরনগরের মতুয়া মহামন্দির অপবিত্র করার অপচেষ্টার বিরুদ্ধে তাঁর সাহসী প্রতিবাদের জন্য তাঁকে অভিনন্দন জানাই।"

ভারতীয় যুব জনতা মোর্চার রাজ্য সহ সভাপতি তথা আইনজীবী তরুণজ্যোতি তিওয়ারি টুইটারে এ দিন লিখেছেন, "মন্দিরে চোর ডাকাতের কি কাজ? ওটা ঠাকুরবাড়ি, কালীঘাটের চোরগুলোর পাঠশালা না। ভাইপো যত তাড়াতাড়ি বুঝতে পারবে তত ভালো। অপর টুইটে তরুণজ্যোতি লিখেছেন, "ঠাকুর হরিচাঁদ-গুরুচাঁদের নামে জয়ধ্বনি না দিয়ে ভাইপোকে তুষ্ট করতে পবিত্র মতুয়া মাটিতে দাঁড়িয়ে জয় বাংলা স্লোগান দিচ্ছে? ছিঃ ! ঠাকুর বাড়িতে আজকে রাজনীতির মঞ্চ বানিয়ে ফেললো তৃণমূল। আগামী পঞ্চায়েত নির্বাচনে এর জবাব মানুষ দেবে।" প্রসঙ্গত, রবিবার ঠাকুরনগরে গিয়েছিলেন তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়। তার আগে থেকেই দফায় দফায় উত্তেজনা ছড়িয়েছিল ঠাকুরনগরে। তিনি চলে যাওয়ার পরে সেই অশান্তির আঁচ এসে পড়ল একেবারে গাইঘাটার চাঁদপাড়া হাসপাতালে। সেই অশান্তির জেরে বিজেপি বিধায়ক অশোক কীর্তনিয়া সহ কয়েকজন জখম হন।

## দেশে বিজেপিই একমাত্র দল ধ্যান-ধারণা নিয়ে চলে, অন্য সব দল আদর্শগতভাবে শূন্য হয়ে গিয়েছে : নাড্ডা

কাংড়া, ১২ জুন (হি.স.): দেশে বিজেপিই একমাত্র দল যে দল ধ্যান-ধারণা নিয়ে চলে, অন্য সব দল আদর্শগতভাবে শূন্য হয়ে গিয়েছে। জোর দিয়ে একথা বললেন বিজেপির সর্বভারতীয় সভাপতি জগৎ প্রকাশ নাড্ডা। সোমবার হিমাচল প্রদেশের কাংড়ায় একটি জনসমাবেশে নাড্ডা বলেছেন, 'বিজেপির দফতরগুলি "সংস্কৃতির কেন্দ্র"। আপনারা সকলে এই সংস্কৃতি কেন্দ্র থেকে আচার গ্রহণ করুন এবং পদ্ম পতাকা উত্তোলন করুন... ভারতীয় জনতা পার্টিকে এগিয়ে নিয়ে যান।'

নাড্ডার কথায়, 'দেশে বিজেপিই একমাত্র দল, যে দল ধ্যান-ধারণা নিয়ে চলে, অন্য সব দল আদর্শগতভাবে শূন্য হয়ে গিয়েছে। ওই সমস্ত দলগুলি চেয়ারের জন্য যে কোনও ধরনের আপস করতে প্রস্তুত। এখন সিপিএম ও কংগ্রেসও হাত মিলিয়ে নির্বাচনে নামছে। কোথায় গেল এই দুজনের চিন্তাধারা? কিন্তু বিজেপি এমন নয়, ১৯৫২ সালে যদি আমরা এক দেশ-এক সংবিধানের কথা বলি, তবে ২০১৯-এ আমরা অনুচ্ছেদ-৩৭০ সরিয়ে তা করে দেখিয়েছি। আমরা পিছপা হইনি। জে পি নাড্ডা বলেছেন, অন্যান্য দলের মতো কংগ্রেসও এখন মা-ছেলে-মেয়ের দলে পরিণত হয়েছে। আপনারা (বিজেপি কর্মী) ভাগ্যবান যে আপনারা এমন একটি দলে আছেন যেখানে আপনি ধ্যানধারণার সঙ্গে যুক্ত হয়ে গণতান্ত্রিক উপায়ে কাজ করার সুযোগ পান। নাড্ডা যোগ করেছেন, মোদী সরকার একটি শক্তিশালী সরকার, একটি সিদ্ধান্তমূলক সরকার হিসাবে কাজ করছে।

## ফাইনালে হারের পর বড় জরিমানার কবলে ভারত

লন্ডন, ১২ জুন (হি.স.): বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপের ফাইনালে স্লো ওভার রেটের কারণে ম্যাচ ফির শতভাগ জরিমানা করা হয়েছে ভারতীয় দলকে। একই কারণে জরিমানা করা হয়েছে অস্ট্রেলিয়াকেও। সোমবার আইসিসির ওয়েবসাইট থেকে এ তথ্য জানা যায়। এতে চ্যাম্পিয়নশিপের শিরোপার সঙ্গে ম্যাচ ফিও হারাতে হলো ভারতকে। ফাইনাল ম্যাচ থেকে কোনো টাকা পাবেন না ভারতীয় ক্রিকেটাররা।ওয়েবসাইটে বলা হয়েছে, আইসিসি কোড অব কনডাক্ট ২.২২ ভঙ্গের কারণে ভারতকে ম্যাচ ফির পুরো টাকা এবং অস্ট্রেলিয়াকে ম্যাচ ফির ৮০ শতাংশ টাকা জরিমানা করা হলো। নিয়ম অনুযায়ী, নির্ধারিত সময়ের মধ্যে বোলিং শেষ করতে না পারলে প্রতি ওভারের জন্য ২০ শতাংশ জরিমানা করার বিধান রয়েছে। এছাড়া আম্পায়ারের সিদ্ধান্ত নিয়ে অসন্তোষ জানানোর জন্য জরিমানা গুনতে হচ্ছে শুভমান গিলকে। টেস্টের চতুর্থ দিনে কোড অব কনডাক্ট ২.৭ ভঙ্গের কারণে তাকে দলীয় জরিমানার বাইরেও ম্যাচ ফির ১৫ শতাংশ জরিমানা করা হয়। তাতে গিলের জরিমানা দাঁড়িয়েছে ১১৫ শতাংশে।

## ইতিহাদে এদেরসনের ভাস্কর্য চান সমর্থকেরা

ইস্তানবুল, ১২ জুন (হি.স.): এখনও জাতীয় দলের প্রধান গোলকিপার হিসেবে খেলা হল না তাঁর। থাকতে হয়েছে বেঞ্চে বসে। কিন্তু এরপরও তাঁর ওপর কখনো আস্থা হারাননি ম্যান সিটির কোচ পেপ গার্দিওলা। রবিবার রাতে সেই আস্থার প্রতিদানই দিলেন ম্যান সিটির গোলরক্ষক এদেরসন। দলের গুরুত্বপূর্ণ সময়ে জ্বলে উঠেছেন,নিশ্চিত গোলের হাত থেকে দলকে বাঁচিয়ে এনে দিয়েছেন চ্যাম্পিয়নস লিগ শিরোপা। ম্যাচের পর সামাজিক যোগাযোগমাধ্যমে সিটি ভক্তরা প্রশংসায় ভাসিয়েছেন এদেরসনকে।

## হাইলাকান্দি জেলা জুড়ে পিএম কিষান শিবির

হাইলাকান্দি (অসম), ১২ জুন (হি.স.) : হাইলাকান্দি জেলার সব কয়টি জিপি কার্যালয়ে সোমবার থেকে পিএম কিষান এর জন্য বিশেষ শিবির শুরু হয়েছে। এতে বৈধ পিএম কিষান হিতাধিকারীদেরকে তাদের ১৪ নম্বর কিস্তি নিশ্চিত করতে আগামী ১৭ জুন পর্যন্ত প্রতিদিন সকাল নয়টা থেকে বিকেল পাঁচটা পর্যন্ত শিবির চলবে জেলা প্রশাসন ও কৃষি বিভাগের উদ্যোগে। এতে যেসব হিতাধিকারীরা এখন পর্যন্ত পিএম কিষানের সঙ্গে আধার লিঙ্ক এবং ই কেওয়াইসি করাননি, জমির তথ্য জমা দেননি, বা ব্যাংক একাউন্টের সঙ্গে আধার লিঙ্ক করাতে পারেননি, তাদেরকে নিজ নিজ আধার কার্ড এবং আধার কার্ডের সঙ্গে সংযোগ থাকা মোবাইল ফোন, ব্যাংক পাসবুক এবং জমির তথ্যের জেরক্স কপি নিয়ে শিবিরে উপস্থিত থাকতে অনুরোধ জানানো হয়েছে।

জেলার বিশেষ ১৭টি জিপির জন্য ছয়টি স্থানে শিবির অনুষ্ঠিত হচ্ছে। সোমবার ভাটিরকুপা, বোয়ালিপার, গাংপার-ধুমকর জিপির বোয়ালিপার জিপি কার্যালয়ে শিবির অনুষ্ঠিত হয়। মঙ্গলবার বেসিক চৌরঙ্গীতে অবস্থিত ১৪০ নম্বর নারাইনপুর এলপি স্কুলে কাঞ্চনপুর, সিরিষপুর ও চন্ডিপুর উজানকুপা জিপির জন্য শিবির অনুষ্ঠিত হবে। অনুরূপভাবে ১৪ জুন কারিছড়ার ৭৪১ নম্বর রজনীকান্ত এলপি স্কুলে মনিপুর-নিসকর জিপি এবং দারিয়াঘাট কারিছড়া জিপির শিবির, ১৫ জুন ঘাড়মুড়ার সর্বানন্দপুর এমভি স্কুলে মোহাম্মদপুর জয় কৃষ্ণপুর জিপি টানটু ধ্বনিপুর জিপি এবং নিজ বার্নারপুর সর্বানন্দপুর জিপির শিবির, ১৬ জুন বাঁশডর-বড়হাইলাকান্দি জিপি কার্যালয়ে মাটিজুরি জিপি, সুদর্শনপুর-বন্দুক মারা জিপি, বাশডর-বড়হাইলাকান্দি জিপির শিবির, এবং ১৭ জুন চিপরসাঙ্গন হাইস্কুলে চন্ডিপুর জিপি, উত্তর কৃষ্ণপুর জিপি ও চিপরসাঙ্গন জিপির শিবিরের আয়োজন করা হয়েছে। পাশাপাশি জেলার আরো ৪৫টি জিপির বিভিন্ন স্থানে ১২ এবং ১৩ জুন এ ধরনের আরো শিবির চলবে। শিবিরগুলি সকাল ৯ টা থেকে বিকেল পাঁচটা পর্যন্ত চলবে।

এদিকে সোমবার হাইলাকান্দির জেলাশাসক নিসর্গ হিভারে আলগাপুর জিপি কার্যালয়ে অনুষ্ঠিত শিবিরটি পরিদর্শন করেন এবং হিতাদিকারীদের সঙ্গে কথাবার্তা বলেন।

# বিডিও অফিসের গেটে মালা পড়িয়ে প্রণাম সেরে মনোনয়ন জমা তৃণমূল প্রার্থীর

ক্যানিং, ১২ জুন (হি. স.) দেশের সংবিধানকে সম্মান জানাতে মনোনয়ন পত্র জমা দেওয়ার আগে বিডিও অফিসে প্রবেশের সময় গেটে মালা পড়িয়ে, প্রণাম করে মনোনয়ন পত্র জমা দিতে সেখানে প্রবেশ করলেন এক তৃণমূল প্রার্থী। ক্যানিং ১ ব্লকের মাতলা ২ গ্রাম পঞ্চায়েতের গ্রামসভার প্রার্থী বিপ্লব ঘোষ সোমবার এভাবেই মনোনয়ন পত্র জমা করলেন। পঞ্চায়েত নির্বাচন ঘোষণা হতেই রাজ্যের বিভিন্ন প্রান্তে অশান্তির খবর আসছে। সব জায়গাতেই তৃণমূলের বিরুদ্ধে অশান্তি ছড়ানোর অভিযোগ বিরোধীদের। কিন্তু এদিন অন্য ছবি ধরা পড়ল মনোনয়ন জমা দেওয়ার ক্ষেত্রে। বিরোধীদের মারধর করে নয়, বরং সংবিধানকে সম্মান জানিয়ে জীবনের প্রথম নির্বাচনের ময়দানে নামলেন এই তৃণমূল প্রার্থী। মাতলা ২ গ্রাম পঞ্চায়েতের ১২৯ নম্বর পার্টের এই প্রার্থী এদিন দুপুরে নিজের প্রস্তাবককে সাথে নিয়ে আসেন বিডিও অফিসে। সেখানে প্রবেশের আগে বিডিও অফিসের গেটে মালা পড়িয়ে সেখানে প্রণাম সেরে তবেই মনোনয়ন পত্র জমা করেন। নিজের জয়ের ব্যাপারে আশাবাদী বিপ্লব, তবে গণতান্ত্রিক পদ্ধতিতেই জয় পেতে চান তিনি। আর সেই কারণে ব্লকের গনতন্ত্রের মন্দিরে মনোনয়ন জমা দিতে এসে প্রথমে প্রণাম সারেন তিনি। বিপ্লব বলেন, " এই প্রথম নির্বাচনে লড়ছি। দল আমাকে মনোনয়ন দিয়েছে। তবে হিংসা, অশান্তি করে নয়, আমি গণতান্ত্রিক পদ্ধতিতেই জয় পেতে চাই। আর ব্লকের গণতন্ত্র যেখানে প্রতিষ্ঠিত হবে সেখানে মনোনয়ন জমা দিতে এসেছি। তাই সংবিধানকে সম্মান জানানোর জন্যই আমি একাজ করেছি।" মনোনয়ন পর্বের তৃতীয় দিনে এগরায় পা রাখলেন বিজেপির সর্বভারতীয় সহ সভাপতি ও মেদিনীপুরের সাংসদ দিলীপ ঘোষ। এদিন সাংসদ দিলীপ ঘোষ প্রথমে পূর্ব মেদিনীপুরের এগরা ২ বিডিও অফিস এবং এরপরে এগরা ১ বিডিও অফিস পরিদর্শন করেন। পাশাপাশি তিনি দু"টো ব্লকের বিডিও তথা ব্লক নির্বাচন অধিকারীকের সঙ্গে বেশ কিছুক্ষণ কথাও বলেন।এদিন কুদিতে এগরা ১ বিডিও অফিসের সামনের সাংবাদিকদের মুখোমুখি হয়ে বিজেপি নেতা দিলীপ ঘোষ বলেন, তৃণমূলের লোকেরা নির্বাচনের আদর্শ আচরণ বিধি মানছেন না। আমি আজকে পশ্চিম মেদিনীপুরের বেলদাতে নারায়ণগড় বিডিও অফিসে গেলাম। সেখানেও দেখলাম তৃণমূলের লোকজনেরা বিডিও অফিসের সামনের একশো মিটারের মধ্যে ক্যাম্প করে বসে আছে। সেক্ষেত্রে বিডিওদের উচিত এক একদিন এক একটা পার্টিকে মনোনয়ন করতে দেওয়া হোক। সারা দুনিয়ায় ভোটে কোথাও অশান্তি হয় না একমাত্র পশ্চিমবঙ্গ ছাড়া এমনটাই চাঞ্চল্যকর অভিযোগ করলেন দিলীপ ঘোষ।

# সোনামুখীতে নিগৃহীত বিজেপির মন্ডল সভাপতি

বাঁকুড়া, ১২ জুন (হি. স.) পঞ্চায়েত নির্বাচনের মনোনয়ন পত্র দাখিলের তৃতীয় দিনেও অশান্তি অব্যাহত। মনোনয়ন পত্র জমা দিতে গিয়ে তৃনমূলীদের হাতে নিগৃহীত হওয়ার অভিযোগ উঠেছে সোনামুখীতে, মাথা ফেটে জখম বিজেপির মন্ডল সভাপতি, অপরদিকে বিষ্ণুপুরে সংসদীয় ক্ষেত্রের কোতুলপুরে মনোনয়ন জমা দিতে না পেরে রাস্তায় বসে পড়ে বিক্ষোভ দেখান বিষ্ণু পুরের বিজেপি সাংসদ সৌমিত্র খাঁ ও বিধায়ক হরকালী প্রতিহার।সোমবার সকালে সোনামুখী ব্লক অফিসে মনোনয়ন পত্র জমা দিতে যায় বিজেপির প্রার্থীরা।ওই সময় তাদের উপর একদল দুষ্কৃতী তাদের উপর ঝাপিয়ে পড়ে।রড, লাঠি, বল্লভ নিয়ে আক্রমণ করে তারা।তাদের বাধা দিতে গিয়ে বিজেপির সোনামুখী মন্ডলের সভাপতি চঞ্চল সরকারের মাথা ফাটিয়ে দেওয়া হয় বলে অভিযোগ।তাকে চিকিৎসা র জন্য বাঁকুড়া নিয়ে আসা হয়।বিজেপি বিধায়ক নিলার্দী দানা বলেন সন্ত্রাস সৃষ্টি করে তৃণমূল ভাবছে পঞ্চায়েত দখল করবে, সন্ত্রাস যতই হোক মানুষ বিজেপির সাথে আছে।

**বিজ্ঞাপন সম্পর্কিত সতর্কীকরণ**

জাগরণ পত্রিকায় নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অনুরোধ তারা যেন খোঁজখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই।

**বিজ্ঞাপন বিভাগ**
**জাগরণ**

# জরুরী পরিষেবা



**হাসপাতাল : জিবি :** ২৩৫-৫৮৮৮ **আইজিএম :** ২৩২-৫৬০৬, **টি এম সি :** ২৩৭ ০৫০৪ **চক্ষুব্যাঙ্ক :** ৯৪৩৬৪৬২৮০০। **অ্যাম্বুলেন্স : একতা সংস্থা :** ৯৭৭৪৯৯৮৯৯৬ **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল :** ২৫১-৯৯০০, **সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় :** ৭৬৪২৮৪৪৬৫৬ রিলিভার্স : ৯৮৬২৭৬৭৪২৮ **কর্ণেল চৌমুহনী যুব সংস্থা :** ৯৮৬২৫৭০১১৬/ **সংহতি ক্লাব :** ৮৭৯৪১ ৬ ৮২৮১, **অনীক ক্লাব :** ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, **রামকৃষ্ণ ক্লাব :** ৮৭৯৪১৬৮৮১ **শতদল সংঘ :** ৯৮৬২৯৩৯৭৮০, **প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) :** ৯৭৭৪১১৬৬২৪, **রেডক্রস সোসাইটি :** ২৩১-৯৬৭৮, **টিআরটিসি :** ২৩২৫৬৮৫, **এগিয়ে চলো সংঘ :** ৯৪৩৬১২১৪৮৮, **লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় :** ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, **মানব ফাউন্ডেশন:** ২৩২৬১০০। **চাইল্ড লাইন :** ১০৯৮ **(টোলফ্রি : ২৪ ঘন্টা)। ব্লাড ব্যাঙ্ক : জিবি :** ২৩৫-৬২৮৮ **(পি বি এক্স), আইজিএম:** ২৩২-৫৭৩৬, **আই এল এস :** ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ **কসমোপলিটন ক্লাব :** ৯৮৫৬০ ৩৩৭৭৬, **শববাহী যান : নব অঙ্গীকার** ৮৭৯৪৫১৪৩১১, **সেন্ট্রাল রোড যুব সংস্থা :** ৭৬৪২৮৪৪৬৫৬ **বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি :** ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, **সমাজ কল্যাণ ক্লাব :** ৯৭৭৪৬৭০২৪২, **সংযোগ সংঘ :** ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট :** ২৩৮-৫৮৫২, **ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন :** ২৩৮-৬৪২৬, **রিলিভার্স :** ৮৮৩৭০৫৯৫৯৮, **কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন :** ৮৯৭৪৫৮১৮১০, **ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি :** ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, **সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) :** ৮৭২৯৯১১২৩৬, **আগন্তুক ক্লাব :** ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫৯১৮৯১, **ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন :** ৮২৫৬৯৯৭ **ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন :** ১০১/২৩২-৫৬৩০, **বাধারঘাট :** ১০১/২৩৭-৪৩৩৩, **কুঞ্জবন :** ২৩৫-৩১০১, **মহারাজগঞ্জ বাজার :** ২৩৮ ৩১০১ **পুলিশ : পশ্চিম থানা :** ২৩২-৫৭৬৫, **পূর্ব থানা :** ২৩২-৫৭৭৪, **আমতলী থানা :** ২৩৭-০৩৫৮, **এয়ারপোর্ট থানা :** ২৩৪-২২৫৮, **সিটি কন্ট্রোল :** ২৩২-৫৭৮৪, **বিদ্যুৎ : বনমালীপুর :** ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। **দুর্গা চৌমুহনী :** ২৩২-০৭৩০, **জিবি :** ২৩৫-৬৪৪৮। **বড়দোয়ালী :** ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ **আইজিএম :** ২৩২-৬৪০৫। **বিমানবন্দর এয়ার ইন্ডিয়া :** ২৩৪১৯০২, ২৩৪-২০২০, **এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর :** ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, **ইন্ডিগো :** ২৩৪-১২৬৩, **স্পাইস জেট :** ২৩৪-১৭৭৮, **রেল সার্ভিস : রিজার্ভেশন :** ২৩২-৫৫৩৩ **আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং :** ২৩২-৫৬৮৫। **আগরতলা রেলস্টেশন :** ০৩৮১-২৩৭৪৫১৫।

# অভুক্ত পেকুয়ারজলা দ্বাদশের শিক্ষার্থীরা

**নিজস্ব প্রতিনিধি, চড়িলাম, ১২ জুন।।** পেকুয়ারজলা দ্বাদশে মিড ডে মিল পরিষেবা থমকে গিয়েছে। চারদিন ধরে অভুক্ত ছাত্র ছাত্রীরা। ছাত্রদের হাতে বিস্কিট ধরিয়ে দিচ্ছে স্কুল কতৃপক্ষ। গত চারদিন ধরে এই অচলাবস্থা চলছে। কোন হেলদোল নেই প্রশাসন কিংবা জনপ্রতিনিধিদের। বিশালগড় বিদ্যালয় পরিদর্শকের আওতাধীন পেকুয়ারজলা দ্বাদশ শ্রেণি বিদ্যালয়ের খামখেয়ালিপনায় ক্ষুব্ধ অভিভাবক মহল। এসএমসি কমিটি এ বিষয়ে কোন পদক্ষেপ গ্রহণ করছে না। জানা গিয়েছে, মিড ডে মিলের পাচক পরিবর্তন করতে উঠেপড়ে লেগেছে এসএমসি কমিটির একাংশ। এ নিয়ে মতবিরোধ রয়েছে কমিটির অন্দরেই। বর্তমান দুই মহিলা পাচক অত্যন্ত গরিব পরিবারের। এই দুই বিধবার সামান্য রোজগারে কুনজর পড়েছে। তাদের পরিবর্তন করতে চাইছে একাংশ। এ নিয়ে জটিলতা সৃষ্টি হতেই বন্ধ হয়ে গিয়েছে রান্না। এর খেসারত দিতে হচ্ছে শিক্ষার্থীদের। এই অচলাবস্থা কাটানোর কেউ নেই। স্কুলটি গোলাঘাটি বিধানসভার অন্তর্গত। সেখানে শাসক দলের বিধায়ক নেই। সরকারি প্রকল্পের সঠিক বাস্তবায়ন হচ্ছে কি-না তদারকি করার কেউ নেই। কার্যত অভিভাবক হীন গোলাঘাটি বিধানসভা। এরফলে গোটা বিধানসভা এলাকায় যে যেমন খুশি মাতব্বরি করছে। মন্ডল কমিটি এ বিষয়ে নাক গলাতে চাইছে না। স্থানীয় পঞ্চায়েত গুলো নিস্ক্রিয়। মানুষের সমস্যা সমাধানের কোন উদ্যোগ নেই। এ কারণে বিধানসভার সার্বিক উন্নয়ন প্রায় স্তব্ধ বলা চলে। চারদিন ধরে শিশুদের পাতে খাবার জুটছে না। সবাই নীরব। প্রধান শিক্ষক মিথ্যার আশ্রয় নিয়ে ঘটনা আড়াল করতে চাইছে। জল নেই বলে দায়িত্ব এড়াতে চাইছেন তিনি। এই অরাজকতার বিরুদ্ধে প্রশাসনিক পদক্ষেপ গ্রহণের দাবি জানিয়েছেন অভিভাবকরা।

# তামাকমুক্ত গ্রাম গড়ার সভা

**নিজস্ব প্রতিনিধি, বিলোনিয়া, ১২ জুন।।** আজ চোত্তাখোলা প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র এর আওতাধীন গৌরাঙ্গবাজার হেলথ এন্ড ওয়েলনেস সেন্টার এ তামাক মুক্ত যুব অভিযানের অংশ হিসেবে তামাক মুক্ত গ্রাম হিসেবে গড়ে তোলার প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়। এই সভায় গৌরাঙ্গবাজার এইচডব্লিউসি-এর সিএইচও, সমস্ত ইনডোর এবং আউটডোর স্টাফ, ডিস্ট্রিক্ট কনসালটেন্ট, জাতীয় তামাক নিয়ন্ত্রণ কর্মসূচি, গৌরাঙ্গবাজার জিপি প্রধান, উপপ্রধান, পিআর বাড়ি এইচএস স্কুল প্রধান শিক্ষক এবং বলদখাল এসবি স্কুল প্রধান শিক্ষক, পঞ্চায়েত সচিব, কৃষি, পোস্ট অফিসের সমস্ত প্রাতিষ্ঠানিক ইনচার্জ উপস্থিত ছিলেন। তামাক আইনের অধীনে সমস্ত দিক মেনে আগামী এক মাসের মধ্যে গ্রামকে তামাকমুক্ত করার ব্যবস্থা ও সিদ্ধান্ত নেওয়া হয়েছে এবং কার্যক্রমগুলিকে এগিয়ে নিতে গ্রাম কর্তৃপক্ষের কাছে প্রচার সামগ্রী বিতরণ করা হয়েছে।

## নোটিশ

● প্রথম পাতার পর

দিকে সূর্য উদয়ের দৃশ্য, সারাদিন মেঘ রোদ্রের ঝলকানি, বিকালের দিকে ডুবন্ত সূর্যের নৈসর্গিক দৃশ্য রাজ্যের পর্যটকদের ব্যাপকভাবে আকৃষ্ট করছে দিনদিন। পর্যটকদের সংখ্যা দিন দিন বেড়েই চলেছে। দেশের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিজির নয় সাল উপলক্ষে বিকাশ তীর্থ কর্মসূচি খোয়াই জেলা বিজেপির পক্ষ থেকে মনটাং ভেলিকে কেন্দ্র করেই পালন করা হয়েছে। যাতে মনটাং ও তার আশপাশ এলাকার প্রাকৃতিক মনোরম পরিবেশের কথা শুধু রাজ্যেই নয় বহি রাজ্যের পর্যটকদেরও আকর্ষণ করে। নোনাছড়া এডিসি ভিলেজ এলাকায় তিনটি জে এফ এম সি কমিটি রয়েছে। বনদপ্তরের উদ্দেশ্য হল এই যে এফ এম সি কমিটির সদস্যদের জীবনযাত্রার মান আরো বাড়ানোর জন্য এখানকার প্রাকৃতিক পরিবেশকে ব্যবহার করে কিভাবে বাড়ানো যায় তার জন্য নানান পরিকল্পনা হাতে নিয়েছে। গত এডিসি নির্বাচনের কিছুদিন পর থেকেই মনটাং এ বনদপ্তরের জায়গায় রিসোর্ট তৈরীর কাজ করতে থাকে। একাধিকবার বনদপ্তর আধিকারিক মৌখিকভাবে বন আইন লঙ্ঘন না করার জন্য কমল কলই"কে সতর্ক করা হয়েছিল। গত বিধানসভা নির্বাচনের আগে কাজের গতি আরও বাড়িয়ে দিয়ে সেখানে নানান ধরনের নির্মাণ কাজ করা হয়েছে। অবশেষে বনদপ্তর এবার আইনি ব্যবস্থার দিকেই হাঁটতে শুরু করেছে। এরই প্রথম পদক্ষেপ হিসেবে আজ কারণ দর্শানো নোটিশ পাঠানো হয়েছে। এখন দেখার বিষয় আগামী দিনে এই বিষয়টিকে কেন্দ্র করে কোথাকার জল কোথায় গিয়ে দাঁড়ায়। এমনিতেই বিভিন্ন বিষয় নিয়ে তিপ্রামথা দল এ সময়ের মধ্যে ব্যাগ ফুটে রয়েছে, এখন দেখার বিষয় কমল কলই ইসুটা কিভাবে মোকাবেলা করে প্রদ্যুত বাহিনী। কমল কলইয়ের এভাবে বন আইনকে লংঘন করার বিষয়কে কেন্দ্র করে শাসক দল যে তীব্রভাবে মথাকে চেপে ধরবে তা কিন্তু বলাই বাহুল্য।

## চালক

● আটের পাতার পর

যান দুর্ঘটনার খবর পেয়ে তড়িঘড়ি তেলিয়ামুড়া অগ্নি নির্বাপক দপ্তরের কর্মীরা দুর্ঘটনার স্থলে পৌঁছে আহত ওই দু"জনকে উদ্ধার করে নিয়ে আসে তেলিয়ামুড়া মহকুমা হাসপাতালে। আহতদের মধ্যে আহত বাইক চালক মানিক কুমার জমাতিয়ার অবস্থা আশঙ্কাজনক হওয়াতে তেলিয়ামুড়া মহকুমা হাসপাতালে আহতের প্রাথমিক চিকিৎসার পর তাকে উন্নত চিকিৎসার জন্য রাজধানী আগরতলার ওঙ্ক হাসপাতালে রেফার করে দেয় তেলিয়ামুড়া মহকুমা হাসপাতালের কর্তব্যরত চিকিৎসক।

## উদ্বোধন

● আটের পাতার পর

হচ্ছেন। এই রাজ্যেও ১৩ লক্ষ আয়ুমান কার্ড দেওয়া হয়েছে। ২ লক্ষ সুবিধাভোগী ৩০০ কোটি টাকার আর্থিক সহায়তা পেয়েছেন। নতুন এই প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রটির ভালোভাবে রক্ষনাবেক্ষণের জন্য তিনি স্বাস্থ্যকর্মীসহ এলাকার সকলের প্রতি অনুরোধ জানিয়েছেন।
আজ দুপুরে কা'নমালা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র প্রাঙ্গণে নবনির্মিত ভবনটির আনুষ্ঠানিক উদ্বোধন করেন মুখ্যমন্ত্রী প্রফেসর ডাঃ মানিক সাহা। এই উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাজ্য বিধানসভার উপাধ্যক্ষ রামপ্রসাদ পাল, স্বাস্থ্য সচিব ড. দেবাশিস বসু, ডুকলি প'ায়েত সমিতির ভাইস চেয়ারম্যান দুলাল সরকার, বিশিষ্ট সমাজসেবী গৌরাঙ্গ ভৌমিক ও হিমানী দেববর্মা। স্বাগত বক্তব্য রাখেন পশ্চিম জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডাঃ দেবাশিস দাস। উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখেন স্বাস্থ্য সচিব দেবাশিষ বসু, বিশিষ্ট সমাজসেবী গৌরাঙ্গ ভৌমিক এবং রোগ প্রতিরোধক দপ্তরের ভারপ্রাপ্ত অধিকর্তা ডাঃ সুপ্রিয় মল্লিক।এলাকার ব্যাপক অংশের মানুষ এই উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

## অজিত দাস

● আটের পাতার পর

মানুষ অন্তত কৃষির কু প্রভাবের দ্বারা প্রভাব গ্রস্ত হয়ে বিভিন্ন রোগে রোগাক্রান্ত না হয় তার জন্য জৈবচাষকে আঁকড়ে ধরেছেন।
এই সময়ের মধ্যে গোটা রাজ্যের যে কয়েকজন কৃষক বিপরীত না ভিন্ন পদ্ধতি অবলম্বন করে সমাজের বাকি কৃষকদের কৃষিকে পথ দেখাচ্ছেন তাদের মধ্যে একজন তেলিয়াপাড়া মহকুমার এই উদ্যমী কৃষক অজিত দাস। ইতিমধ্যে বিভিন্নভাবে নিজের সচেতন হওয়ার পাশাপাশি অন্যদেরকে সচেতন হওয়ার প্রশ্নে কৃষি দপ্তরের পাশাপাশি অজিত দাস ও প্রশংসার নজির স্থাপন করেছে। আজকের এই প্রতিবেদনের মধ্যে দাঁড়িয়েও সমাজের অন্যান্য কৃষকদের উদ্দেশ্যে বার্তা দিতে গিয়ে অজিত দাসের স্পষ্ট বক্তব্য হচ্ছে সবাই যাতে অকুতোভয় চিত্তে জৈব সার প্রয়োগ করে কৃষি কাজে এগিয়ে আসেন। তিনি যথেষ্ট আত্মবিশ্বাসী জৈব সার ব্যবহারের মধ্য দিয়ে কৃষিকাজ করলে আগামী দিনে ফলন যেমন বৃদ্ধি পাবে, এর পাশাপাশি পরিবেশও সুরক্ষিত থাকবে। যেখানে কৃষি দপ্তর কারি কারি টাকা খরচ করেও বলা চলে জৈব সার ব্যবহারের মধ্য দিয়ে কৃষিতে সাধারণ মানুষকে উৎসাহিত করতে পারছেন না, সেখানটায় অজিত দাসের মত পরিবেশ দরদী কৃষকরা দৃষ্টান্ত হয়ে উঠুক এটাই এই প্রতিবেদনের মূল প্রতিপাদ্য বিষয়।

# করিমগঞ্জে বন্যা মোকাবিলায় প্রস্তুতি সম্পর্কে পর্যালোচনা বৈঠক জেলার অভিভাবক মন্ত্রী হাজরিকার

করিমগঞ্জ (অসম), ১২ জুন (হি.স.) : করিমগঞ্জ জেলার কোনও নদীবাঁধ উন্মুক্ত নেই। সব বাঁধ সংস্কার করা হয়েছে। গত বছর জেলায় বন্যা মোকাবিলায় প্রশাসন কর্তৃক গৃহীত পদক্ষেপে সন্তোষ ব্যক্ত করেছেন বিভাগীয় মন্ত্রী পীযূষ হাজরিকা।আজ সোমবার করিমগঞ্জ জেলায় বন্যা মোকাবিলায় প্রস্তুতি সংক্রান্ত এবং অন্যান্য বিষয়ে অনুষ্ঠিত পর্যালোচনা বৈঠক শেষে জেলার অভিভাবক তথা রাজ্যের জলসম্পদ, তথ্য ও জনসংযোগ, সংসদীয় পরিক্রমা ইত্যাদি বিভাগের মন্ত্রী পীযূষ হাজারিকা উপস্থিত সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে এ কথা জানান। এদিন বিকাল সাড়ে পাঁচটায় করিমগঞ্জে জেলাশাসকের কনফারেন্স হল-এ মন্ত্রী জেলাশাসক সহ জেলার বিভাগীয় বিভিন্ন স্তরের আধিকারিকদের সঙ্গে বন্যা মোকাবিলা সংক্রান্ত প্রস্তুতি খতিয়ে দেখতে পর্যালোচনা সভা করেন। সভায় পাথারকান্দির বিধায়ক কৃষ্ণেন্দু পাল, রাতাবাড়ির বিধায়ক বিজয় মালাকার, করিমগঞ্জের পুরপতি রবীন্দ্রচন্দ্র দেব, পুলিশ সুপার পার্থপ্রতিম দাস, জেলা পরিষদের সিইও রুথ লিয়ানথাং, ডিডিসি দীপক জিডুং, সকল এডিসি, সার্কল অফিসারগণ, সহকারী আয়ুক্ত সহ বিভাগীয় কর্তারা উপস্থিত ছিলেন।সভায় জেলাশাসক মৃদুল যাদব পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে জেলায় বন্যা পরিস্থিতি মোকাবিলার জন্য গৃহীত প্রস্তুতির বিবরণ তুলে ধরেন। এতে জলসম্পদ বিভাগে মজুত জিও ব্যাগ সহ অন্যান্য বন্যা প্রতিরোধী সামগ্রীর খতিয়ান তুলে ধরা হয়। মন্ত্রী পর্যালোচনা করতে গিয়ে ওই সামগ্রীগুলি যথাযথ ব্যবহার এবং জরুরিকালীন পরিস্থিতিতে এগুলো প্রস্তুত রাখতে নির্দেশ দেন। এদিকে মন্ত্রী স্বাস্থ্য বিভাগকে প্রয়োজনীয় ওষধপত্র সহ চিকিৎসকদের নিয়মিত কর্তব্যের তালিকা প্রস্তুত করে রাখতে নির্দেশ দেন। পাশাপাশি তিনি মুখ্যমন্ত্রীর নির্দেশের পরিপ্রেক্ষিতে পূর্ত বিভাগকে জেলার ভাঙা ও গর্ত সংবলিত সড়কগুলিকে অতি শীঘ্র মেরামত করতে নির্দেশ দিয়েছেন মন্ত্রী হাজরিকা। এতে পশু পালন ও পশু চিকিৎসা বিভাগকে বন্যা পরিস্থিতিতে পশু খাদ্য ও প্রয়োজনীয় ওষধপত্রের ভাণ্ডার প্রস্তুত রাখতে নির্দেশ দেন মন্ত্রী। সভায় মন্ত্রী খাদ্য ও অসামরিক সরবরাহ বিভাগকে অন্তত ১০ দিনের খাদ্য ভাণ্ডার জেলায় মজুত রাখরা ব্যাপারে সুনিশ্চিত করতে বলেন তিনি। আজকের সভায় মন্ত্রী করিমগঞ্জ শহর সংলগ্ন কুশিয়ারা নদীবাঁধে নবনির্মিত পাকা রিটেইনিং দেওয়ালের খোঁজ নেন। পাশাপাশি বদরপুর, পাথারকান্দি, রাতাবাড়ি ও জেলার অন্যান্য স্থানে প্রতিটি নদীবাঁধের খোঁজখবর নিয়েছঠেন পর্যালোচনা বৈঠকে। এর আগে এদিন মন্ত্রী জেলার ছয়জন সুবিধাভোগীকে আয়ুষ্মান ভারত প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনায় ৫ লক্ষ টাকা পর্যন্ত বিনামূল্যে চিকিৎসার কার্ড আনুষ্ঠানিকভাবে তুলে দেন।

## প্রদ্যোতের

● প্রথম পাতার পর

আত্মীয় নানা প্রশ্নে জর্জরিত করেছে এবং জনজাতিদের নিয়ে তিনি যে খেলা খেলছেন তা নিয়েও কটাক্ষ করতে ছাড়েননি। এরপরেও কিভাবে প্রদ্যুৎ মুখ ঘুরিয়ে থাকবেন তা নিয়ে যখন দলের মধ্যেই চর্চা শুরু হয়েছে এই বিষয়টি আঁচ করতে পেরেই এবার সরাসরি ফেসবুকে লিখে নিজের প্রতিক্রিয়া ব্যক্ত করলেন।

শুধু তাই নয় সমাবেশ কে ঘিরে দু-দুটি দলীয় কার্যালয় ভাঙচুর, অগ্নিসংযোগ এবং দলের কর্মী-সমর্থকদের ওপর আক্রমণের অভিযোগ উঠেছে তখন মুখ বুঝে থাকতে পারলেন না মথার সুপ্রিমো। সূত্রের খবর এক প্রকার দলীয় কর্মীদের চাপে পড়ে শেষ পর্যন্ত নিজের ফেসবুকে মুখ খুলতে বাধ্য হলেন প্রদ্যুৎ। এবার দেখার বিষয় এই প্রশ্নগুলোর উত্তর খুঁজতে মথার নেতৃত্ব কি ভূমিকা নেয? গ্রেটার তিপ্রালান্ড, সাংবিধানিক সমাধান ও ইন্টার লোকেটর বিষয়ে শেষ পর্যন্ত সমাধান সূত্র না পেয়ে এবার শাসক দল বিজেপির উপর কামান দাগানো নিয়ে ও বিরোধী রাজনৈতিক মহলে চর্চা শুরু হয়েছে। তবে আগামী দিনে এই ইস্যুতেই জোরদার আন্দোলনের পথেই হাঁটছে মথা। দলের শীর্ষ নেতৃত্বের কথা থেকে তা পরিষ্কার।

## বিরুদ্ধে

● প্রথম পাতার পর

মধ্যে মোবাইলে অনলাইন এর মাধ্যমে কলকাতা বারাসাত কদম গাজী এলাকায় এক কম্পিউটার সংস্থার সঙ্গে পরিচয় হয় তার। এরপর কথাবার্তা হয় সেই সংস্থার সঙ্গে। সেই সংস্থা বলেছে তাকে তিন মাস পর্যন্ত কম্পিউটার প্রশিক্ষণ দেবে।

এরপর একেবারে ধীরে ধীরে ইঞ্জিনিয়ারিং পর্যন্ত পড়তে পারবে। সে তার বাবা মাকে অনেক বুঝিয়ে সাজিয়ে রাজি করে। তিন মাস পূর্বে বাবা এবং প্রীতম রেলের মাধ্যমে কলকাতা শিয়ালদা স্টেশন পর্যন্ত যায়। এরপর ওই কোম্পানির একজন লোক তার নাম অর্পণ সেন। অর্পণ সেনের হাতে প্রীতমকে তুলে দেয়। ছেলেটির বাবাও সঙ্গে যেতে চেয়েছিল। কিন্তু কম্পিউটার ওই সংস্থার লোক ছেলেটির বাবাকে সঙ্গে নেয়নি।

প্রীতমের বাবার কাছে ৩৭ হাজার টাকা দাবি করে। অনেক কষ্ট করে প্রীতমের বাবা ২৫ হাজার টাকার মত ওই সংস্থাকে দিয়েছে। তিন মাস অতিক্রান্ত হয়ে গিয়েছে এখন ছেলেকে তারা ছাড়ছে না আটকে রেখেছে। সমস্ত কিছু বিশ্রামগঞ্জ থানায় জানিয়েছে নাবালক ছেলেটির বাবা-মা। বিশ্রামগঞ্জ থানার পুলিশ পুরো ঘটনা নিয়ে তদন্ত শুরু করেছে এবং কলকাতা বারাসাত কদমগাছি এলাকার থানার সঙ্গে যোগাযোগ করার চেষ্টা করছে।

## একাধিক

● প্রথম পাতার পর

ভুগছে। তাই তাঁদের আরো দাবি, এক দুই মাসের জন্য নিয়োগের বদলে টানা ১১ মাস অথবা নিয়মিত করা হোক।

## কৃষিমন্ত্রী

● প্রথম পাতার পর

এবং ফল উৎপাদন করা যায় তা নিয়েও আলোচনা হয়েছে। তাছাড়া এদিন বৈঠকে অতিরিক্ত ফলন সংক্রান্ত এবং বীজ ব্যবস্থাপনা পদ্ধতিও কাজে লাগানোর বিষয়ে আধিকারিকদের নির্দেশ দেওয়া হয়েছে।

# দুই গোষ্ঠীর মারামারি

বাসন্তী, ১২ জুন (হি. স.) সোমবার সকালে বাসন্তীর কাঁঠালবেড়িয়া গ্রাম পঞ্চায়েতের সরদার পাড়া গ্রামে তৃণমূলের দুই গোষ্ঠীর সংঘর্ষের ঘটনায় এলাকায় উত্তেজনা ছড়ায়। দুজন যুব তৃণমূল কর্মীকেমারধর করার অভিযোগ ওঠে এলাকার তৃণমূল কর্মীদের বিরুদ্ধে। যুব তৃণমূল কর্মী লুৎফর সরদার ও ইউসুফ সরদার আহত হয়েছেন। তাঁদেরকে বাসন্তী গ্রামীণ হাসপাতালে নিয়ে যাওয়া হলে অবস্থার অবনতি হওয়ায় ক্যানিং মহকুমা হাসপাতালে স্থানান্তরিত করা হয়।

## র‍্যালী

● প্রথম পাতার পর

এটি উমাকান্ত স্কুল ময়দান থেকে শুরু হয়ে শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে রবীন্দ্র শতবার্ষিকী ভবনের সামনে এসে শেষ হয়। রেলির আনুষ্ঠানিক সূচনা করে মেয়র দীপক মজুমদার বলেন কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকার শিক্ষা উন্নয়নে বহুমুখী পরিকল্পনা গ্রহণ করে কাজ করছে। শিক্ষার্থীদের সঠিক শিক্ষায় শিক্ষিত করার লক্ষ্যেই এই ধরনের পরিকল্পনা নেওয়া হয়েছে। রেলিকে কেন্দ্র করে ছাত্র-ছাত্রীদের মধ্যে বিপুল উৎসাহ উদ্দীপনা পরিলক্ষিত হয়।

## গাড়ি চালক

● প্রথম পাতার পর

তল্লাশি চালিয়ে ৫০০ ময়দার বস্তা থেকে ৮৪ কার্টুন বেআইনি এসকফ বাজেয়াপ্ত করতে সক্ষম হয়েছে বলে জানিয়েছেন তিনি। সাথে গাড়ির চালককে আটক করা হয়েছে।

তিনি আরও জানিয়েছেন, ধৃত গাড়ির চালক অন্ধ্র প্রদেশের মেধাক এলাকার বাসিন্দা মহম্মদ সাহানুজ(৪০)। তাকে থানা নিয়ে জিজ্ঞাসাবাদ চালানো হচ্ছে। বাজেয়াপ্ত এসকফের বাজার মূল্য আনুমানিক এক কোটি পয়ত্রিশ লক্ষাধিক টাকা হবে বলে জানিয়েছেন তিনি।

## দিল্লী গেলেন

● প্রথম পাতার পর

এদিকে মুখ্যমন্ত্রী আরো জানান মঙ্গলবারই প্রধানমন্ত্রীর সঙ্গে বৈঠকের সময় ধার্য হয়েছে। এই বৈঠকে প্রশাসনিক ও সাংগঠনিক বিষয়ে তাদের কথা হতে পারে। এদিকে আগামী ১৬ জুন রাজ্যে আসবেন বিজেপি-র রাষ্ট্রীয় সভাপতি জে পি নাড্ডা। এদিন প্রদেশ নেতৃত্বদের সঙ্গে বৈঠক করবেন। এরপর ১৭ জুন একটি দলীয় কর্মসূচীতে অংশ নেবেন। সেদিনই ফিরে যাবেন বলে জানান মুখ্যমন্ত্রী ডাঃ মানিক সাহা।

# টিএফডিপিসির এমডি-কে ডেপুটেশন রাবার শ্রমিকদের

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১২ জুন।।** রাজ্যের বিভিন্ন স্থানে সরকারি রাবার বাগান গুলি জবর দখলকারীদের কাজ থেকে মুক্ত করে শ্রমিকদের কর্মসংস্থান নিশ্চিত করার দাবি জানিয়ে টিএফডিপিসির ম্যানেজিং ডিরেক্টর এর কাছে সোমবার ডেপুটেশন ও স্মারকলিপি প্রদান করেছে ত্রিপুরা জনতা রাবার মজদুর সংঘ। রাজ্যের বিভিন্ন স্থানে হাজার হাজার হেক্টর রাবার বাগান জবরদখল করে নিয়েছে একাংশের লোকজন। এর ফলে টি এফ ডিপিসি পরিচালিত রাবার বাগান গুলিতে কর্মসংস্থানের সুযোগ ক্রমশ হ্রাস পাচ্ছে। ফলে রাবার বাগানের শ্রমিকরা অসহায় হয়ে পড়তে শুরু করেছেন। উদ্ভূত পরিস্থিতিতে জবরদখলকৃত রাবার বাগান গুলি দখলমুক্ত করে টি এফ ডিপিসির অন্তর্ভুক্ত করার জোরালো দাবী জানিয়েছে ত্রিপুরা জনতা রাবার মজদুর সংঘ। সংগঠনের পক্ষ থেকে মোট ১২ দফা দাবিতে সোমবার ম্যানেজিং ডিরেক্টর এর কাছে ডেপুটেশন ও স্মারকলিপি প্রদান করা হয়েছে। অবিলম্বে এ ব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য সংগঠনের তরফ থেকে জোরালো দাবি জানানো হয়েছে।

# আর কে নগরে টিএসআর ক্যাম্পে রক্তদান শিবির অনুষ্ঠিত

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১২ জুন।।** এক- দুই মাসের মধ্যে প্রচুর পরিমাণে ড্রাগস বাজেয়াপ্ত হয়েছে রাজ্যে। নেশা বিরোধী প্রচার কর্মসূচীতে সবচেয়ে বেশি যোগদান রয়েছে ত্রিপুরা পুলিস টি এস আরের। সোমবার একথা বললেন রাজ্য পুলিসের মহানির্দেশক অমিতাভ রঞ্জন।
আর কে নগর টি এস আর দ্বিতীয় ব্যাটেলিয়নের কার্যালয়ে হয় রক্তদান শিবির। পুলিস মহানির্দেশক ছাড়াও টি এস আরের পদস্থ আধিকারিকরা উপস্থিত ছিলেন। জওয়ান ও পরিবারের সদস্যরা এতে রক্তদান করেন। উদ্বোধন প্রশিক্ষণ কেন্দ্রের। এসবের সূচনা করেন পুলিস মহানির্দেশক।ড্রাগসের বিরুদ্ধে সচেতনতা গড়ে তুলতে এদিন একটি নাটকও মঞ্চস্থ করেন প্রয়াস কর্মসূচীর অঙ্গ হিসেবে। শিবিরে বেশ উৎসাহ নিয়ে রক্তদান করেন জওয়ানরা। মহানির্দেশক অমিতাভ রঞ্জন বলেন, প্রয়াসের মাধ্যমে রক্তদান শিবির জারি থাকবে।

# খোয়াইয়ে স্বাস্থ্য বিষয়ক জেলা টাস্ক ফোর্সের বৈঠক অনুষ্ঠিত

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১২ জুন।।** খোয়াই জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিকের কার্যালয়ের উদ্যোগে সম্পতি জেলা প্রশাসনের কনফারেন্স হলে জেলা টাস্ক ফোর্সের এক সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ছিলেন তেলিয়ামুড়া মহকুমার অতিরিক্ত মহকুমা শাসক রাকেশ চক্রবর্তী, খোয়াই মহকুমা প্রশাসনের ডি সি হেমন্ত ধর, খোয়াই ব্লকের বিডিও অভিজিৎ দাস, জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডা. নির্মল সরকার, ডিপিএম প্রনয় কুমার দেববর্মণ, জেলা হাসপাতাল সুপার ডা. রাকেশ দেববর্মা, জেলা সমাজকল্যাণ ও সমাজশিক্ষা অধিকারিক সুজিৎ দাস প্রমুখ। সভায় জেলা মুখ্যস্বাস্থ্য আধিকারিক ডা. নির্মল সরকার আলোচনা অংশ নিয়ে গর্ভবতী মহিলা ও শিশুদের সঠিক সময়ে টিকা নেবার উপর গুরুত্বারোপ করেন। জেলা ইম্যুনাইজেশন অফিসার ডা. বিক্রম দেববর্মা জানান, গত অর্থবছরে জেলায় ৯১ শতাংশ গর্ভবতী মহিলাকে টিকাকরণ করা হয়েছে। জেলায় শিশুদের জন্মকালীন হেপাটাইটিস বি, ওপিবি টিকাকরণ করা হয়েছে ৯৯ শতাংশ। এছাড়া ও পি ভি-১ টিকাকরণ ৯৯ শতাংশ শিশুকে, ওপিভি ৯৯ শতাংশ শিশুকে, রুটা-১ টিকাকরণ ৯৯ শতাংশ শিশুকে, রুটা-৩ টিকাকরণ ৯৬ শতাংশ শিশুকে, এম আর - টিকাকরণ ১০৪ শতাংশ শিশুকে, এম আর-২ টিকাকরণ করা হয়েছে ১০২ শতাংশ শিশুকে। এছাড়া জেলায় গত অর্থবছরে শূন্য থেকে ১ বছরের ১০৪ শতাংশ শিশুকে সম্পর্ণ ভাবে টিকাকরণ করা হয়েছে। সভায় বিভিন্ন হাসপাতালের মেডিক্যাল অফিসারগণ উপস্থিত ছিলেন।

## বিধানসভার

● প্রথম পাতার পর

দিনে ডিজিটালাইজেশন একটি গুরুত্বপূর্ণ বিষয়। বর্তমান তথ্য প্রযুক্তির যুগে যতক্ষন না পর্যন্ত ডিজিটালাইজেশন হবে ততক্ষন আমাদের অসুবিধায় পড়তে হবে।ই—বিধানসভার মাধ্যমে বিধানসভায় সময় যেমন কম লাগবে, তেমনি পেপারলেস বিধানসভায় সাশ্রয়ও হবে অনেক। পুরো ডিজিটাল হয়ে যাবে বিধানসভা অধিবেশন।

# ড্রোন ক্যামেরা উড়িয়ে মনোনয়ন বিজেপির, বাজেয়াপ্ত করল পুলিশ

মথুরাপুর, ১২ জুন (হি. স.) ড্রোন ক্যামেরা উড়িয়ে মনোনয়নপত্র জমা বিজেপি প্রার্থীদের। প্রশাসনের নজরে আসতে সেই ড্রোন বাজেয়াপ্ত করলো পুলিশ। সোমবার দক্ষিণ ২৪ পরগনার মথুরাপুর ১ ব্লকে দেখা গেলো এমনই দৃশ্য। বিজেপির দাবি মনোনয়ন জমা দিতে এলে বিজেপি প্রার্থীদের কাগজপত্র কেঁড়ে নেওয়া হচ্ছে। তাঁদেরকে মারধর করা হচ্ছে। পুলিশ, প্রশাসনের সামনে এই ঘটনা ঘটলেও তাঁরা কোন উদ্যোগ গ্রহণ করছেন না। সেই কারণেই এই ড্রোন ক্যামেরার ব্যবস্থা করা হয়েছে।সোমবার সকাল থেকেই জেলার বিভিন্ন প্রান্তের মতো মথুরাপুর ১ ব্লকে মনোনয়ন জমা দেওয়ার জন্য প্রচুর মানুষের ভিড় লক্ষ্য করা যায়। গত দুদিন এখানে বিরোধী দলের প্রার্থীরা মনোনয়ন জমা দিতে এলে তাঁদেরকে মারধর করে কাগজপত্র কেঁড়ে নেওয়া হয় বলে অভিযোগ। পুলিশ প্রশাসনকে জানিয়েও কোন লাভ হয়নি। আর সেই কারণে নিজেদের নিরাপত্তার প্রয়োজনে এদিন ড্রোন ক্যামেরা উড়িয়ে মনোনয়ন জমা দেওয়ার ব্যবস্থা করেছিলেন বিজেপি প্রার্থীরা। কিন্তু বিষয়টা প্রশাসনের নজরে আসতে তাঁরা সেই ড্রোন নামিয়ে আনেন ও বাজেয়াপ্ত করেন। বিজেপির মথুরাপুর সাংগঠনিক জেলার জেলা সভাপতি প্রদ্যুত বৈদ্য জানান, "প্রশাসন বিজেপির প্রার্থীদের মনোনয়নপত্র জমা করতে সমস্যা করছে, সেজন্য বিজেপির পক্ষ থেকে এলাকায় ড্রোন ক্যামেরা উড়িয়ে নজরদারি চলছিল।" যদিও এ বিষয়ে পুলিশের তরফ কোন প্রতিক্রিয়া মেলে নি।

াঙ্গন

# বৃষ্টি বিঘ্নিত জে সি লীগ : ১ম ইনিংসে লিড নিয়ে ইউনাইটেড ফ্রেন্ডস-এর তিন পয়েন্ট

## জেসিসি: ১০১, ১২৯/৯ ইউ. ফ্রেন্ডস: ১৫০,

ক্রীড়া প্রতিনিধি আগরতলা, ১২ জুন।। বৃষ্টি বিঘ্নিত তিন দিনের ম্যাচ ড্র তে নিষ্পত্তি হয়েছে। তবে প্রথম ইনিংসে লিড নেওয়ার সুবাদে ইউনাইটেড ফ্রেন্ডস ৩ পয়েন্ট পেয়েছে। জয়নগর ক্রিকেট ক্লাবকে প্রথম ম্যাচের মতো এক পয়েন্ট নিয়েই সন্তুষ্ট থাকতে হয়েছে। এমবিবি স্টেডিয়ামে ত্রিপুরা ক্রিকেট অ্যাসোসিয়েশন আয়োজিত টুর্নামেন্টের দ্বিতীয় রাউন্ডের খেলা আজ ড্র-তে শেষ হয়েছে। বৃষ্টির থাবায় প্রথম দিনের মতো তৃতীয় দিনও আজ সোমবার অনেকটা ভেস্তে গেলেও দ্বিতীয় দিন তুলনামূলক একটু বেশি খেলা সম্ভব হয়েছিল। প্রথম দিনে ৮ উইকেটের পতন এবং দ্বিতীয় দিনে ১৪ উইকেট এর পতন পর মনে হয়েছিল আজ তৃতীয় দিনে খেলার ফয়সালা হবে। কিন্তু তৃতীয় দিনও অনেকটাই ভেস্তে গেছে বৃষ্টির কারণে।

শনিবার ম্যাচ শুরুতে টস দিতে জেসিসি প্রথমে ব্যাটিং এর সিদ্ধান্ত নেয়।

কিন্তু বৃষ্টি বিঘ্নিত প্রথম দিনে ২৭ ওভার খেলে আট উইকেট হারিয়ে ৬৯ রান সংগ্রহ করতে সক্ষম হয়। রবিবার, দ্বিতীয় দিনে জেসিসি ১০১ রানে ইনিংস শেষ করলে জবাবে ইউনাইটেড ফ্রেন্ডস ৩২.৫ ওভার খেলে ১৫০ রানে তাদের দ্বিতীয় ইনিংসে গুটিয়ে নিতে বাধ্য হয়।

৪৯ রানে লিড পায় ইউনাইটেড ফ্রেন্ডস। জেসিসি দ্বিতীয় ইনিংসের খেলা শুরু করে দ্বিতীয় দিনের খেলা শেষ হওয়া পর্যন্ত সময়ে ২০ ওভার ব্যাটিংয়ের সুযোগ পেয়েছিল। দুই উইকেট হারিয়ে ২৫ রান সংগ্রহ করেছিল। আজ, মঙ্গলবার তৃতীয় তথা অন্তিম দিনে ৫৪.৪ ওভার খেলে ৭ উইকেট হারিয়ে ১০৪ রান যোগ করে ১২৯ রানে পৌছলে বৃষ্টিতে ম্যাচ থেমে যায়। পরবর্তী সময় আর খেলার পরিস্থিতি তৈরি হয়নি।

সামগ্রিক খেলায় ইউনাইটেড ফ্রেন্ডসের শুভম ঘোষের ৩৯ রান এবং রজত দের ৩৬ রান এবং জেসিসি-র নিরুপম সেনের ৩৯ রান উল্লেখযোগ্য। বোলারদের মধ্যে ইউনাইটেড ফ্রেন্ডস-এর ঋত্বিক শ্রীবাস্তব ১৭ রানে চারটি উইকেট তুলে নিয়ে ম্যান অফ দ্যা ম্যাচের খেতাব পেয়েছে। এছাড়া, শুভম ঘোষ এবং জেসিসি-র শঙ্কর পালও চারটি করে উইকেট পেয়েছে।

# বাংলাদেশে রেটিং দাবা সম্পন্ন সাফল্য পেলো মেট্রিক্সের অনুরাগ

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ১২ জুন।। সাফল্য পেলো মেট্রিক্স চেস আকাদেমির দাবাড়ু অনুরাগ ভট্টাচার্য। আসরে অনূর্ধ-১৫০০ রেটিং বিভাগে প্রথম স্থান পেলো অনুরাগ।

বাংলাদেশের ঢাকায় অনুষ্ঠিত মানহাস কাসেল ১৬তম ফিডে রেটিং দাবা প্রতিযোগিতায়। দুদিনব্যাপী অনূর্ধ-২১০০ রেটিং ওই দাবার আসর শুরু হয়েছিলো ৯ জুন। তাতে ৮৩ জন দাবাড়ু অংশ নিয়েছিলো।

এরমধ্যে ভারতীয় দাবাড়ুর সংখ্যা ছিলো ৯ জন। আসরে ৬ রাউন্ডে ৩ পয়েন্ট অর্জন করে অনুরাগ। দুটি ম্যাচে জয়, দুটি ম্যাচে পয়েন্ট ভাগ এবং দুটি ম্যাচে পরাজিত হয় অনুরাগ (১২০৮)। ফি ডে আরবিটর অনুপম ভট্টাচার্য-র একমাত্র ছেলে অনুরাগ প্রথম রাউন্ডে স্বাগতিক দেশের মনি মনিরুজ্জমানকে (১৭০৮) পরাজিত করার পর দ্বিতীয় রাউন্ডে ওই দেশেরই দিন মহম্মদকে (১৮১১) পরাজিত করে। তৃতীয় রাউন্ড বাংলাদেশের দেলওয়ার হুসেনের (১৯৩৩) পয়েন্ট ভাগ করার পর চতুর্থ রাউন্ডে হোচট খায় বাংলাদেশের ক্যান্ডিডেট মাস্টার দাবাড়ু সাজিদ সাকলেন মুস্তফার (১৯৪৩) বিরুদ্ধে।

পঞ্চম রাউন্ডে বাংলাদেশের মহ: নাসিম হুসেন ভুইয়ানের (১৮৩৩) বিরুদ্ধে পয়েন্ট ভাগ করার পর ষষ্ঠ রাউন্ডে ভারতের দিয়া চৌধুরির (১৮০৫) কাছে হেরে যায় অনুরাগ। ৬ রাউন্ডে ৩ পয়েন্ট পেয়ে অনূর্ধ-১৫০০ বিভাগে প্রথম স্থান দখল করে সে। সুবাদে প্রাইজমানি বাবদ পায় ২ হাজার টাকা। আসর থেকে ১১৩ রেটিং বাড়ায় মেট্রিক্স চেস আকাদেমির গর্ব ওই দাবাড়ুটি। দুরন্ত সাফল্যে অনুরাগকে অভিনন্দন জানিয়েছেন মেট্রিক্স চেস আকাদেমির কোচ প্রসেনজিৎ দত্ত এবং কিরীটী দত্ত।

# বৃষ্টির থাবায় অমীমাংসিত লীগ ম্যাচ ১ম ইনিংসে এগিয়ে স্ফুলিঙ্গের ৩ পয়েন্ট

## কসমোপলিটন- ১৪১ও ১২৯/৬ স্ফুলিঙ্গ- ২১৩

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ১২ জুন।। অমিমাংশিতভাবে শেষ হলো ম্যাচ। প্রথম ইনিংসে এগিয়ে থাকার সুবাদে ৩ পয়েন্ট পেলো স্ফুলিঙ্গ। দুই ম্যাচ থেকে দীপক ভাটনাগরের দলের পয়েন্ট ৬। খেতাব নির্ণায়ক ম্যাচে স্ফুলিঙ্গ মুখোমুখি হবে ইউনাটেড ফ্রেন্ডসের। রাজ্য ক্রিকেট সংস্থা আয়োজিত জে সি লিগ ক্রিকেটে। আসরের দ্বিতীয় ম্যাচ, কসমোপলিটন এবং স্ফুলিঙ্গের ম্যাচটি শেষ হয় অমিমাংশিত ভাবে। নরসিংগড় পুলিস ট্রেণিং আকাদেমি মাঠে কসমোপলিটনরে গড়া ১৪১ রানের জবাবে স্ফুলিঙ্গ প্রথম ইনিংসে ২১৩ রান করেছিলো। ৭২ রানে পিছিয়ে থেকে বৃষ্টির জন্য যখন তৃতীয় দিনের খেলা শেষ হয় তখন জে সি সি ৬ উইকেট হারিয়ে ১২৯ রান করে। দ্বিতীয় দিনের ৩ উইকেটে ১৪ রান নিয়ে খেলতে নেমে সোমবার আরও ৩৯ ওভার খেলা হয়। এরপরই শুরু হয় মুষলধারে বৃষ্টি। ফলে আর খেলা শুরু করা সম্ভব হয়নি। পরাজয়ের গভীর খাদ থেকে কসমোপলিটনকে এদিন কার্যত লড়াইয়ে রাখেন তন্ময় ঘোষ।

দুরন্ত ব্যাট করে দলকে শুধু অর্ধশতরান করেননি তন্ময়, দলকেও পরাজয়ের হাত থেকে কার্যত রক্ষা করেন। তন্ময় ১১৯ বল খেলে ৬ টি বাউন্ডারি ও ১ টি ওভার বাউন্ডারির সাহায্যে ৬২ রানে এবং চন্দন রায় ৫১ বল খেলে ২ টি বাউন্ডারির সাহায্যে ২১ রানে অপরাজিত থেকে যান। এছাড়া দলের পক্ষে দলনায়ক পল্লব দাস ৩১ বল খেলে ৫ টি বাউন্ডারির সাহায্যে ২৪ রান করেন। স্ফুলিঙ্গের পক্ষে দীপ্তনু চক্রবর্তী (৪/৪২) সফল বোলার।

## কাজল মেমোরিয়াল অনূর্ধ ১৪ স্কুল ফুটবলের ভাইটাল ম্যাচ আজ

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ১২ জুন।। গুরুত্বপূর্ণ ম্যাচ আজ। রাজ্য ফুটবল সংস্থা আয়োজিত কাজল স্মৃতি অনূর্ধ-১৪ আন্ত: স্কুল ফুটবলের সুপার লিগে। গুরুত্বপূর্ণ ওই ম্যাচে মুখোমুখি হবে সেন্ট পলস স্কুল এবং সুধন্য দেববর্মা স্মৃতি স্কুল। উমাকান্ত মিনি স্টেডিয়ামে আজ বিকেল ৪ টায় শুরু হবে ম্যাচটি। উমাকান্ত ইংলিশ মিডিয়াম স্কুলকে বড় ব্যবধানে হারিয়ে মনোবল অনেকটা বাড়িয়ে নিয়েছে সেন্ট পলস স্কুলের ফুটবলাররা। অপরদিকে গ্রুপ লিগে অপ্রতিরোধ্য থাকা সুধন্য দেববর্মা স্কুল সুপারের প্রথম ম্যাচেই আত্মসমর্পন করে মতিনগর স্কুলের বিরুদ্ধে। ফলে খেতাবের লড়াইয়ে টিকে থাকতে হলে সুবোধ দেববর্মার দলের সামনে জয় ছাড়া বিকল্প কোনও পথ নেই। তা ভালো করেই জানে সুধন্য দেববর্মা স্মৃতি স্কুলের ফুটবলাররা। দুদলই সোমবার শেষ প্রস্তুতি সেরে নেয়। আজ ফেভারিট হিসাবেই মাঠে নামবে সেন্ট পলস স্কুল। বখিরাই দেববর্মার ছেলেরা গতি, দক্ষতা এবং শক্তি- তিন বিভাগেই এগিয়ে থেকে মাঠে নামবে সুবোধ দেববর্মার ছেলেদের থেকে। তবে বিনা লড়াইয়ে এক ইঞ্চি জমি ছাড়তে নারাজ সুধন্য দেববর্মা স্মৃতি স্কুলের ফুটবলাররা। ফলে লড়াই হবে জমজমাট তা বলা বাহুল্য। ফুটবল প্রেমীরাও আজ ভালো খেলা দেখা নিয়ে আশাবাদী।

**NIT NO: e-PT-07/EE/RD/MNU/D/2023-2, dt. 12-06-2023**

On behalf of the Governor of Tripura, the Executive Engineer, R D Manu Division, Government of Tripura invites percentage rate separate e-tender (both Technical and Financial bid) for | Construction work (2"™ call) under RD Manu Division from the eligible bidders in PWD form-9 | Up to 26/06/2023 at 2.00 PM as per following terms condition as well as DNIT. For details visit website- https://tripuratenders.gov.in and contact at M- 9436124338. Any subsequent corrigendum will be available in the website only.

*NO NEGOTIATION WILL BE CONDUCTED WITH THE LOWEST BIDDER*

ICA/C-959/23

For and on behalf of Governor of Tripura
Er. Biney Kr-Jamatia
Executive Engineer
RD Manu Division,Dhalai

**NOTICE INVITING e-TENDER**

**PNIe-T No:- 20 /EE/PNIe-T/MECH.DIVN/AGT/2023-24 Dated :- 06/06/2023**

The Executive Engineer, Mechanical _ Division, Agartala on behalf of the 'Governor of Tripura', invites online item rate e-tender in single bid system from eligible Contractors/Firms/Public Owners/Agencies of appropriate class registered with PWD/TTAADC/MES/CPWD/Railway/ Other State PWD for the following work:

Name of work: Repairing, maintenance cf Road Construction machineries, Government vehicles repairing, Air Conditioning system, Lifts, Fire Fighting systems, Road rollers repairing, ADM plant etc. in respect of PWD(R&B), Law Department, Health Department, General Administrative Departments etc. within the jurisdiction of Gomati & South Tripura District for the year 2023-24/Hiring of 1(one) No. commercial Vehicle (Maruti Eeco) with driver and having commercial license and purchased not earlier than the year 2018 for official use of the S.D.O (Mechanical) PWD(R&B), Mechanical Sub-Division Udaipur, Gomati Tripura during the year 2023-24.

DNIeT No: 14 /EE/DNIeT/MECH.DIVN/AGT/2023-24.
Estimated Cost : Rs 5,81,000/-
Earnest Money : Rs 11,620/-
Bid Fee : Rs 1,000/-
Last date & time for online Bidding: 27/06/2023 upto 3:00 PM
Note: The bid forms and other cetails inclading online activities should be done in the e-procurement portal https://tripuratenders.gov.in

ICA/C-955/23

Executive Engineer
Mechanical Division, PWD
Agartala

## দিল্লিতে আন্তর্জাতিক ক্যারাটে ২৫ সদস্যের রাজ্য দলের রওয়ানা

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ১২ জুন।। রওয়ানা হলো ত্রিপুরা দল। দিল্লির উদ্দেশ্যে। ওই রাজ্যে দুদিনব্যাপী সেইকোকাই ক্যারাটে ইন্টারন্যাশনাল ইন্ডিয়ার উদ্যোগে অনুষ্ঠিত হবে ইন্ডিয়া ইন্টারন্যাশনাল ক্যারাটে প্রতিযোগিতা। আসর শুরু হবে ১৭ জুন। তাতে অংশ নিতে সোমবার ২৫ সদস্যের ত্রিপুরা দল রওয়ানা হলো। দল নির্বাচক কমিটির আহ্বায়ক শুভজিৎ সরকার আসরে সাফল্য পাওয়া নিয়ে আশাবাদী। ত্রিপুরা দল: বিরাজ বনিক, শিবাঙ্গী দাস, আরিষ রায়, খাশ্মি কর, অপেক্ষা সাহা, সোহাগ দেবনাথ, মৃণ্ময়ী সূত্রধর,আদরিয়ান দেবনাথ, পরিধি সূত্রধর, ঋষিকেশ পাল, ময়ুক বিশ্বাস, প্রীয়াংশী সোম, জ্যাকন দেববর্মা, বিশ্বশ্রী দাস, সপ্তালি রায়, চিরস্মৃতা ভৌমিক,দেবলিনা সরকার, তন্মি দাস, শ্রীময়ী দেব, অম্বিকা নাহা, পঙ্কজ রায়, শিবরাম গৌর, চামন সিং গৌর। কোচ কাম ম্যানেজার: বাপন চক্রবর্তী।

## খেলাধুলার প্রযুক্তিগত চাহিদা বিষয়ক রিফ্রেশার কোর্স, কর্মশালা আজ সম্পন্ন

ক্রীড়া প্রতিধিনি, আগরতলা, ১২ জুন: খেলাধুলার প্রযুক্তিগত চাহিদার জন্য পুনর্নবিনকরন একান্তই আবশ্যক। এ বিষয়ে আয়োজিত কর্মশালা আগামীকাল শেষ হচ্ছে। যুব বিষয়ক ও ক্রীড়া দাপ্তরের উদ্যোগে ১২-১৩ জুন দুই দিন ব্যাপী খেলাধুলার প্রযুক্তিগত চাহিদা জন্যে রিফ্রেশার কোর্স কাম ওয়ার্কশপ চলছে খেজুর বাগানস্থিত শহীদ ভাগৎ সিং যুব আবাসে। এই কর্মশালায় রাজ্যের বিভিন্ন প্রান্তের পঞ্চাশ জন ক্রীড়া শিক্ষক শিক্ষিকা অংশ নেন। রবিবার সন্ধ্যায় শহীদ ভাগৎ সিং যুব আবাসের মিলন আয়তনে আনুষ্ঠানিক ভাবে এই কর্মশালার উদ্বোধন করেন যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের অধিকর্তা সত্যব্রত নাথ। শুরুতে সদ্য প্রয়াত শারীর শিক্ষক অসীম পালের স্মৃতির উদ্দ্যেশ্যে এক মিনিট নীরব থেকে শোক ও শ্রদ্ধা জানানো হয়। উক্ত অনুষ্ঠানে স্বাগত ভাষন দেন দপ্তরের সহ অধিকর্তা পাইমং মগ, তাছাড়া বিশেষজ্ঞ হিসেবে জয়পুর থেকে আগত মালব্য ন্যাশনাল ইনস্টিটিউট অব টেকনোলোজির ক্রীড়া আধিকারিক ডঃ সুবীর দেববাথ, স্পোর্টস ইঞ্জিনিয়ারিং এসোসিয়েশনের ফাউন্ডার ডাইরেক্টর ডঃ পিন্টু মোদক, সাইয়ের প্রাক্তন জিমন্যাস্টিক্স কোচ তথা অর্জুন পুরস্কার প্রাপ্ত জিম্যাস্ট মন্টু দেবনাথ সহ ক্রীড়া উপ-অধিকর্তা দেবাশীষ ভট্টাচার্য্য, সমীর দেব্বর্মা ও বিপ্লব কুমার দত্ত উপস্থিত ছিলেন। এই দুই দিনের কর্মযজ্ঞে ক্রীড়া শিক্ষকরা অনেক অজানা তথ্য জানতে পারেন যা আগামী দিনে নবিস খেলোয়াড়দের প্রশিক্ষনের উপযুক্ত ধারনা দেবে। আগামীকাল সন্ধ্যায় এই কর্মশালার সমাপ্তি ঘটবে।

## দ্বিতীয় ইংলিশ ক্লাব হিসেবে ট্রেবল জয়ের ইতিহাস গড়ল পেপ গুয়ার্দিওলার দল

ইস্তাম্বুল, ১ জুন (হি.স.): অবশেষে ম্যানচেস্টার সিটির হাতে ধরা দিল সেই 'সোনার হরিণ।' ম্যাড়মেড়ে প্রথমার্ধের পর প্রতিপক্ষের মুহূর্তের দুর্বলতায় ডেডলক ভাঙলেন রদ্রি। বাকিটা সময় ওই ব্যবধান ধরে রেখে প্রথমবারের মতো ইউরোপ সেরার মুকুট মাথায় তুলল ম্যানচেস্টারের ক্লাবটি। ইস্তানবুলের আতাতুর্ক অলিম্পিক স্টেডিয়ামে শনিবার রাতে চ্যাম্পিয়ন্স লিগের ফাইনালে ১-০ গোলে জিতেছে পেপ গুয়ার্দিওলার দল।

গুয়ার্দিওলার কোচিংয়ে গত ছয় বছরে ইংলিশ ফুটবলে একক আধিপত্য বিস্তার করেছে সিটি। এই সময়ে তারা জিতেছে টানা তিনবারসহ মোট পাঁচবার প্রিমিয়ার লিগ শিরোপা। সঙ্গে আরও অনেক ট্রফি। বাকি ছিল কেবল এই সর্বোচ্চ সাফল্য, সে প্রতীক্ষাও এবার তাদের শেষ হলো।

# টসিএ-র ব্যবস্থাপনায় ধর্মনগর পরিদর্শনে কোচ ল্যান্স ক্লুজনার

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ১২ জুন।। ক্রিকেট কোচ ল্যানক্লুজনার আজ, সোমবার ধর্মনগর পরিদর্শন করেন। সেখানে মূলতঃ স্টেডিয়াম, উইকেট, আউটফিল্ড সরেজমিনে দেখার পাশাপাশি সেখানকার ক্রিকেটারদেরও পরখ করে দেখেন। একইসঙ্গে তিনি দায়িত্বপ্রাপ্ত কোচ এবং প্রশিক্ষকদের সঙ্গে মতবিনিময় করেন। কথা বলেন সাপোর্ট স্টাফদের সঙ্গেও। কোথাও কোনও রকম অসুবিধা রয়েছে কিনা খতিয়ে দেখেন। সঙ্গে ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশনের সহ-সভাপতি তিমির চন্দ সহ অন্যান্য কর্মকর্তারাও উপস্থিত ছিলেন। পক্ষান্তরে হেড অফ দ্য কোচ ল্যান্স ক্লুজনার রাজ্যের জেলা স্তরে, তথা মহকুমা স্তরেও এ ধরনের প্রতিভা সম্পন্ন ক্রিকেটারদের সন্ধান রয়েছে বলে খুশি মনোভাব পোষণ করেন। উদীয়মান খেলোয়ারদের উপযুক্ত তালিমের মধ্য দিয়ে তাদের শিখরে তোলা সম্ভব হবে বলে যথেষ্ট সম্ভাবনার কথা ব্যক্ত করেন। সময় সুযোগ অনুযায়ী ল্যান্স ক্লুজনারকে নিয়ে ত্রিপুরা ক্রিকেটে এসোসিয়েশনের কর্মকর্তা বৃন্দ রাজ্যের আরও একাধিক জেলা ও সাব ডিভিশন স্তরে পরিদর্শন করবেন এবং প্রয়োজনীয় পরামর্শ গ্রহণ করবেন বলে সংবাদ সূত্রে খবর রয়েছে।


# বাজারে ক্রিকেট টুর্নামেন্টে জয় পেলো কসমোপলিটন

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ১২ জুন।। দলনায়ক রাজদ্বীপ দত্ত-র অলরাউন্ড পারফরম্যান্স। তাতে সহজ জয় পেলো কসমোপলিটন ক্লাব। পরাজিত করলো কুষারঘাট তরুণ সঙ্ঘকে। মহকুমা ক্রিকেট সংস্থা আয়োজিত চ্যালেঞ্জার ট্রফি সিনিয়র ক্রিকেটে। বাইখোরা স্কুল মাঠে অনুষ্ঠিত ম্যাচে কসমোপলিটন ক্লাব জয়লাভ করে ৭ উইকেটে। কুষারঘাট তরুণ সঙ্ঘের গড়া ১৫০ রানের জবাবে কসমোপলিটন ক্লাব ৩ উইকেট হারিয়ে জয়ের জন্য প্রয়োজনীয় রান তুলে নেয়। বিজয়ী দলের রাজদ্বীপ দত্ত প্রথমে বল হাতে ২ উইকেট নেওয়ার পর ব্যাট হাতে ঝড়ো ৭৯ রান করেন। সোমবার সকালে টসে জয়লাভ করে প্রথমে ব্যাট নিয়ে কুষারঘাট তরুণ সঙ্ঘ ৩২.৩ ওভারে সবকটি উইকেট হারিয়ে ১৫০ রান করে। দলের পক্ষে শুভঙ্কর দত্ত ৫২ বল খেলে ৫ টি বাউন্ডারি ও ২ টি ওভার বাউন্ডারির সাহায্যে ৩৯, অভিজিৎ দেবনাথ ৩১ বল খেলে ২ টি বাউন্ডারি ও ১ টি ওভার বাউন্ডারির সাহায্যে ২২, চন্দন নম: ১৯ বল খেলে ২ টি বাউন্ডারি ও ১ টি ওভার বাউন্ডারির সাহায্যে ২০ এবং অঙ্কিত পাল ১৭ বল খেলে ২ টি বাউন্ডারির সাহায্যে ১১ রান করেন। দল অতিরিক্ত খাতে পায় ২৭ রান। কসমোপলিটন ক্লাবের পক্ষে শুভম বিশ্বাস (৩/১১), প্রসেনজিৎ বিশ্বাস (২/১৪) এবং দলনায়ক রাজদ্বীপ দত্ত (২/২৭) সফল বোলার। জবাবে খেলতে নেমে ১২.১ ওভারে ৩ উইকেট হারিয়ে জয়ের জন্য প্রয়োজনীয় রান তুলে নেয়। দলের পক্ষে রাজদ্বীপ দত্ত ২৯ বল খেলে ৬ টি বাউন্ডারি ও ৮ টি ওভার বাউন্ডারির সাহায্যে ৭৯, জনক রিয়াং ১৪ বল খেলে ৬ টি বাউন্ডারি ও ১ টি ওভার বাউন্ডারির সাহায্যে ৩২ এবং রাহুল হুসেন ২০ বল খেলে ৬ টি বাউন্ডারির সাহায্যে ২৮ রান করেন। কুষারঘাট যুব সঙ্ঘের পক্ষে অঙ্কিত পাল (২/১০) সফল বোলার।

# রাজ্য ক্রীড়া দপ্তরের নির্দেশিকায় শারীর শিক্ষকদের কর্মস্থলে রদবদল

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ১২ জুন।। শারীর শিক্ষকদের কর্মস্থলের রদবদল করা হয়েছে। এর থেকেও বড়ো খবর রাজ্যের সবকটি জেলায় ৪১ টি স্পোর্টস কোচিং সেন্টারকে ডেডিকেটেড কোচিং সেন্টার হিসেবে ঘোষণা করা হয়েছে। দপ্তর থেকে প্রকাশিত তালিকা অনুযায়ী পি.আই, জুনিয়র পি.আই-রা নির্দিষ্ট কোচিং সেন্টারে ১৭ জুনের মধ্যে দায়িত্ব বুঝে নিতে বলা হয়েছে। রাজ্য সরকারের যুব কল্যাণ ও ক্রীড়া দপ্তরের পক্ষ থেকে আজ, সোমবার নম্বর এফ. ১(৭-৫)-ডি ওয়াই এর এস/ ইএসটিটি/ ২০২৩/ ৩৯০১-২৮ সেহামূলে, প্রচুর সংখ্যক জুনিয়র পি.আই এবং পি.আই-দের নির্দিষ্ট কোচিং সেন্টারে জয়েন করতে বলা হয়েছে। কে কোথায় রিপোর্ট করবে তাও নোটিশে উল্লেখ রয়েছে। যুব কল্যাণ ও ক্রীড়া দপ্তরের ওয়েবসাইটেও এই বিজ্ঞপ্তির বিস্তারিত দেওয়া হতে পারে। প্রতিটি জেলাতেই পি.আই ও জুনিয়র পি.আই-দের বদলির খবর রয়েছে। যেমন উত্তর জেলার ক্ষেত্রে পাঁচটি কোচিং সেন্টারে বিভিন্ন ইভেন্টে ১৫ জন শারীর শিক্ষক, ঊনকোটি জেলার ক্ষেত্রে পাঁচটি কোচিং সেন্টারে ১৪ জন, ধলাই জেলার ক্ষেত্রে সাতটি কোচিং সেন্টারে ১৩ জন, খোয়াই জেলার ক্ষেত্রে চারটি কোচিং সেন্টারে ১৬ জন, পশ্চিম জেলার ক্ষেত্রে সাতটি কোচিং সেন্টারে ২৭ জন, সিপাহী জলা জেলায় চারটি কোচিং সেন্টারে ১৬ জন এবং গোমতী জেলায় পাঁচটি কোচিং সেন্টারে ১২ জন এবং দক্ষিণ জেলায় চারটি কোচিং সেন্টারে ১৩ জন কে যথাসময়ে জয়েন করতে বলা হয়েছে।

# ১৫ অক্টোবর ইডেনে ভারত-পাক মহারণ, ওডিআই বিশ্বকাপের সূচি প্রকাশ্যে



মুম্বাই, ১২ জুন (হি.স.): টেস্ট চ্যাম্পিয়নশিপের পরেই ওডিআই বিশ্বকাপের সূচি প্রকাশ করার কথা ছিল বিসিসিআইয়ের। সেই মতো সূচি প্রকাশ করল বিসিসিআই। চলতি বছরের অক্টোবর-নভেম্বর মাসে ভারতের শুরু হচ্ছে বিশ্বকাপ। ভারত আয়োজক হলেও উদ্বোধনী ম্যাচ খেলছে না। প্রথম ম্যাচ হবে ডিফেন্ডিং চ্যাম্পিয়ন ইংল্যান্ড বনাম নিউজিল্যান্ডের মধ্যে। নরেন্দ্র মোদী স্টেডিয়ামে হবে এই ম্যাচ। ভারত অভিযান শুরু করবে এর তিনদিন পর। ৮ অক্টোবর চেন্নাইয়ে অস্ট্রেলিয়ার বিরুদ্ধে বিশ্বকাপের প্রথম ম্যাচ খেলার কথা রয়েছে ভারতের। যদিও প্রস্তাবিত সূচিতে দুটি সেমিফাইনালের ভেনু উল্লেখ নেই। ম্যাচ দুটি ১৫ ও ১৬ নভেম্বর খেলার কথা। ভারতীয় দল গ্রুপ পর্বের ম্যাচগুলি খেলবে ইডেন। ভারত মোট ন'টি ভেন্যুতে খেলবে।

ভারতের ম্যাচগুলি হবে:
*ভারত বনাম অস্ট্রেলিয়া, ৮ অক্টোবর: চেন্নাই
*ভারত বনাম আফগানিস্তান, ১১ অক্টোবর : দিল্লি
*ভারত বনাম পাকিস্তান, ১৫ অক্টোবর : আমেদাবাদ
*ভারত বনাম বাংলাদেশ, ১৯ অক্টোবর : পুনে
*ভারত বনাম নিউজিল্যান্ড, ২২ অক্টোবর : ধর্মশালা
*ভারত বনাম ইংল্যান্ড, ২৯ অক্টেবর : লখনউ
*ভারত বনাম কোয়ালিফায়ার টিম, ২ নভেম্বর : মুম্বই
*ভারত বনাম দক্ষিণ আফ্রিকা, ৫ নভেম্বর :
কলকাতা।
ভারত বনাম কোয়ালিফায়ার, ১১ নভেম্বর : বেঙ্গালুরু
পাকিস্তান গ্রুপ পর্বের
ম্যাচগুলি খেলবে মোট পাঁচটি ভেনুতে। ভারতের বিরুদ্ধে আমেদাবাদ ছাড়া পাকিস্তানের বাকি ভেনুগুলি হল-
*পাকিস্তান বনাম কোয়ালিফায়ার ১, ৬ অক্টোবর :হায়দরাবাদ।
*পাকিস্তান বনাম কোয়ালিফায়ার ২, ১২ অক্টোবর : হায়দরাবাদ।
*ভারত বনাম পাকিস্তান, ১৫ অক্টোবর : আমেদাবাদ।
*পাকিস্তান বনাম অস্ট্রেলিয়া, ২০ অক্টোবর : বেঙ্গালুরু।
*পাকিস্তান বনাম আফগানিস্তান, ২৩ অক্টোবর : চেন্নাই।
*পাকিস্তান বনাম দক্ষিণ আফ্রিকা, ২৭ অক্টোবর : চেন্নাই।
*পাকিস্তান বনাম বাংলাদেশ, ৩১ অক্টোবর : কলকাতা।
*পাকিস্তান বনাম নিউজিল্যান্ড, ৫ নভেম্বর : বেঙ্গালুরু।
*পাকিস্তান বনাম ইংল্যান্ড, ১২ নভেম্বর : কলকাতা।
অন্যান্য বড় ম্যাচগুলি হবে: ২৯ অক্টোবর ধর্মশালা, অস্ট্রেলিয়া বনাম নিউজিল্যান্ড ম্যাচ।
৪ নভেম্বর অস্ট্রেলিয়া বনাম ইংল্যান্ড ও ১ নভেম্বর নিউজিল্যান্ড ও দক্ষিণ আফ্রিকার দ্বৈরথ রয়েছে পুনেতে।

■ Phone : 9862797843/9436123720, e-mail : jagarandaily@gmail.com
■ Postal Regd. No. AGT/NE-928/2021- 2023



# তেলিয়ামুড়ায় ইলেকট্রিক রেলের পরিকাঠামোর কাজ নিয়ে অনিয়মের অভিযোগ

**নিজস্ব প্রতিনিধি, তেলিয়ামুড়া, ১২ জুন।।** বর্তমানে উত্তর-পূর্ব রেলের অন্তর্গত আগরতলা ধর্মনগর রেল ট্র্যাকের বিভিন্ন জায়গায় ইলেকট্রিক রেল লাইন সম্প্রসারণের প্রাথমিক স্তরের কাজ চলছে। যথারীতি কৃষ্ণপুর বিধানসভা কেন্দ্রের মাইগঙ্গা এলাকা এবং সন্নিহিত এলাকার যে রেল ট্র্যাক রয়েছে সেখানটাতেও কাজ চলছে বেশ কিছুদিন ধরেই। তবে বিগত বেশ কিছুদিন ধরে এলাকায় গুঞ্জন চলছিল সংশ্লিষ্ট কাজের গুণগত মান ভালো হচ্ছে না, ফলে সোমবার এলাকাবাসীরা সম্মিলিতভাবে কাজের স্থলে গিয়ে অভিযোগ করতে থাকেন যে যেরকম ভাবে বা যে মান বজায় রেখে কাজ হওয়ার কথা ছিল সেই মানের ধারে কাছেও কাজের বর্তমান অবস্থা থাকছে না।

এই কারণে এলাকাবাসীরা সম্মিলিতভাবে কাজ স্থগিত করে দেন। এলাকাবাসীরা সন্দেহ প্রকাশ করছেন, এখানে নির্মাণ কাজের বরাত প্রাপ্ত এজেন্সি বা ঠিকাদার যারাই রয়েছেন তারা এখানে বড় একটা গোজামিল করছেন। সাধারণ মানুষের কথা চিন্তা করে এবং সরকারের উন্নয়নমূলক কাজের উদ্দেশ্য যাতে কোনো ভাবেই ব্যার্থ না হয় সেই লক্ষ্যকে সামনে রেখে সোমবার এলাকাবাসীরা সম্মিলিতভাবে কাজ বন্ধ করে দেন এবং তারা দাবি করতে থাকেন যতক্ষণ পর্যন্ত না দায়িত্বপ্রাপ্ত বাস্তুকার ঘটনাস্থলে এসে নিশ্চয়তা প্রদান করবেন যে যেভাবে কাজ চলছে তা নিয়মের মধ্যেই রয়েছে, ততক্ষণ পর্যন্ত এই কাজ বন্ধ থাকবে। গোটা ঘটনার পরিপ্রেক্ষিতে এলাকায় মৃদু উত্তেজনা তৈরি হলেও আপাতত অপেক্ষা দায়িত্বপ্রাপ্ত বাস্তুকার বা ঊর্ধতন কর্তৃপক্ষের প্রতিনিধিরা কবে এসে গোটা বিষয় পর্যবেক্ষণ করে পরবর্তী সিদ্ধান্ত গ্রহণ করেন, তবে আপাতত কাজ বন্ধ থাকছে বলে খবর।




টিএফডিপিসির এমডি-কে ডেপুটেশন রাবার শ্রমিকদের। ছবি নিজস্ব।

# ল্যাম্পস ও প্যাক্সের উন্নয়নের জন্য বাস্তবমুখী চিন্তাধারা নিয়ে এগিয়ে আসতে হবে : সমবায়মন্ত্রী

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১২ জুন।।** ল্যাম্পস ও প্যাক্স গুলি হলো রাজ্যের সমবায় আন্দোলনের উন্নয়নের মূল চাবিকাঠি। ল্যাম্পস ও প্যা'রে উন্নয়নের মাধ্যমেই নির্ভর করে সমবায় ও গ্রামীণ এলাকার জনসাধারণের আর্থসামাজিক জীবনযাত্রার মানোন্নয়ন। তাই ল্যাম্পস ও প্যা'রে উন্নয়নের জন্য পুরোনো চিন্তাভাবনা, মানসিকতা থেকে বের হয়ে আসতে হবে। এরজন্য চাই বর্তমান পরিস্থিতিতে বাস্তবমুখী চিন্তাধারা। কুমারঘাট প্রাইমারি মার্কেটিং কো-অপারেটিভ সোসাইটি লিমিটেডের কনফারেন্স হলে আজ সমবায় দপ্তরের ঊনকোটি ও উত্তর জেলার পর্যালোচনা সভায় একথা বলেন সমবায়মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া। সভায় উপস্থিত ছিলেন ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দ দাস। পর্যালোচনা সভায় সমবায়মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়াকে সংবর্ধনা 'াপন করা হয়।

পর্যালোচনা সভায় বক্তব্য রাখতে গিয়ে সমবায় মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া বলেন, এই সভার পরেই রাজ্যের সবগুলি জেলার পর্যালোচনা সভা শেষ হবে। সভা থেকে আমরা সমবায় দপ্তরের ল্যাম্পস, প্যা' ও প্রাইমারি মার্কেটিংগুলির সমস্যা ও সম্ভাবনার দিকগুলি সম্পর্কে অবহিত হচ্ছি। পরবর্তী পর্যায়ে রাজ্যভিত্তিক পর্যালোচনা সভা করে নতুন নতুন পরিকল্পনা গ্রহণ করা হবে সমবায় আন্দোলনকে আরও শক্তিশালী এবং গ্রামীণ জনসাধারণকে সহায়তা দেওয়ার জন্য। তিনি বলেন, ল্যাম্পস ও প্যা'কে শুধু ব্যাঙ্ক থেকে ঋণ নিলেই চলবে না। সময়মতো ব্যাঙ্কের ঋণ যেমন পরিশোধ করতে হবে তেমনি উৎপাদনের কাজেও ল্যাম্পস ও প্যা'কে এগিয়ে আসতে হবে। সমবায়মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া আরও বলেন, রাজ্যে অনেক ল্যাম্পস ত্রিপুরা গ্রামীণ জীবিকা মিশনের উৎপাদিত সামগ্রীর কাঁচামাল সরবরাহ করে তাদের আয় বৃদ্ধি করছে। একাজে তিনি সমবায় সংস্থাগুলিকে আরও বেশি করে এগিয়ে আসতে আহ্বান জানান।

পর্যালোচনা সভায় কুমারঘাট প্রাইমারি মার্কেটিং কো-অপারেটিভ সোসাইটি লিমিটেডের চেয়ারম্যান শিবেন্দ্র ঘোষ বলেন, ল্যাম্পস ও প্যা'কে আর্থিকভাবে মজবুত করতে সবাইকে হাতে হাত মেলাতে হবে। পর্যালোচনা সভায় দুই জেলার ল্যাম্পস ও প্যা'র কর্মকর্তারাও তাদের মতামত রাখেন। সভায় প্রারম্ভিক বক্তব্য রাখেন সমবায় দপ্তরের নিয়ামক সাইফু মগ। পর্যালোচনা সভার শুরুতে সম্পতি বালেশ্বরে ভয়াবহ ট্রেন দুর্ঘটনায় নিহতদের প্রতি শোক জানিয়ে এক মিনিট নীরবতা পালন করা হয়।

# নাইট গাইডের মৃতদেহ উদ্ধার

**নিজস্ব প্রতিনিধি, বিরাশিমাইল, ১২ জুন।।** বিরাশিমাইল হোলি চাইল্ড স্কুলের নাইড গাইডের রহস্যজনক মৃত্যু ঘিরে এলাকায় ব্যাপক চাঞ্চল্য ছড়িয়ে পড়েছে। নিহত ব্যক্তির নাম সুশান্ত দে। বয়স ৩৮। সংবাদ সূত্রে জানা গিয়েছে অন্যান্য দিনের মতো গতকাল রাতেও তিনি স্কুলে যায় দায়িত্ব পালন করতে। কিন্তু, আজ সকালে তাকে তার ঘর থেকে মৃত অবস্থায় উদ্ধার করা হয়। পরিবারের দাবি,স্কুল কর্তৃপক্ষের কথাবার্তা রহস্যময়। আশঙ্কা করা হচ্ছে তাকে খুন করা হয়েছে। কারণ, সুশান্ত যে ঘরে ছিল সে ঘরের দরজা বাইরে থেকে লাগানো ছিল। পুলিশ অবশ্য মৃতদেহ উদ্ধার করে ময়না তদন্তের জন্য হাসপাতালে পাঠিয়েছে।

# ২০১৪ সালের পর থেকে উত্তর পূর্বাঞ্চলে উন্নয়নের নতুন সূর্য উদয় হয়েছেঃ প্রতিমা ভৌমিক

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১২ জুন।।** ২০১৪ সালের পর থেকে উত্তর—পূর্বাঞ্চলে উন্নয়নের নতুন সূর্য উদয় হয়েছে। আজ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর শাসনকালে নবম বর্ষপূর্তির উপলক্ষ্যে বড়জলা বিধানসভায় এক মাস ব্যাপী জনসম্পর্ক কর্মসূচিতে অংশ নিয়ে একথা বললেন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী প্রতিমা ভৌমিক। এদিন তিনি বলেন, প্রধানমন্ত্রী শাসনকালে ত্রিপুরায় তথা উত্তর পূর্বাঞ্চলে অভূতপূর্ব পরিবর্তন হয়েছে। প্রাকৃতিক ভাবে উত্তর পূর্বাঞ্চলে সূর্য উদয় হতো। কিন্তু ২০১৪ সালের পর উত্তর পূর্বাঞ্চলে উন্নয়নের নতুন সূর্য উদয় হয়েছে। এদিন তিনি আরও বলেন, ২০২৪ সালে জনজাতি মা-বোনেরা পুনরায় মোদী সরকার চাইছেন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নয় বছর শাসনে দু ধরনের উন্নয়ন হয়েছে ত্রিপুরায়। একদিকে যেমন মানুষের ব্যক্তিগতভাবে উন্নয়ন হয়েছে, অপরদিকে উন্নয়ন হয়েছে পরিকাঠামোর। তাই ত্রিপুরায় উন্নয়নের স্বার্থে তৃতীয় বারের জন্য নরেন্দ্র মোদীকেই প্রধান মন্ত্রী হিসেবে চাইছেন জনগণ।

# কোয়াইফাংয়ে বিজেপিতে যোগদান সভা অনুষ্ঠিত

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১২ জুন।।** কোয়াইফাং এডিসি ভিলেজে বিজেপির মন্ডল সভাপতির উদ্যোগে অনুষ্ঠীত হয় এক যোগদান সভা। ৩৮ জোলাইবাড়ী বিজেপির মন্ডল সভাপতি বিধানসভা নির্বাচনে জোলাইবাড়ী বিধানসভাকে বামেদের অপশাসন থেকে মুক্তিদিয়েছেন। বর্তমানে আসন্ন লোকসভা নির্বাচনে ভারতের প্রধানমন্ত্রী নেরন্দ্র মোদীর হাত শক্তকরতে দিবা রাত্র কাজ করেযাচ্ছে মন্ডল সভাপতি অজয় রিয়াং। বিধানসভা জয়ের আনন্দে মাতোয়ারাহয়ে নাথেকে জোলাইবাড়ী বিধানসভা কেন্দ্রের ও লোকজনদের সার্বিক উন্নয়নে কাজ করেযাচ্ছেন মন্ডল সভাপতি। এরইমধ্যে সংগঠনকে আরো শক্তিশালী করতে ও আসন্ন লোকসভা নির্বাচনে এডিসি এলাকাগুলিতে বিরোধী শুন্য করতে মাঠে নেমেছে মন্ডল সভাপতি। মন্ডল সভারতির উন্নয়মূলক কর্মসূচী ও উনার চিন্তাভাবনায় অনুপ্রানিতহয়ে পাহাড়ে তিপ্রা মথা ও সি পি আই এম দলের মধ্যে ভাঙ্গন ধরেছে। মন্ডল সভাপতির উদ্দ্যোগে সোমবার জোলাইবাড়ী কমিউনিটিহলে এক আলোচনাসভা ও যোগদান সভার আয়োজন করাহয়। আজকের আলোচনাসভার মাধ্যমে রাজ্য সরকার ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন উন্নয়নমূলক কর্মসূচীর কথা জনসন্মুখে তুলেধরাহয়। তার পাশাপাশি জোলাইবাড়ী বিধানসভা কেন্দ্রের বিধায়ক তথা মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া জোলাইবাড়ী বিধানসভা কেন্দ্রের সার্বিক উন্নয়নে কিকি কাজ করছে তার বিস্তারিত তথ্য তুলেধরাহয়। আজকের এই আলোচনা সভা শেষে অনুষ্ঠীতহয় যোগদানসভা। এই যোগদান সভায় ১৫৫ পরিবারের ৩২৫ জন ভোটার তিপ্রামথা ও সি পি আই এম দল ত্যাগকরে বিজেপিতে যোগদানকরেন। দলত্যাগীদের হাতে দলীয় পতাকাদিয়ে বরন করেনেন বিজেপির মন্ডল সভাপতি অজয় রিয়াং সহ অন্যান্যরা। আজকের এই কর্মসূচীতে বিজেপি কর্মীসমর্থকদের উপস্থিতির হারছিলো লক্ষ্যনীয়।

# কল্যাণপুরে কৃষকদের অনুপ্রেরণা অজিত দাস

**নিজস্ব প্রতিনিধি, তেলিয়ামুড়া, ১২ জুন।।** বর্তমান সময়ে আবহাওয়ার পরিবর্তিত পরিস্থিতির কারণে সামগ্রিক কৃষি ব্যবস্থা একটা জটিল পরিস্থিতির সম্মুখীন। বারবার কৃষি বিজ্ঞানী থেকে শুরু করে সমাজচিন্তকরা অভিমত ব্যক্ত করতে গিয়ে জানাচ্ছেন কৃষিতে অত্যধিক ফলন করতে গিয়ে মাত্রাতিরিক্ত রসায়নিক সার এবং কীটনাশকের ব্যবহারের ফলে পরিবেশ নিত্যনৈমিত্তিকভাবে তার ভারসাম্য হারাচ্ছে। এই জায়গায় দাঁড়িয়ে পরিবেশের সার্বিক পরিস্থিতিকে অনুকূল রাখার প্রয়োজনে জৈবিক পদ্ধতি অনুসরণ করে কৃষি কাজকে এগিয়ে নিয়ে যাওয়া অত্যন্ত প্রাসঙ্গিক। এই বিশেষ বিষয়কে লক্ষ্য রেখে সরকার তথা কৃষি দপ্তর বিভিন্নভাবে সচেতনতামূলক প্রয়াস জানিয়েছেন তার পরেও আমাদের সমাজের মধ্যে জৈবিক পদ্ধতি অনুসরণ করে বা জৈব সারের প্রয়োগের মধ্য দিয়ে কৃষিকাজ প্রায় দেখা যায় না বললেই চলে। এই জায়গায় দাঁড়িয়ে কল্যানপুর আর ডি ব্লকের অন্তর্গত দক্ষিণ ঘিলাতলী গ্রামের উদ্যোগী এবং অনুপ্রেরণাকারী কৃষক অজিত দাস সমাজকে আলো দেখাচ্ছেন।

এই সময়ের মধ্যে অজিত দাস কিভাবে জৈবিক পদ্ধতি অনুসরণ করে মিশ্র কৃষিকে ভর করে স্বনির্ভর হওয়া যায় তার উজ্জ্বল দৃষ্টান্ত হয়ে উঠেছেন এবং শুধুমাত্র নিজে জৈবিক সারের প্রতি আসক্ত হয়েছেন এমনটা না, অজিত বাবু চাইছেন আগামী দিনে যাতে করে ওনার গোটা এলাকার কৃষকরা উনাকে দেখে অনুপ্রাণিত হয়ে পরিবেশের প্রয়োজনে, নিজেদের প্রয়োজনে জৈবিক পদ্ধতিতে চাষবাসে মনোযোগী হন।

খবর সংগ্রহ করতে গিয়ে দেখা গেছে সম্পূর্ণ জৈবিক পদ্ধতিতে মোট ছয় কানি জমির উপরে মিশ্র চাষের অনবদ্ধ দৃষ্টান্ত স্থাপন করেছেন অজিত বাবু। ঋতুকালীন সবজি চাষ থেকে শুরু করে বিভিন্ন প্রজাতির হাঁস, মোরগ, কবুতর, মাছ চাষ, ড্রাগন ফলের চাষ, কাঁকরল , পটল সহ বিভিন্ন প্রকারের সবজি চাষ লেবু চাষ, মধুপোকা পালন সহ মোটামুটি সবমিলিয়ে বলা চলে পরিকল্পিতভাবে কিভাবে ফটো ফ্রেমের মত কৃষিকে উপস্থাপিত করা যায় তার উজ্জ্বল দৃষ্টান্ত দক্ষিণ ঘিলাতলীর অজিত দাস।

শুনছিলেন আপনারা দীর্ঘক্ষণ এই বার্তার মধ্য দিয়ে অজিত বাবু বারবার বলতে চাইছিলেন জৈব চাষে চাষবাস করাটা একদিকে যেমন লাভজনক বিষয়ক, অন্যদিকে পরিবেশের পক্ষে ইতিবাচক। পাশাপাশি জৈব সার নিয়ে কেন এতটা আত্মবিশ্বাসী হয়েছেন সেটা বলতে গিয়ে অজিত বাবু খোলাখুলি জানিয়েছেন উনি চোখের সামনে দেখেছেন উনার বাবা কিভাবে দুরারোগ্য ব্যাধিতে আক্রান্তিত হয়েছিলেন, সেই ক্ষেত্রে উনি সিদ্ধান্ত করেছেন আগামী দিনে যাতে ☛ ৬ এর পাতায় দেখুন

# আগরতলাবাসীকে জল যন্ত্রণা থেকে মুক্তি দিতে পরিস্কার করা হল দুটি খাল

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১২ জুন।।** শহরবাসীকে জল যন্ত্রণা থেকে এবার মুক্তি দেওয়ার জন্য দুটি খাল পরিষ্কার করা হয়েছে। সোমবার একথা বললেন পুর নিগমের মেয়র দীপক মজুমদার ।জল যন্ত্রণা থেকে শহরবাসীকে রক্ষা করার জন্য কাজ করে চলেছে বর্তমান আগরতলা পুর পরিষদ। পরিকল্পনা নিয়ে চলছে কাজ। এবছর প্রাক- বর্ষায় তেমন বৃষ্টি হয়নি। বর্ষাও এক সপ্তাহ দেরিতে প্রবেশ করেছে রাজ্যে। ভারি বৃষ্টি হলে মানুষ যাতে ভোগান্তিতে না পড়েন সেজন্য আগে থেকেই পুর নিগম ব্যবস্থা নিয়ে রেখেছে। সোমবার এক সাক্ষাৎকারে আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার বলেন, আখাউড়া ও কালাপানিয়া খাল এবছর বাইরের কোম্পানির দক্ষ শ্রমিক দিয়ে পরিষ্কার করা হয়েছে। পাশাপাশি আগরতলা শহরের সমস্ত ওয়ার্ডের মূল ড্রেন গুলি সাফাই করা হয়েছে। নিকাশি ব্যবস্থা অনেকটা উন্নত হয়েছে। শহরের জল যাতে দ্রুত বের করা যায় এজন্য ১৮ টি পাম্প রয়েছে। দুটি নতুন ভাবে বসানো হয়েছে।

# কাঞ্চন মালা প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের উদ্বোধন

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১২ জুন।।** রাজ্যের সমস্ত প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র এবং মহকুমা হাসপাতালগুলিকে ক্রমান্বয়ে উন্নত করা হবে। জেলা হাসপাতালগুলিতে ট্রমা সেন্টার চালু করা থেকে শুরু করে অন্যান্য সুযোগ সুবিধার ব্যবস্থা করা হচ্ছে, যাতে রাজ্যের প্রধান হাসপাতালগুলির উপর চাপ না পড়ে। আজ কা'নমালা প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের নবনির্মিত ভবনের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী প্রফেসর ডাঃ মানিক সাহা একথা বলেন। তিনি বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিও স্বাস্থ্য ব্যবস্থার উন্নতির উপর জোর দিচ্ছেন। রাজ্য সরকার স্বাস্থ্য ও শিক্ষার উন্নয়নের উপর বিশেষ গুরুত্ব দিয়ে কাজ করছে। মুখ্যমন্ত্রী বলেন, আগে কথায় কথায় চিকিৎসার জন্য বাইরে যেতে হত। বর্তমানে রোগীদের যাতে চিকিৎসার জন্য বাইরে যেতে না হয় তার জন্য প্রয়োজনীয় উদ্যোগ নেওয়া হয়েছে। ইতিমধ্যেই ৯টি সুপার স্পেশালিটি পরিষেবা চালু হয়েছে। রাজ্যেই এখন জটিল নিউরো, কার্ডিয়াক রোগের চিকিৎসা হচ্ছে। চিকিৎসক এবং স্বাস্থ্যকর্মীদের উদ্দেশ্যে মুখ্যমন্ত্রী বলেন, হাসপাতালকে মন্দিরের মতো ভাবতে হবে। নিজের মতো করে ভাবলেই পরিষেবা প্রদান সহজতর হয়। তিনি বলেন, আমাদের রাজ্যের ডাক্তারবাবুদের উপরও জনগণকে আস্থা রাখতে হবে এবং চিকিৎসকদেরও ঝুকি নিয়ে কাজ করতে হবে। তিনি বলেন, ডাক্তার, নার্স এবং স্বাস্থ্যকর্মীদের মানুষের সাথে ভালো ব্যবহার করা প্রয়োজন এবং সময়ের কাজ সময়ে শেষ করা দরকার। মুখ্যমন্ত্রী আয়ুমান ভারত প্রকল্পের জন্য প্রধানমন্ত্রীকে ধন্যবাদ জানান। তিনি বলেন, বিশ্বের এই বৃহত্তম প্রকল্পে দেশের অনেক মানুষ উপক'ত ☛ ৬ এর পাতায় দেখুন

# লক্ষ্মীছড়ায় মুদির দোকানে দুঃসাহসিক চুরি

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১২ জুন।।** লক্ষীছড়া বাজারে রাতের আধারে চুরি সংগঠিত করলো নিশিকুটম্বের দল। ঘটনার বিবরনে জানাযায় রবিবার রাত্র আনুমানিক ১টা নাগাদ শান্তির বাজার মহকুমার অন্তর্গত লক্ষীছড়া বাজারে বিকাশ বৈদ্যের মুদি দোকানে চুরি সংগঠিত করলো নিশিকুটম্বের দল। সোমবার সকালবেলায় দোকানে এসে চুরির বিষয়টি নজরে আসে দোকানের মালিকের। দোকানের শিলিং কেটে এই চুরি সংঘটিত করাহয়। এই চুরিকান্ডে নগদ আনুমানিক ৪ হাজার টাকা সহ দোকানের বিভিন্ন সামগ্রী মিলে প্রায় ১৫ থেকে ২০ হাজার টাকার সামগ্রী চুরি হয়ছে বলে জানাযায়। এই চুরিকান্ড সম্পর্কে সংবাদমাধ্যমের সামনে জানান দোকানের মালিক বিকাশ বৈদ্য। চোরকে আটক করে উপযুক্ত শাস্তি প্রদান করার জন্য দোকানের মালিক বিশেষভাবে আবেদন জানান। অপরদিকে ঘটনার খবরপেয়ে ঘটনাস্থলে উপস্থিত হয় বাইখোড়া থানার পুলিশ। পুলিশ ঘটনাস্থলে উপস্থিতহয়ে ঘটনাস্থল পরিদর্শনকরেন ও হাতে একটি মামলানিয়ে ঘটনার তদন্তে নেমেছেন।

# লরির ধাক্কায় গুরুতর আহত বাইক চালক

**নিজস্ব প্রতিনিধি, তেলিয়ামুড়া, ১২ জুন।।** লরির ধাক্কায় ভয়াবহ দুর্ঘটনার কবলে বাইক! গুরুতর আহত বাইকে থাকা দু''জন। ঘটনা, তেলিয়ামুড়া থানাধীন ৭ মাইল এলাকায় রবিবার রাতে।ঘটনার বিবরনে জানা যায়, ৭ মাইল এলাকায় রবিবার রাতে তেলিয়ামুড়া অম্পি সড়কে একটি দ্রুতগামী লরির ধাক্কায় ভয়াবহ যান দুর্ঘটনা কবলে পড়েটট্র ০৬ ঞ্ব ৯৫৬৮ নম্বরের একটি বাইক। গুরুতর আহত বাইকে থাকা দু''জন। দুর্ঘটনার বিকট শব্দে ছুটে আসে এলাকার লোকজন এবং তৎক্ষণাৎ খবর দেয় তেলিয়ামুড়া অগ্নি নির্বাপক দপ্তরের কর্মীদের। এই ☛ ৬ এর পাতায় দেখুন

# পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের স্বাস্থ্য বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১২ জুন।।** পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সভাকক্ষে সম্পতি স্বাস্থ্য বিষয়ক স্থায়ী কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন স্থায়ী কমিটির সদস্যা পাপিয়া দাস নন্দী। সভায় কমিটির অন্যান্য সদস্য-সদস্যাগণ সহ সংশ্লিষ্ট দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন। সভায় শিক্ষা দপ্তরের আধিকারিক জানান, সম্পতি রাঙ্গটিয়া জেবি স্কুলকে উচ্চবিদ্যালয়ে এবং পটুনগর হাইস্কুলকে উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে উন্নীত করা হয়েছে। চলতি অর্থবছরে পশ্চিম জেলায় ৪৮৭১টি বাইসাইকেল ছাত্রীদের মধ্যে বিতরণ করা হবে। এছাড়া প্রাক প্রাথমিকস্তর থেকে ত'তীয় শ্রেণী পর্যন্ত প্রতিটি বিদ্যালয়ে ছাত্রছাত্রীদের নিপুন ত্রিপুরা প্রকল্পে বাংলা ও অংক বিষয়ে শিক্ষা দেওয়া হবে। স্বাস্থ্য দপ্তরের আধিকারিক জানান, সুস্থ ত্রিপুরা ও শ্রেষ্ঠ ত্রিপুরা প্রকল্পে আগামী মাসে ৬ মাস বয়স থেকে ২০ বছর বয়স পর্যন্ত এবং ২১ বছর থেকে ৪৯ বছরের ব্যক্তিদের রক্ত পরীক্ষা নির্ণয়ের মাধ্যমে রক্তাল্পতা রোগ নির্ণয় ও চিকিৎসা পরিষেবা দেওয়া হবে। এছাড়া বিভিন্ন স্কুল ও অঙ্গনওয়াড়ি কেন্দ্রে ফলিক অ্যাসিড টেবলেট বিতরণ করা হবে। সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের প্রতিনিধি জানান, প্রধানমন্ত্রী মাত্র বন্দনা যোজনায় তপশিলী জাতি, তপশিলী জনজাতি সম্পদায় ভুক্ত মহিলা, দিব্যাঙ্গজন মহিলা, বিপিএল কার্ড ভুক্ত, ই-শ্রম কার্ড ভুক্ত, কিষাণ সম্মান নিধি সুবিধাভোগী, রেগাকার্ড ভুক্ত, আয়ুমান কার্ড ভুক্ত এবং পরিবারের বাৎসরিক আয় ৮ লক্ষ টাকার নীচে অন্তর্ভুক্ত গর্ভধারিনী মহিলারা সুবিধা গ্রহণ করতে পারবে। যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের আধিকারিক জানান, পশ্চিম জেলায় ১০টি ওপেন জিম খোলা হয়েছে এবং রাণীরবাজার বিদ্যামন্দির, নবগ্রাম উচ্চতর বিদ্যালয়, এডি নগর উচ্চতর বিদ্যালয় ও বি আর আম্বেদকর উচ্চতর বিদ্যালয় প্রাঙ্গণে কোচিং সেন্টার থাকবে। এছাড়া আগরতলা পুর নিগম এলাকায় ৪৯টি ওয়ার্ডে নেশামুক্ত ত্রিপুরার উপর সচেতনতামূলক কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে।

# আয়ুষ মিশনে ডাক্তারদের নিয়ে বিশেষ শিবির শুরু আগরতলায়




**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১২ জুন।।** সোমবার থেকে আগরতলায় শহীদ ভগৎ সিং যুব আবাসে রাজ্য আয়ুস মিশন এর উদ্যোগে আয়ুষের অন্তর্গত ডাক্তারদের নিয়ে ১৪ দিনের বিশেষ শিবিরের উদ্বোধন হয় । শিবিরে ৩৮ জন চিকিৎসক অংশগ্রহণ করেন। রাজ্যে চিকিৎসা ক্ষেত্রে আয়ুস মিশন বিশেষ ভূমিকা পালন করে চলেছে। রাজ্যের বিভিন্ন স্থানে আটত্রিশটি আয়ুশ চিকিৎসা। চিকিৎসা পরিষেবার পরিধি আরো বৃদ্ধি করার পরিকল্পনা নেওয়া হয়েছে। কেন্দ্রীয় সরকার আয়ুস চিকিৎসা ব্যবস্থাকে আরো জনপ্রিয় করে তোলার জন্য নানা পদক্ষেপ গ্রহণ করেছে। রোগীরা যাতে আয়ুশ মিশনের মাধ্যমে উন্নত আধুনিক চিকিৎসা ব্যবস্থার সুযোগ গ্রহণ করতে পারেন সেজন্য প্রয়োজনীয় কর্মসূচি গ্রহণ করা হয়েছে। এর অঙ্গ হিসেবেই রাজ্যের ৩৮ জন চিকিৎসক কে নিয়ে সোমবার থেকে আগরতলার ভগৎ সিং যুবক আবাসে ১৪ দিনব্যাপী বিশেষ শিবিরের আয়োজন করা হয়েছে। শিবিরে আয়ুস চিকিৎসকদের নানা বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হবে। প্রশিক্ষণ শিবিরের উদ্বোধনী অনুষ্ঠানে আয়ুশ মিশনের দিল্লি স্থিত কর্মকর্তারা সহ প্রতিটি মহকুমার দায়িত্বপ্রাপ্ত মহকুমা স্বাস্থ্য আধিকারিকরা উপস্থিত ছিলেন।

# অস্ট্রেলিয়ায় বিয়ের বাস দুর্ঘটনায় অন্তত ১০ জন নিহত, আহত আরও ২০

সিডনি, ১২ জুন (হি. স.) অস্ট্রেলিয়ায় একটি বিয়ের বাস দুর্ঘটনায় অন্তত ১০ জন মারা গেছেন। আহত হয়েছেন ২০ জনেরও বেশি। তাদের সবাইকে হাসপাতালে নেওয়া হয়েছে। রবিবার রাতে বিয়ের অনুষ্ঠান থেকে ফেরার পথে নিউ সাউথ ওয়েলসের হান্টার ভ্যালির গ্রেটার কাছে ওয়াইন কাউন্টি ড্রাইভে এসে তাদের বাসটি উল্টে যায়।

পুলিশ বলেছে, দুর্ঘটনার আশপাশের পরিস্থিতি তারা খতিয়ে দেখছে। ৫৮ বছর বয়সী বাসের চালককে গ্রেফতর করা হয়েছে। নিউ সাউথ ওয়েলসের পুলিশের ভারপ্রাপ্ত সহকারী কমিশনার ট্রেসি চ্যাপম্যান বলেছেন, বিয়ের অনুষ্ঠান শেষে অতিথিরা 'সম্ভবত থাকার জন্য' সিঙ্গেলটনের দিকে যাচ্ছিলেন। স্থানীয় সময় রাত সাড়ে ১১টার দিকে দুর্ঘটনাটি ঘটে। মূলত মহাসড়ক থেকে একটি গোলচত্বরে বাঁক নেওয়ার সময় বাসটি উল্টে যায়।

ট্রেসি চ্যাপম্যান বলেছেন, মৃতের সংখ্যা বাড়তে পারে। মোট ২৫ জনকে হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছে। তাদের মধ্যে দুইজনকে দুর্ঘটনাস্থল থেকে এয়ারলিফট করে নিয়ে যাওয়া হয়েছে। দুর্ঘটনাকবলিত বাসের নীচেও লোক আটকে থাকতে পারে বলে আশঙ্কা করছেন তিনি।

বাসটির চালককে গ্রেফতার করা হয়েছে জানিয়ে নিউ সাউথ ওয়েলসের পুলিশের এই কর্মকর্তা বলেন, বাসচালককে অভিযুক্ত করার জন্য পুলিশের কাছে পর্যাপ্ত তথ্য ছিল। সামান্য আঘাতের চিকিৎসার জন্য তাকে হাসপাতালে পাঠানো হয়েছে। এ ঘটনায় দুঃখ প্রকাশ করেছেন অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী অ্যান্থনি অ্যালবানিজ। তিনি বলেছেন, 'এমন একটি সুন্দর জায়গায় আনন্দের একটি দিনে এ ভয়ানক দুর্ঘটনা ও প্রাণহানির মধ্য দিয়ে শেষ হওয়াটা খুবই দুঃখজনক এবং অন্যায়'।

স্বত্বাধিকারী পরিতোষ বিশ্বাস কর্তৃক রেন্‌বো প্রিন্টিং ওয়ার্কস আগরতলা থেকে মুদ্রিত ও জাগরণ কার্যালয় এল এন বাড়ী লেইন, আগরতলা ত্রিপুরা থেকে প্রকাশিত। সম্পাদক-পরিতোষ বিশ্বাস।